




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৮ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 3 June 2022 ■ আগরতলা ৩ জুন, ২০২২ ইং ■ ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ, শুক্রবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







### আজ প্রার্থী ঘোষণা বিজেপির

# বুথ শক্তিশালী করুন, নেতা-কর্মীদের মন্ত্র দিলেন কৈলাশ বিজয়বর্গীয়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** বুথ শক্তিশালী হলেই নির্বাচনে জয় সহজে সম্ভব হবে। বিজেপি সর্ব ভারতীয় সভাপতির মন্ত্রেই রাজ্যে উপনির্বাচনে রণকৌশল স্থির হয়েছে। আজ দলের নির্বাচন প্রভারী কৈলাশ বিজয়বর্গীয় রাজ্যে এসেই দফাওয়ারী বৈঠক সেরেছেন। তাতে, বুথ শক্তিশালী করার পাঠ পরিয়েছেন। সে মোতাবেক সমস্ত বুথকে তিনটি ভাগে বিভক্ত করেছেন। বৈঠকে বিস্তারিত আলোচনার পর স্থির হয়েছে আগামীকাল উপনির্বাচনে চারটি আসনে প্রার্থী ঘোষণা দেবে বিজেপি।



বৃহস্পতিবার আগরতলায় একটি হোটেলে বিজেপির নির্বাচনী বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

সূত্রের খবর, প্রদেশ বিজেপির শীর্ষ নেতৃত্ব সমস্ত নতুনভাবে ঢেলে সাজানোর পক্ষেই সওয়াল করেছেন। তবে, দলের শীর্ষ স্তর থেকে নিচু স্তরের নেতা-কর্মীদের মধ্যে সমন্বয় বাড়ানোর উপরও জোর দেওয়া হয়েছে। দলীয় সূত্রের খবর,

☞ ৬ এর পাতায় দেখুন

## করোনায় আক্রান্ত সোনিয়া গান্ধী, আরোগ্য কামনা প্রধানমন্ত্রীর

**নয়াদিল্লি, ২ জুন (হি.স.)।।** করোনাভাইরাসে সংক্রমিত হয়েছেন কংগ্রেসের অন্তর্বর্তী সভানেত্রী সোনিয়া গান্ধী। সোনিয়ার শরীরে হালকা জ্বর ও করোনার মৃদু উপসর্গ রয়েছে বলে জানা গিয়েছে। নিজেকে আইসোলেশনে রেখেছেন তিনি।

বৃহস্পতিবার কংগ্রেস নেতা রণদীপ সুরেজওয়ালা জানিয়েছেন, 'কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধী করোনায় আক্রান্ত হয়েছেন। তাঁর শরীরে হালকা জ্বর ও করোনার মৃদু উপসর্গ রয়েছে। নিজেকে আইসোলেশনে রেখেছেন তিনি ও প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করা হচ্ছে

☞ ৬ এর পাতায় দেখুন

# চার মাস পর কবর থেকে তুলে শিশুর কঙ্কাল ময়নাতদন্তের জন্য পাঠাল পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** জলে ডুবে শিশু মৃত্যুর ঘটনার চার মাস পর কবর থেকে তুলে ওই শিশুর ময়না তদন্তের ব্যবস্থা করা হয়েছে। মূলত, উড়ো চিঠির উপর ভিত্তি করে শিশুর বাবা সন্তানের দেহের ময়না তদন্তের আর্জি জানিয়েছিলেন।

উত্তর ত্রিপুরা জেলা পুলিশ সুপার ওই আবেদনের ভিত্তিতে মাটি খুড়ে শিশুর দেহ বের করে ময়না তদন্তের জন্য ফরেন্সিকের কাছে পাঠানোর ব্যবস্থা করেছেন। ওই পদ্ধতি ব্যয় সাপেক্ষ হওয়ায় কিছুটা সময় লেগেছে। ধর্মনগর থানার সাব ইন্সপেক্টর স্বপন সিনহার তত্ত্বাবধানে ওই প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। ওই শিশুর কঙ্কাল মাটি খুড়ে বের হয়েছে।

প্রসঙ্গত, গত ৩১ জানুয়ারি ধর্মনগর থানাধীন পদ্মপুর হরিশচাঁদ রোডের বাসিন্দা সাগর নাথের আড়াই বছর বয়সী পুত্র সন্তান পুকুরের জলে পড়ে গিয়েছিল। ধর্মনগর জেলা হাসপাতালে নেওয়া হলে চিকিতকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। ওই ঘটনায় কারোর উপর সন্দেহ না থাকায় সাগর নাথ সন্তানের মৃতদেহের ময়না তদন্ত করাতে রাজি হননি। মৃতদেহ বাড়িতে এনে কবর দেন।

কিন্তু, কিছুদিন পর একটি উড়ো চিঠি পেয়ে তিনি বিচলিত হয়ে পড়েন এবং জেলা পুলিশ সুপারের কাছে মৃতদেহ ময়না তদন্তের ব্যবস্থা করার আর্জি জানান। এলাকাবাসীও জেলা পুলিশ সুপারের কাছে ওই ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান। ওই আবেদনের ভিত্তিতে কবর থেকে তুলে শিশুর মৃতদেহ ময়না তদন্তের ব্যবস্থা হয়েছে। কিন্ত ওই প্রক্রিয়া কিছুটা ব্যয় সাপেক্ষ হওয়ায় সময় লেগেছে। অবশেষে ১ জুন ধর্মনগর থানার সাব ইন্সপেক্টরের তত্ত্বাবধানে শিশুর মৃতদেহ কবর থেকে তুলে আগরতলায় ফরেন্সিক ল্যাবে পাঠানো হয়েছে। কবর থেকে ওই শিশুর হাড় তোলা সম্ভব হয়েছে।

## উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় আগ্রহী মথা সুপ্রিমো প্রদ্যোত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** রাজ্যে উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় আগ্রহী তিপরা মথা সুপ্রিমো তথা এমডিসি প্রদ্যোত কিশোর দেববর্মণ। জনজাতি আসনে উপনির্বাচন না হলেও এই মুহুর্তে নির্বাচনী লড়াইয়ের আদৌ প্রয়োজন রয়েছে, আজ এবং আগামীকাল দুইদিনের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হবে। লন্ডন থেকে ফিরে আগরতলা বিমান বন্দরে নেমেই একথা বলেন প্রদ্যোত।

প্রসঙ্গত, ত্রিপুরায় আগামী ২৩ জুন চারটি আসনে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। বিজেপি, কংগ্রেস, বামফ্রন্ট, তৃণমূল কংগ্রেস নির্বাচনী প্রস্তুতি শুরু করেছে। বহুমুখী লড়াইয়ে এখন তিপরা মথাও অংশীদার হতে চাইছে। এদিন প্রদ্যোত বলেন, উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা নিয়ে এখনো সিদ্ধান্ত হয়নি। আজ ও আগামীকাল দলের বৈঠকে এ-বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। কারণ, উপনির্বাচন জনজাতি সংরক্ষিত আসনে হচ্ছে না। সাধারণ এবং তপশিলি জাতি সংরক্ষিত আসনে

☞ ৬ এর পাতায় দেখুন

## জিবিতে সদ্যোজাত শিশুর মৃত্যু ঘিরে উত্তেজনা, চিকিৎসায় গাফিলতির অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** রাজধানীর প্রধান হাসপাতাল জিবির চিকিৎসা পরিষেবা নিয়ে আবারো প্রশ্ন উঠেছে। জিবি হাসপাতালে চিকিৎসকদের গাফিলতির কারণে সদ্যোজাত এক শিশু মৃত্যুর অভিযোগ উঠেছে। শিশুমৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে বৃহস্পতিবার জিবি হাসপাতাল চত্বরে তীব্র ক্ষোভ ও উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়। পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

সংবাদ সূত্রে জানা যায় সুমন দাসের স্ত্রী রূপা দাসকে জিবি হাসপাতালের প্রসূতি বিভাগের ভর্তি করা হয়েছিল। বুধবার সন্তান ভূমিষ্ঠ করে প্রসূতি মা। শিশুটি অসুস্থ হয়ে পড়ায় আইসিইউতে নিয়ে যাওয়া হয়। আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় শিশুটির মৃত্যু হয় বলে জানা যায়। এদিকে শিশুটির বাবা অভিযোগ করেছে আইসিওতে কর্মরত চিকিৎসকদের গাফিলতির কারণেই শিশুটির মৃত্যু হয়েছে। মৃত শিশুর বাবার অভিযোগ আইসিওতে সঠিক চিকিৎসা

☞ ৬ এর পাতায় দেখুন

## কেন্দ্রীয় সরকারের সাফল্য তুলে ধরলেন উপমুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** কেন্দ্রের বর্তমান সরকারের আট বছর পূর্ণ হয়েছে। এই আট বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার বহু জনকল্যাণমুখী সিদ্ধান্ত গ্রহণ করেছে। বৃহস্পতিবার বিজেপি রাজ্য কার্য্যালয়ে সাংবাদিক সম্মেলনে উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা বলেন, কেন্দ্রীয় সরকারের দেখানো পথেই চলছে রাজ্য সরকার। সুশাসন, সেবা ও গরীব কল্যাণের মানসিকতা নিয়েই কাজ করছে কেন্দ্র ও রাজ্য সরকার। সবকা বিকাশের লক্ষ্যই হল মূল উদ্দেশ্য। উপমুখ্যমন্ত্রী বলেন, আট বছরে ৫০টি বিধানসভা আসনে নির্বাচন হয়েছে। এর মধ্যে কংগ্রেস ৪১টিতে পরাজিত হয়েছে।

# উপনির্বাচন ঃ রাজ্যে চলছে রেকর্ড সন্ত্রাস, অভিযোগে সিপিআইএমের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** রাজ্যে চলছে রেকর্ড সন্ত্রাস। যদি বন্ধ না হয় তাহলে রাস্তায় নামবে সিপিআইএম। এভাবে চলতে থাকলে শ্রীলংকার মত হবে ত্রিপুরা। বৃহস্পতিবার সিপিআইএম রাজ্য কার্যালয়ে সাংবাদিক সম্মেলন করে এমনটাই জানান দলের রাজ্য সম্পাদক জীতেন্দ্র চৌধুরী।

মোহনপুর, রাজনগর, বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন না হলেও সেখানের মুখিয়াদের নেতৃত্বে চলছে সন্ত্রাস। মোহনপুর বিধানসভা কেন্দ্রের মুখিয়ার আইনমন্ত্রী তথা বিধায়ক রতন লাল নাথ এবং দক্ষিণ জেলার সহকারি সভাপতি বিভীষণ দাসের নেতৃত্বে যুবকরা সমাজদ্রোহীতে পরিণত হচ্ছে। বিধানসভা কেন্দ্রগুলিতে সন্ত্রাসের পরিবেশ সৃষ্টি করছে মুখিয়ারা। কিন্তু মানুষ যখন ঘর থেকে বের হবে, তখন শ্রীলংকার মতো হবে ত্রিপুরায়। তাই এসব অবিলম্বে বন্ধ করা দরকার।

বৃহস্পতিবার সিপিআইএম রাজ্য কার্যালয়ে সাংবাদিক সম্মেলন করে এমনটাই জানান দলের রাজ্য সম্পাদক জীতেন্দ্র চৌধুরী। উপনির্বাচন ঘোষণা হওয়ার পর আইন-শৃঙ্খলার অবনতি যে বৈচিত্র এবং ব্যাপকতা অতীতের সমস্ত গণ্ডি অতিক্রম করে চলেছে। ধলাই জেলার সালেমাতে গত ২৭ মে আক্রমণ সংঘটিত হয়েছে দীলিপ বৈদ্য নামে এক সি পি আই এম কর্মীর বাড়িতে।

তারপর ২৯ মে পঞ্চবঁটিতে সিপিআইএম কার্যালয়ের সামনে শহীদ অরুণ দেবের মূর্তি ভেঙে ফেলে। গত ৩০ মে প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক আগরতলার দিকে আসার পথে উদয়পুর জামজুড়িতে আক্রমণ করে দুর্বৃত্তরা। এগুলি দুর্বলতার লক্ষণ বলে জানান তিনি। পরিস্থিতি যদি অবিলম্বের নিয়ন্ত্রণে আনা হয় তাহলে রাস্তায় নামতে বাধ্য

☞ ৬ এর পাতায় দেখুন


দেশের সংকল্প
প্রতি যোজনার লাভ
১০০% কৃষক পর্যন্ত পৌঁছানো

সত্যমেব জয়তে
ভারত সরকার
आज़ादी का अमृत महोत्सव





● পিএম কিষাণ এর অধীন ১১ কোটির অধিক কৃষককে ৬ হাজার টাকা প্রতি বছর
● ২২.৯ কোটি স্বাস্থ্য কার্ড জারি
● কিষাণ ক্রেডিট কার্ড এর বিশেষ অভিযানের অধীন ৩.৩১ কোটির অধিক কৃষক যুক্ত হয়েছেন
● ই-লাভে ১ হাজার মন্ডি এবং ১ক্ষ৭৩ কোটি কৃষক যুক্ত হয়েছে, উচ্চ দামে কৃষি সামগ্রী বিক্রি হল সহজ
● কৃষি সম্পর্কিক পরিকাঠামোর উন্নয়নের জন্য ১ লক্ষ কোটি টাকার কৃষি পরিকাঠামো তহবিল
● দুগ্ধ উৎপাদনে ৪৪ শতাংশ বৃদ্ধি, বছরে ৮.৪ লক্ষ কোটি টাকার দুগ্ধ উৎপাদন যেখানে ৮ কোটি পশুপালক পরিবার যুক্ত
● ২.৫ কোটি জেলে ও মৎস্যচাষীকে আর্থিক ভাবে সুবিধার জন্য প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা
● পিএম কিষাণ মানধন যোজনায় নথিভুক্ত ছোট এবং প্রান্তিক কৃষকদের ৬০ বছর বয়সের পর ন্যূনতম ৩ হাজার টাকা প্রতিমাসে পেনশন




davp 22201/13/0027/2223

৮ সাল
सेवा, सुशासन
गरीब कल्याण

"কৃষকদের আয় বাড়ানো, ক্ষেতের খরচ কম করা, বীজ থেকে বাজার পর্যন্ত কৃষকদের আধুনিক সুবিধা প্রদান, এটি আমাদের সরকারের প্রাথমিকতা।"

—নরেন্দ্র মোদী

জাগরণ আগরতলা ◻ বর্ষ-৬৮ ◻ সংখ্যা২৪৫ ◻ ৩ জুন ২০২২ ইং ◻১৯ জ্যৈষ্ঠ◻শুক্রবার ◻১৪২৯ বঙ্গাব্দ

## কোভিড মৃত্যুর কারণ নিয়া দ্বিচারিতা

কোভিডে অতিরিক্ত মৃত্যুর তথ্য পেশ করিয়া 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা' বেজায় অস্বস্তিতে ফেলিয়া দিয়াছে কেন্দ্রীয় সরকারকে। কোভিডে মৃত্যুর প্রাথমিক পরিসংখ্যান সর্বত্রই কম-বেশি ছাপাইয়া গিয়াছে। সেই প্রেক্ষিতে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা 'হু'-র হিসাবে, ২০২০ ও ২০২১ সালে ভারতে কোভিডে মৃত্যুর সংখ্যা ৪৭ লক্ষ ৪০ হাজার। যাহা

সরকারের দেওয়া কোভিডে-মৃত্যুর হিসাবের দশ গুণ। অর্থাৎ, 'হু'-র দাবি অনুযায়ী, ভারতে ৯০ শতাংশ কোভিড-মৃত্যু সরকারের ঘরে নথিভুক্তই হয়নি।গত বছরের এখনই সময়ে যখন দেশে কোভিডের 'দ্বিতীয় ঢেউ' আছড়াইয়া পড়িয়াছিল, তখন একাধিক আন্তর্জাতিক সংস্থা দাবি করিয়াছিল যে, ভারতে কোভিডে মৃত্যুর সঠিক গণনা হইতেছে না। দ্বিতীয় ঢেউয়ের দিনগুলির সেই ভয়াবহ স্মৃতি কেউই হয়তো ভুলিতে পারেনি। বস্তুত, দেশে এমন পরিবারের সংখ্যা খুবই কম, যাহারা দ্বিতীয় ঢেউয়ে কোনও আত্মীয়-পরিজনকে হারায়নি। দেশের রাজধানীতে যমুনা নদীর তীর ধরিয়া গণচিতা জ্বলার দৃশ্য এখনও স্মৃতিতে জ্বলজ্বল করে। এইরকম গণচিতা দেশের বহু শহরে সেই সময়ে জ্বলিয়াছিল। উত্তরপ্রদেশে শ'য়ে-শ'য়ে কোভিডে মৃতর দেহ গঙ্গায় ভাসাইয়া দেওয়া হইয়াছিল। ১৪০ কোটির দেশে যখন মৃত্যু প্রায় ঘরে ঘরে, তখন সরকারি হিসাবে দ্বিতীয় ঢেউয়ে মৃতর সংখ্যাটা কী করিয়া দু'-তিন লাখের মধ্যে থাকে, সেই প্রশ্ন খুব বড় করিয়া দেখা দিয়াছিল বিশ্বে। সরকারের দেওয়া হিসাবে ২০২১ সালে দেশে কোভিডে মোট মৃত্যু হইয়াছে ৩ লক্ষ ৩২ হাজার মানুষের। 'হু' সম্প্রতি যে-তথ্য প্রকাশ করিয়াছে, তাহাতে বলা হইয়াছে, ২০২১-এ ভারতে কোভিড মৃত্যু সংখ্যাটা ৩৯ লক্ষের কম নয়। একই দাবি করা হইয়াছিল ২০২১-এর জুন মাসে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চিকিৎসা বিষয়ক পত্রিকা 'দ্য ল্যানসেট'-এ প্রকাশিত একটি নিবন্ধে। যাহা নিয়া ঝড় উঠিয়াছিল দেশে। মোদি সরকারের দাবি ছিল, তথ্যে বিকৃতি ঘটানো হইতেছে। 'হু'-র সাম্প্রতিক রিপোর্টের পরেও কেন্দ্রীয় সরকার তথ্যের সত্যতা নিয়ি প্রশ্ন তুলিয়াছে। যে গাণিতিক পদ্ধতিতে 'হু'-র বিশেষজ্ঞরা কোভিডে বিশ্বজুড়ে অতিরিক্ত মৃত্যুর সংখ্যা নিরূপণ করিয়াছেন, তাহাকেই মোদি সরকার ভুল বলিয়া উড়াইয় দিতেছে। কোভিডে মৃত্যুর সংখ্যা যে শুধুমাত্র ভারতেই কম করিয়া দেখানো হইয়াছে, তেমনটা কিন্তু 'হু'-র রিপোর্টে দাবি করা হয়নি। 'হু'-র হিসাবে বিশ্বে কোভিডে মৃত্যুর যে সংখ্যা বলা হইতেছে, বাস্তবে তাহার চেয়ে সংখ্যাটা এক কোটি বেশি। এই এক কোটির মধ্যে ৪৩ লক্ষ যে শুধু ভারতেই! অতিরিক্ত মৃত্যুর এই হিসাবে সরাসরি কোভিড ছাড়াও পরোক্ষভাবে কোভিডের কারণে ঘটা মৃত্যুকেও ধরা। ২০২০ ও ২০২১ সালে পৃথিবীতে তাহার আগের বছরগুলোর তুলনায় অতিরিক্ত যে মৃত্যু ঘটিয়াছে, তাহার সংখ্যা থেকেই গাণিতিক মডেল নির্মাণ করিয়া 'হু' কোভিডে মৃত্যুর সংখ্যা বাহির করিবার চেষ্টা করিয়াছে।

ভারতে সারা বছরে যত মানুষের মৃত্যু হয়, তাহাদের অর্ধেকই বাড়িতে মারা যায়। বাড়িতে মৃত্যুর ক্ষেত্রে অধিকাংশরই মৃত্যুর কারণ কোন রোগে- তাহা সঠিকভাবে নির্ণয় করা হয় না। বাড়িতে মৃত্যুর যে-ঘটনা ঘটে, তাহার সিংহভাগ সরকারিভাবে নথিভুক্তও হয় না। দেশের অসংখ্য প্রত্যন্ত এলাকায় এখন শ্মশানে দাহ করিতে গেলে বা কবর দেওয়ার জন্য মৃত্যু শংসাপত্রেরও প্রয়োজন হয় না। ফলে, কোভিডে মৃত্যুর ক্ষেত্রে সরকার সঠিক রিপোর্ট দেবে, এমনটা ভাবা কীভাবে সম্ভব? 'হু' তাহাদের এই অতিরিক্ত মৃত্যুর রিপোর্ট বাহির করিবার দু'দিন আগেই কেন্দ্রীয় সরকার ২০২০ সালে 'সিভিল রেজিস্ট্রেশন সিস্টেম'-এর তথ্য প্রকাশ করিয়াছে। কেন্দ্রের তরফে দাবি করা হইয়াছে, ২০২০ সালে দেশে যত মৃত্যু ঘটিয়াছে, তাহার ৯৯.৯ শতাংশই নাকি নথিভুক্ত হইয়াছে। সরকারের এই দাবি যে একেবারেই অবান্তর, তা নিয়া বিতর্ক করিবার কোনও মানেই হয় না। ২০২১-এর মে-জুন মাসে আমরা উত্তরপ্রদেশ ও বিহারে গঙ্গায় শ'য়ে-শ'য়ে মৃতদেহ ভাসিতে দেখিয়াছি। এই মৃতদেহগুলো কি সমস্ত সরকারি খাতায় নথিভুক্ত ছিল? যদি সরকারিভাবে এগুলো নথিভুক্ত মৃত্যু হইয়াই থাকে, তাহা হইলে নদীতে ভাসানোর কী প্রয়োজন ছিল? সেই প্রশ্নও প্রাসঙ্গিক হইয়া উঠিয়াছে।

কোভিডে-মৃতদের পরিবারকে সরকার ৫০ হাজার টাকা করিয়া ক্ষতিপূরণ দিয়াছে। আসলে, গোড়া থেকেই মোদি সরকারের তরফে চেষ্টা ছিল দেশে কোভিডে মৃত্যু কিছুটা কমাইয়া দেখানোর। লকডাউনের শুরুতে জাতির উদ্দেশে ভাষণ দিয়া মোদি বলিয়ছিলেন, লড়াইটা মাত্র সাতদিনের। কুরুক্ষেত্র যুদ্ধের চেয়েও কম সময়ের। মোদি সরকার সবসময়ই কোভিড মোকাবিলায় সরকারি ব্যর্থতার থেকে দেশের মানুষের চোখটা ঘুরাইয়া রাখিতে চাহিয়াছিল। দেশে স্বাস্থ্য পরিকাঠামোর যে কঙ্কালসার চেহারা, তাহা সরকারের তরফে আড়াল করিবার একটা তাগিদ ছিল। কোভিডের দ্বিতীয় ঢেউয়ে দেশজুড়ে অক্সিজেনের সংকট, ওষুধের সংকট, হাসপাতালে বেডের অভাব- চোখে আঙুল দিয়া 'প্রকৃত' ছবিটা দেখাইয়া দিয়াছে। এটা ঠিক যে, কোভিড মোকাবিলায় 'হু'-র ভূমিকা নিয়েও অনেক প্রশ্ন রহিয়াছে। 'হু'-প্রধানের বহু মন্তব্য সংস্থার বিশ্বাসযোগ্যতাকে প্রশ্নের মুখে ঠেলিয়া দিয়াছে। সংক্রমণের গোড়ায় 'হু' প্রধান বলিয়াছিলেন, 'করোনাভাইরাস মানুষ থেকে মানুষে ছড়ায় না।'

## মুসওয়ালা হত্যাকাণ্ড: তিহার জেলে সম্পত নেহরাকে ফিরিয়ে আনল পঞ্জাব পুলিশ

নয়াদিল্লি, ২ জুন(হি.স) : পঞ্জাবের গায়ক সিধু মুসেওয়ালা খুনের ঘটনায় সম্পত নেহরাকে তিহার জেলে ফিরিয়ে আনল পঞ্জাব পুলিশ। বৃহস্পতিবার পঞ্জাব পুলিশ মুসওয়ালা হত্যা মামলায় তিহার জেলে বন্দি সম্পাত নেহরাকে জিজ্ঞাসাবাদ করেছে। সম্পাত নেহরা কুখ্যাত গ্যাংস্টার লরেন্স বিষ্ণোইয়ের সহযোগী। তার সঙ্গী গোল্ডি ব্রার একটি ফেসবুক পোস্টের মাধ্যমে মুসেওয়ালা হত্যাকাণ্ডের দায় স্বীকার করেছিলেন। পঞ্জাব পুলিশ সম্পাত নেহরাকে গত ৩১ মে আদালতে হাজির করাতে তিহার জেল থেকে পঞ্জাব আদালতে পেশ করে। এদিন সকালে তাকে তিহার জেলে ফিরিয়ে আনা হয়। প্রায় দুই ঘণ্টা জেলে তাকে মুসেওয়ালা হত্যা মামলা নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। এ হত্যাকাণ্ডে তার ও তার দলের ভূমিকা নিয়ে এ তদন্ত করা হয়েছে। সূত্র বলছে, পঞ্জাব পুলিশ শীঘ্রই এই মামলায় লরেন্স বিষ্ণোই এবং কালা জাথেদিকে জিজ্ঞাসাবাদ করবে।

## ইজরায়েলের প্রতিরক্ষা মন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক রাজনাথের, উভয়ের মধ্যে চুক্তি বিনিময়

নয়াদিল্লি, ২ জুন (হি.স.): ইজরায়েলের প্রতিরক্ষা মন্ত্রী বেঞ্জামিন গ্যান্টজের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করলেন ভারতের প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। বৃহস্পতিবার দিল্লিতে উভয়ের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠকের পর চুক্তি বিনিময়ও হয়। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং জানিয়েছেন, 'প্রতিরক্ষা সহযোগিতা এবং বৈশ্বিক ও আঞ্চলিক পরিস্থিতি সম্পর্কিত মূল বিষয় নিয়ে আমাদের মধ্যে আলোচনা হয়েছে। আমরা ইজরায়েলের সঙ্গে আমাদের কৌশলগত অংশীদারিত্বকে অনেক গুরুত্ব দিয়েছি।'

ভারতের প্রতিরক্ষা মন্ত্রক এদিন জানিয়েছে, কৌশলগত বৈশ্বিক চ্যালেঞ্জ, সামরিক সহযোগিতা এবং প্রতিরক্ষা সহযোগিতা-সহ নানা বিষয়ে ইজরায়েলের প্রতিরক্ষা মন্ত্রী বেঞ্জামিন গ্যান্টজের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন ভারতের প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। দ্বিপাক্ষিক বৈঠক চলাকালীন, উভয় দেশের মধ্যে প্রতিরক্ষা সহযোগিতা আরও বিকাশের ওপর আলোকপাত করেন তাঁরা। ইজরায়েলের প্রতিরক্ষা মন্ত্রী বেঞ্জামিন গ্যান্টজ বলেছেন, 'ভারত ও ইজরায়েল সীমান্ত নিরাপত্তা এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই-সহ বিভিন্ন বিষয়ে সহমত পোষণ করে। একসঙ্গে কাজ করার মাধ্যমে আমরা আমাদের সক্ষমতা বাড়াতে পারি এবং উভয় দেশের নিরাপত্তা ও অর্থনৈতিক স্বার্থ নিশ্চিত করতে পারি।'

# সিন্ধু সভ্যতার ভারতের আকাশে-বাতাসে আজ রাজনীতির গন্ধ

তন্ময় সিংহ রায়

বর্তমান প্রজন্ম তো দিলাম ছেড়েই, আমরা যতটা চিনি গ্যালিলিও নিউটন , টেসলা কিংবা আইনস্টাইনকে , সুশ্রুত , ব্রম্ভগুপ্ত, চরক বা বরাহমিহিরকে ঠিক ততটাই কি? যতটা গর্বিত উৎসাহিত , উত্তেজিত এনাদেরকে নিয়ে , ঠিক ততটাই আমাদের ভারতীয় কোহিনূরদের নিয়ে কি? উত্তর বোধহয় হবে "না।" আর হবেটাই বা কিভাবে? অবহেলা , উদাসীনতা, সর্বোপরি উদ্দেশ্যপ্রণোদিতভাবে রাজনীতি , বছরের পর বছর যদি গোড়াতেই ইংরেজদের মতন ঘাঁটি গেড়ে বসে থাকে গলদ হয়ে , তো আমি-আপনি সাধারণ মানুষ আর করবোটাই বা কি? গণতান্ত্রিক সমাজব্যবস্থায় এ তো আজ পরিণত এক শক্তিশালী সিস্টেমে?

আর অন্ধ , বোবা , কালা হয়ে এই সিস্টেমের চাকায় পিষে বেঁচে থাকাটা আজ পরিণত হয়েছে বা করানো হয়েছে আমাদের অভ্যেসে , এরপর আদর্শ আর মনুষ্যত্ব বিক্রির সংখ্যাটা পৃথিবী উত্তপ্ত হওয়ার মতন বেড়ে চলেছে দিনের পর দিন , . পাশাপাশি বহু বছর আর জন্মায়ও না রাজা রামমোহন রায় অথবা নেতাজি সুভাষ চন্দ্র বসু। অতএব আমার-আপনার বৃহত্তর সমাজটা না হয় . যাক ভবিষ্যতে কোমায় , আমি-আপনি সুখে থাকলেই হল। কিন্তু পরিণত হওয়া এ অভ্যেস আমাদের ভবিষ্যৎ প্রজন্মে একদিন সৃষ্টি করবেনা তো সুনামি?

যদি বলি চীনের উহান ইন্সটিটিউট অব ভাইরোলজি থেকেই করোনা ভাইরাস মহাসংক্রমিত হয়ে প্রায় সমগ্র বিশ্বকে তছনছ করে ছেড়েছে? ভেঙে টুকরো টুকরো করে ছেড়েছে পৃথিবীর বেশ কয়েকটা দেশের আর্থিক মেরুদণ্ড? রাষ্ট্রের পর রাষ্ট্রকে বানিয়ে ছেড়েছে মৃত্যু উপত্যকা? কিন্তু দুর্ভাগ্যবশতঃ বিষয়টা বর্তমানে সিংহভাগ সাধারণ মানুষের কাছে অধিকাংশ ক্ষেত্রে আজ হয়ে দাঁড়িয়েছে এমন যে ,ও এক প্রকৃতিগত বিপর্যয় ছাড়া তেমন কিছুই ছিলনা , ওটা হতেই পারে। সাথে আপনিসহ হাজার জন অন্তত আমায় পাল্টা প্রশ্ন করবেন যে , নির্দিষ্ট বা উপযুক্ত তথ্য-প্রমাণ ছাড়া আপনি এ কথা এত আত্মবিশ্বাসের সাথে বলেন বা লেখেন কিভাবে?

প্রতিবেশী একটা রাষ্ট্রের সরকারের নামে এভাবে বদনাম দেন কিসের ভিত্তিতে? সেক্ষেত্রে আপনাদের প্রশ্নদেরকে সম্মান জানিয়েই আমি প্রত্যুত্তর করবো , দুর্ঘটনাবশতঃ কোনো কোনো সময়ে কিছু গোপনীয় ঘটনার রহস্য ফাঁস হয়ে পড়ে কোনোভাবে, যেটা অনুসন্ধিৎসু লেখক-মন চিরুনী তল্লাশি করে খুঁজে নেয় ঠিকই। আর কবর দেওয়া এরকম বহু কিছু আজ ইন্টারনেটের বাড়বাড়ন্তে বেরিয়ে এসে সাধারণ মানুষের কাছে বাধ্য হয়েছে ধরা দিতে। ধরা যাক আমি ডাহা মিথ্যে বলছি , বা লেখায় প্রয়োগ করতে চাইছি রাজনৈতিক কৌশল , তো জানাই , জাতিসংঘ স্বীকৃত এ বিশ্বের সব দেশকে ছাড়িয়ে চিন যে সবার মাথার উপরে উঠে আসতে চাইছে যেনতেন প্রকারেণ , এ বিষয়টা নিশ্চই কম-বেশি জানেন অনেকেই , আর বর্তমানে চিন যে ভারতের ঠিক কত বড় শত্রু , তা আর নিশ্চই যুক্তি , প্রমাণ দিয়ে কাউকে বোঝাতে হবেনা? এরপরেও জানিয়ে রাখি , যদি সময় পান , গুগুলে গিয়ে সার্চ করে পড়বেন , "চক্রব্যূহে ভারত তথা বিশ্ববাসী।" এছাড়াও রয়ে গেছে বেশ কিছু তথ্য-প্রমাণ , খোঁজার মতন খুঁজলে পাবেন আপনিও।

আচ্ছা কখনও কখনও আপনাদের মনে আমার মতন প্রশ্ন নিশ্চই জাগে যে ,

Research and Analysis Wing Mossad Central Intelligence Agency Australian Secret Intelligence Service ইত্যাদি বিশ্বের তাবড়-তাবড় সব গোয়েন্দা সংস্থা , জাতিসংঘ , বিশ্ব স্বাস্থ্য সংস্থা বর্তমানে সব চুপ কেন? বিশ্বব্যাপী করোনা ভাইরাস সংক্রমণের উৎসটা ঠিক কোথায় , তা শুধুমাত্র খুঁজে বের করাটা কি অবৈধ কিংবা ঘোরতর অন্যায় কিছু ছিল? এটা কি সত্যিই ছিল না সাধারণ মানুষের জানার একটা অধিকার? লক্ষ লক্ষ সাধারণ মানুষের বিশ্বাস , জীবন , আস্থা , আর্থিক পরিস্থিতি প্রভৃতির চেয়ে রাজনীতিটা কি এক্ষেত্রেও বড়? তবে কি বিশ্বব্যাপী কমিউনিস্টের চাপ? না কি ভয়-ভীতি , না আন্তর্জাতিক সম্পর্ক খারাপ হওয়ার দুশ্চিন্তা?

কিভাবে এত বিপুল সংখ্যক জনগণ আজ বাধ্য হয়ে হলেও মেনে নিল এই অমানুষিক হত্যাযজ্ঞকে? যদি বলি মানুষ ছাড়াও এ অনন্ত বিশ্বব্রম্ভাণ্ডে মানুষেরই মতই আছে একধরণের প্রাণীর অস্তিত্ব? আর হতে পারে মুষ্টিমেয় কিছু জ্যোতির্বিজ্ঞানীদের অতিরিক্ত আগ্রহ থেকে জন্ম নেওয়া দিবারাত্রির নিরলস এক্সপেরিমেন্ট, তা থেকে রেডিও সিগনাল পাঠানো , এর ভয়াবহ পরিণাম হিসেবে অতিরিক্ত মাশুল গুণতে হতে পারে গোটা পৃথিবীবাসীকেই? হতে পারে ভবিষ্যতে এ গ্রহ থেকে সমগ্র মানব সভ্যতার অস্তিত্বই নিশ্চিহ্ন? বলাবাহুল্য স্টিফেন হকিং তো আগেই এ বিষয়ে সচেতন করে দিয়ে গেছেন বিজ্ঞানীদের। সময় করে কিছুটা হলেও ঘুরে আসতে পারেন গুগুল থেকে , টাইপ করবেন , "গহীন ও দুর্ভেদ্য রহস্যে আবৃত Area-৫১!" এছাড়াও লুকিয়ে আছে বেশ কিছু উপযুক্ত তথ্য-প্রমাণ , যা অনেকেই আজ গেছেন জেনে , কিন্তু ওই , চুপ?

ভারতের মাটিতেই চাপা দিয়ে রাখা আছে এমন কিছু ইতিহাস , যা সশরীরে ভূমি ফুঁড়ে জনসমক্ষে বেরিয়ে আসলে বোধহয় সৃষ্টি হবে দাবানল। তো যাইহোক, ফিরে আসি সেই আগের টপিকে। মার্কিন যুক্তরাষ্ট্রের উইসকনসিনের ডেভিড ফ্রলি, বর্তমানের পদ্মভূষণ প্রাপ্ত, বেদাচার্য , আয়ুর্বেদিক শিক্ষক, বৈদিক জ্যোতিষ, গবেষক ও লেখক বামদেব এক বিখ্যাত উক্তি করেছিলেন যে , যখন পুরো বিশ্ব লেখাপড়া জানতো না, তখন ভারতের হিন্দুরা বেদ লিখেছিলেন।

যখন পুরো বিশ্বে শিক্ষা চালু ছিল না , তখন ভারতের হিন্দুদের শিক্ষা দেওয়া হত গুরুকুলের মাধ্যমে।

ভারতের মহান পরমাণু বিজ্ঞানী ও একাদশ রাষ্ট্রপতি ডঃ এ পি জে আব্দুল কালাম এ প্রসঙ্গে উক্তি করেছেন , বেদ মানবসভ্যতার প্রাচীনতম ক্ল্যাসিক , ভারতবর্ষের সবচেয়ে মূল্যবান সম্পদ। সমগ্র ভারতের আত্মা এই বেদেই প্রোথিত।' ভলতেয়ার বলেছেন, 'বেদ হল মানবসভ্যতার সবচেয়ে মূল্যবান উপহার , যার জন্য পাশ্চাত্য সবসময় প্রাচ্যের নিকট কৃতজ্ঞ থাকবে।' বেদে সংখ্যাতত্ত্বের সর্বপ্রথম উল্লেখ প্রসঙ্গে আইনস্টাইন মন্তব্য করেছিলেন , আমরা আর্যদের কাছে কৃতজ্ঞ , কেননা তাঁরাই সর্বপ্রথম সংখ্যা আবিস্কার করেছে যা ছাড়া বিজ্ঞানের কোনো আবিষ্কারই সম্ভবপর হত না।' দার্শনিক , ধর্ম এবং সমাজতত্ত্ববিদ , অধ্যাপক , ভারতবিশারদ , সংস্কৃত ভাষায় সুপ্রসিদ্ধ জার্মান পণ্ডিত ও অনুবাদক ম্যাক্স মুলার বলেছেন , পৃথিবীতে বেদ-উপনিষদের মত প্রণোদনাপূর্ণ ও এত অতিমানবীয় বই আর নেই।'

জাতি , ধর্ম , বর্ণ নির্বিশেষে সর্বধর্মসমন্বয়ের দেশ আমাদের ভারতবর্ষ , যা বিশ্ব ইতিহাসে দখল করে আছে এক অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান,কিন্তু আজ ক্রমশ যেন আত্মপ্রকাশ করছে তা কেমন ম্লান হয়ে। তো যাইহোক , বিশ্ববন্দিত, মহান মানুষদের এই অমূল্য মন্তব্যসমূহ এখানে তুলে ধরার উদ্দেশ্য কোনো ধর্মের জয়গান গাওয়া বা প্রচার নয় , বরং অত্যন্ত দুঃখের সাথে জানানো এই যে , এই সমস্ত কিংবদন্তি , ঐতিহাসিক ব্যক্তিত্বদের অমূল্য সৃষ্টি ও এর পিছনে লুকিয়ে থাকা অক্লান্ত ও নিরলস পরিশ্রম , সংগ্রামের সেইসব কাহিনী , আত্মত্যাগ আজও ভারতীয় ইতিহাসের পাতায় পেয়ে ওঠেনি সেভাবে বিশেষ কোনো জায়গাই , এমনকি নেতাজি সুভাষ চন্দ্র , চন্দ্র শেখর আজাদ বা রাসবিহারী বসুকে নিয়েও নয়। থেকে গেছে অবহেলা , উদাসীনতা , বঞ্চনা , সর্বোপরি রাজনীতির স্বীকার হয়ে, আর এভাবেই ধীরে ধীরে হয়তো ডাইনোসরের মতন এনারা হয়ে যাবেন ভারতের ভূখণ্ড থেকে আগামীতে বিলুপ্ত।

এ প্রজন্মকে যদি প্রশ্ন করা হয় "পৃথিবীর প্রথম সার্জন কে ছিলেন, যিনি আনুমানিক খ্রীস্টপূর্ব পঞ্চম শতকেই ব্যবহার করতেন প্রায় ১১৬-২০ রকমের ছুরি-কাঁচি?"

কিংবা Father of Surgery কাকে বলা হয়?" নতুন প্রজন্ম কেন , আমরাই অনেকেই ঠিক জানিনা এর সঠিক উত্তর , এ আমাদের চরম লজ্জা! আমরা হয়তো এও জানিনা বা স্মৃতিতে নেই আজ আর বেঁচে যে , সম্পূর্ণ পৃথিবীতে যখন প্রথাগত শিক্ষার কোনো অস্তিত্বই ছিল না , তখন ভারতে ছিল ১৬ টা বিশ্ববিদ্যালয় ও ৭২৫ টা কলেজ।

দেশীয় সেই সমস্ত মহামানবকে আমরা যথাযথ মর্যাদা দিতে পারিনি ঠিকই , কিন্তু রতনে ঠিকই চিনে নিয়েছে রতন।

অস্ট্রেলিয়ার মেলবর্নের Royal Australia College of Surgeons এর ঠিক সামনেই সগৌরবে আজও বসে আছেন মহর্ষি বিশ্বামিত্রের পুত্র এবং ধন্বন্তরির শিষ্য সুশ্রুত এর শ্বেত পাথর মূর্তি। রাজনীতি , বিনোদন, অপরাধ , খেলাধুলা , প্রতিদিনের পেপার, নিউজ চ্যানেলে এসব দেখে-শুনে যেন অস্থির ও তিক্ত হয়ে গেছে মন , পরিণত হয়ে গেছে বা পরিণত করানো হয়েছে এ আমাদের এক অভ্যেসে। তাই প্রকৃত গণতন্ত্র , শিক্ষা-সংস্কৃতি তথা ভারতীয় অতীত ইতিহাসের সেই গৌরবময় , ভাস্বর এবং সুবৃহৎ অধ্যায় আবার ভারতবাসীর কাছে ফিরে আসুক স্বমহিমায় , এই আশায় বুক বেঁধে আজ নয় আপাতত এখানেই শেষ হোক এই প্রবন্ধ।

# এভারেস্ট বেজক্যাম্প অভিযানের স্মৃতি

মনিরুল ইসলাম

ভারতের সান্দাকফু থেকে ফালুট ট্র্যাক করার পর আত্মবিশ্বাস গেল বেড়ে। ২০১৯ সালে খুঁজতে শুরু করলাম এ রকম আর কোথায় যাওয়া যায়। থাকা-খাওয়ার সুবিধার কথা চিন্তা করে ইবিসিতে (এভারেস্ট বেজক্যাম্প) যাওয়ার পরিকল্পনা করলাম। ২০২০ সালের মার্চে যাব, এ রকমই কথা। কিন্তু 'ভাগ্যের লিখন' বলেও তো একটা কথা আছে! করোনা শুরু হলো। দুই বছর জীবন থেকে হারিয়ে গেল, যাওয়া আর হয়ে উঠল না। অবশেষে ২০২২ সালে এল সেই মাহেন্দ্রক্ষণ। অফিস থেকে ছুটি মিলল, ফ্লাইটের টিকিট ও ভিসারও ব্যবস্থা হয়ে গেল। তারপর শুরু হলো দিন গোনাকখন আসবে সেই কাঙ্ক্ষিত দিন।

মার্চের শুরুতে হিমালয়ের ডাক আর উপেক্ষা করা গেল না। ঢাকা থেকে উড়োজাহাজে চেপে হাজির হলাম কাঠমান্ডু।

***লুকলা এয়ারপোর্ট***

বোর্ডিং পাস নিয়ে অপেক্ষা করছি কখন ডাক পড়বে। যাব লুকলা, ইবিসি ট্র্যাকের প্রবেশদ্বার। এই ট্র্যাকের ভয়ংকরতম অংশ হচ্ছে কাঠমান্ডু থেকে লুকলা যাত্রা। ১৪ সিটের উড়োজাহাজগুলো তো ভয়ংকর বটেই, তার চেয়েও ভয়ংকর তেনজিং-হিলারি বিমানবন্দরের রানওয়ে, যা লুকলা বিমানবন্দর নামে বেশি পরিচিত। ১৯৬৪ সালে স্যার এডমন্ড হিলারির তত্ত্বাবধানে এই বিমানবন্দর তৈরি হয়। পাহাড়ের বুকে মাত্র ১ হাজার ৭২৯ ফুট রানওয়ের একটি বিমানবন্দর কতখানি বিপজ্জনক হয়, তা সহজে অনুমান করা যায়!

ককপিটের কাছের সিটে বসলাম। আমার আর পাইলটের মাঝে স্বচ্ছ একটা পলিথিন। ৩০ মিনিট ওড়ার পর দক্ষ পাইলট সহিসালামতে বিশ্বের বিপজ্জনক বিমানবন্দরগুলোর একটিতে নামিয়ে দিলেন। শেষ হলো ভয়ংকর ও রোমাঞ্চকর এক বিমানযাত্রা। মণি পাথর সকালের খাবার খেয়েই নেমে পড়লাম ট্রেইলে। আজ আমাদের গন্তব্য ফাকদিং। লুকলা থেকে আট কিলোমিটার দূরে আর উচ্চতা ২ হাজার ৬১০ মিটার। এর অর্থ দাঁড়াল আজ কিছুটা নিচে নেমে যেতে হবে। ট্র্যাক শুরু হতে না হতেই চলে এলাম খুম্বু পাসাংলামু রুরাল মিউনিসিপ্যালিটির কার্যালয়ে। এখান থেকে দুই হাজার রুপির বিনিময়ে অনুমতি পত্র নিয়ে নিলাম। এরপর শুরু হলো চড়াই-উতরাই পেরোনো।

এটুকু পথে সবচেয়ে অভিভূত হলাম 'মণি স্টোন' দেখে। পাথরে খোদাই করে লেখা 'ওম মণি পদ্মে হুম'। চার শব্দের এই মহামন্ত্র বেশির ভাগ তিব্বতি প্রার্থনা পতাকায় দেখা যায়। আসলে এটা হলো একটা প্রাচীন বৌদ্ধ মন্ত্র, যার অর্থ 'পদ্মের অন্তস্তলে থাকা রত্নের প্রশস্তি'। আরও অনেক তিব্বতি মন্ত্রই লেখা থাকে এই পাথরগুলোতে। বৌদ্ধধর্মের আচার অনুযায়ী দেয়ালের বাঁ দিক দিয়ে হেঁটে যাওয়া ভালো। মণি স্টোনের সৌন্দর্য দেখতে দেখতে সন্ধ্যা হওয়ার আগে আগেই পৌঁছে গেলাম ফাকদিং।

***হিলারি ঝুলন্ত সেতু***

হিমালয়ের এ দিকটায় সকাল সকাল ট্রেইলে বেরিয়ে পড়া ভালো। তাতে তেজদীপ্ত সূর্য আর ঠান্ডা বাতাসের কবল থেকে কিছুটা হলেও রক্ষা পাওয়া যায়। সকাল সাড়ে সাতটার দিকে বেরিয়ে পড়লাম পথে। আজকের গন্তব্য নামচে বাজার। নামচে বাজার যেতে পার হতে হবে হিলারি সেতু। পুরো ট্র্যাকে ৯টি ঝুলন্ত সেতু পার হতে হয়। আমি উদ্গ্রীব হয়েছিলাম এই হিলারি সেতুটি দেখার জন্য। দুধকোশী নদীর ওপরে এই সেতুর উচ্চতা প্রায় ১২৫ মিটার। যতটুকু জানা যায়, ২০১৩ সালে সেতুটি তৈরি করা হয়। এর নিচে পুরোনো সেতুটি এখনো অক্ষত রয়েছে। সংগত কারণেই পুরোনো সেতু এখন আর ব্যবহার করা হয় না। প্রচণ্ড বাতাসের কারণে সেতুর ওপর দিয়ে স্বাভাবিকভাবে হেঁটে যাওয়া কষ্টকর।

থিয়াংবোচে বৌদ্ধ মন্দির ও আশ্রম থিয়াংবোচে আশ্রম শেরপাদের রাজধানী নামচে বাজার থেকে আজ হাঁটব থিয়াংবোচে পর্যন্ত। এই গ্রামের আশপাশে শেরপাদের বসবাস। থিয়াংবোচে মনাস্ট্রি বা আশ্রমের কারণে এই গ্রাম বেশি পরিচিত। ১৯১৬ সালে লামা গুলু মনাস্ট্রি প্রতিষ্ঠা করেন। মনে করা হয়, এটাই এই খুম্বু অঞ্চলের সবচেয়ে পুরোনো মনাস্ট্রি। পুরোনো মনাস্ট্রিটি এখন আর নেই। ভূমিকম্প ও আগুন লাগার কারণে ধ্বংস হয়েছে বারবার। এখন যে কাঠামোটি আছে, তা ১৯৯৯ সালে করা এবং নতুন করে তৈরি করাতে স্যার এডমন্ড হিলারির বেশ অবদান আছে। পৌঁছেই দৌড়ে গেলাম হেলিপ্যাডে। এখান থেকে ৩৬০ ডিগ্রি ভিউ দেখা যায়। পাহাড়ের আড়ালে সূর্য কীভাবে লুকায়, সেই দৃশ্য মিস করা যায় না। এ যেন এক স্বর্গরাজ্যে চলে এলাম। নুপৎসে, লোৎসে, আমা-দাবলাম, থামশেরকুর মতো সব সাদা পাহাড় এত কাছ থেকে দেখে মন্ত্রমুগ্ধের মতো তাকিয়ে থাকলাম।

রডোডেনড্রনকে নেপালে বলে লালিগুরাস ফুলের নাম লালিগুরাস মনাস্ট্রির সামনে কলকাতার গৌতম দাদার সঙ্গে দেখা হয়ে গেল। কিছুক্ষণ গল্পো করে ডিংবোচের পথ ধরলাম। পথের দুধারে রডোডেনড্রনের বাগান মাঝখান হেঁটে এগোচ্ছি। বাগানের পুরোটাই তুষারের মোটা আস্তরণে সাদা ফকফকা হয়ে আছে। এমনিতেই আমার হাঁটার গতি শ্লথ, তার মধ্যে পথের ওপর বরফ পড়ে শক্ত হয়ে আছে, যা হাঁটার গতি আরও শ্লথ করে দিয়েছে। রডোডেনড্রন গাছগুলোতে অজস্র কলি। রবীন্দ্রনাথ যাকে আমাদের কাছে রডোডেনড্রন নামে পরিচয় করে দিয়েছেন, নেপালে তাকে বলে লালিগুরাস। লালিগুরাস নেপালের জাতীয় ফুল। হাঁটছি আর ভাবছি, এই না ফোটা কলিরা যখন একসঙ্গে ফুটে উঠবে, কত-না সুন্দর লাগবে। যদিও ফেরার পথে কিছু ফোটা লালিগুরাস দেখার সৌভাগ্য হয়েছিল। বাংলাদেশের পর্বতারোহী সজল খালেদের স্মরণে স্মৃতিফলক সংগৃহীত দুঃখজনক স্মৃতির পাস ডিংবোচেতে এসে বেশ ভালোই ঠান্ডার কবলে পড়েছি। ৪ হাজার ৪০০ মিটার উচ্চতায় উঠে এসেছি। এখান থেকে পথচলা শুরু হলো লোবুচের উদ্দেশে। কিন্তু আমার মনোযোগ পড়ে রয়েছে থুকলা পাসের ওপরে। থুকলা পাসকে বলা হয় ইবিসি ট্র্যাকের শেষ বাধা, তার ওপর রয়েছে সজল খালেদের মতো শতাধিক পর্বতারোহীর স্মৃতিস্তম্ভ। যাদের সবাই কোনো না কোনোভাবে এভারেস্ট আরোহণ করতে এসে মৃত্যুবরণ করেছেন। সব স্মৃতিস্মারক দেখা সম্ভব না হলেও সজল খালেদেরটা দেখব, এ সিদ্ধান্ত ঢাকা থেকেই নিয়ে এসেছিলাম। সজল খালেদ ২০১৩ সালের ২০ মে এভারেস্টের শীর্ষে পা রেখে নিচের দিকে নামার সময় দুর্ভাগ্যবশত মৃত্যুবরণ করেন। তারপর একে একে দেখলাম রব হল, স্কট ফিশারের মতো বিখ্যাত সব পর্বতারোহীদের স্মৃতিস্তম্ভ। দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে শ্লথগতিতে লোবুচের পথ ধরলাম, যেখানে শেষ হবে আজকের পথচলা।

এভারেস্ট বেজক্যাম্পে এভারেস্ট বেজক্যাম্প ৫৩৬৪ মিটার লোবুচে এসে চার দিন পর গোসল করলাম। গরম পানি থাকায় অনেক সময় নিয়ে গোসল করে ফ্রেশ হলাম। ভাবখানা এমন, চার দিনের গোসল এক দিনে করে ফেলব। আসলে ব্যাপারটা মোটেও সে রকম নয়। ভালো করে নিজেকে তৈরি করে নিলাম। কেননা, পরদিন সকালে গোরাকশেপের উদ্দেশে পথ হাঁটব। গোরাকশেপে দুপুরের খাবার খেয়েই আবার ছুটব, গন্তব্য এভারেস্ট বেজক্যাম্প।

বেশ কষ্ট হচ্ছিল। অক্সিজেনের স্বল্পতা, ঠান্ডা, প্রচণ্ড বাতাস আর নতুন যোগ হয়েছে বড় বড় পাথর। এভাবে একসময় খুম্বু হিমবাহের গা ঘেঁষে হাঁটতে হাঁটতে পৌঁছে গেলাম গোরাকশেপ। দুপুরের খাবারের পর শুরু হবে দ্বিতীয় পর্যায়ের হাঁটা। স্বপ্নের দোরগোড়ায় বসে আছি, এখন শুধু দোর খুলে ছুঁয়ে দেওয়া বাকি। খুব একটা দূরে নয়, মাত্র সাড়ে তিন কিলোমিটার পথ। কিন্তু আপাতদৃষ্টে এই তুলনামূলক সহজ পথও দুরূহ করার জন্য অক্সিজেনের স্বল্পতাই যথেষ্ট। যাহোক, কষ্টে---সৃষ্টে পৌঁছে যাই একটা বড় পাথরের সামনে। যাতে লাল রং দিয়ে লেখা, 'এভারেস্ট বেজক্যাম্প ৫৩৬৪ মি.'। পাথরটা ছুঁয়ে দেখি। হ্যাঁ, এখন আমি স্বপ্নযাত্রার শেষ প্রান্তে দাঁড়িয়ে আছি। চারদিকে শ্বেতশুভ্র হিমবাহ পাথরটিকে ঘিরে রেখেছে। অনেক রংঢং করে ছবি তুললাম আর ভাবতে থাকলাম এই মুহূর্তের আনন্দ ও পথের দুর্গমতা কোনোটাই প্রকাশ করার জন্য এই ছবি যথেষ্ট নয়।



সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন সিপিআইএম নেতৃত্বরা। ছবি ঃ নিজস্ব

# অ্যাম্বারের বিরুদ্ধে মানহানির মামলায় জিতলেন জনি, বললেন জুরি জীবন ফিরিয়ে দিয়েছে

নিউইয়র্ক, ২ জুন (হি.স.): প্রাক্তন স্ত্রী অ্যাম্বার হার্ডের বিরুদ্ধে করা মানহানির মামলা জিতলেন আমেরিকান অভিনেতা জনি ডেপ। আদালতের জুরি সদস্যরা জানিয়েছেন, অ্যাম্বার গার্হস্থ্য হিংসার যে অভিযোগ জনির বিরুদ্ধে এনেছিলেন তা মিথ্যা এবং অবমাননাকর। অ্যাম্বারকে প্রায় ১১৭ কোটি টাকার ক্ষতিপূরণ দেওয়ারও নির্দেশ দিয়েছে আদালত। পাশাপাশি জনির বিরুদ্ধে গার্হস্থ্য হিংসার অভিযোগ আনার পিছনে অ্যাম্বারের অসৎ উদ্দেশ্য ছিল বলেও আদালত জানিয়েছে। আদালতের এই রায় শোনার পর জনি জানিয়েছেন, 'জুরি আমার জীবন ফিরিয়ে দিয়েছে।'

প্রসঙ্গত, ২০১৮ সালে জনির বিরুদ্ধে গার্হস্থ্য হিংসার অভিযোগ এনেছিলেন তাঁর প্রাক্তন স্ত্রী অ্যাম্বার হার্ড। এর পরেই অভিনেত্রীর বিরুদ্ধে পাল্টা মানহানির মামলা করেন জনি। অভিনেতা মিথ্যা বলছেন দাবি করে পাল্টা মামলা করেন অ্যাম্বারও। জনির আইনজীবী অ্যাডাম ওয়াল্ডম্যান এক বিবৃতিতে জানিয়েছিলেন, তাঁর মক্কেলের বিরুদ্ধে অ্যাম্বারের আনা গার্হস্থ্য হিংসার অভিযোগ 'ধাপ্পাবাজি' ছাড়া আর কিছু নয়। এই বিবৃতিকেও অবমাননা বলে উল্লেখ করে জনির আইনজীবীকেও প্রায় সাড়ে ১৫ কোটি টাকার ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। তিন দিন ধরে সাত সদস্যের জুরি প্রায় ১৩ ঘণ্টার উপর আলোচনা করার পর বুধবার এই সিদ্ধান্তে পৌঁছলেন। জুরি জানিয়ে দিয়েছে, জনির বিরুদ্ধে গার্হস্থ্য হিংসার অভিযোগ আনার পিছনে অ্যাম্বারের অসৎ উদ্দেশ্য ছিল।

# কুলগামে ব্যাঙ্ক ম্যানেজারকে গুলি করে মারল জঙ্গিরা, নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন হিন্দুরা

শ্রীনগর, ২ জুন (হি.স.) : কাশ্মীরে সন্ত্রাসবাদীদের উপদ্রব বেড়েই চলেছে, একইসঙ্গে ভূস্বর্গে নিজেদের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন হিন্দুরাও। এবার জম্মু ও কাশ্মীরের কুলগাম জেলায় ব্যাঙ্ক ম্যানেজারকে গুলি করে খুন করল জঙ্গিরা। বৃহস্পতিবার কুলগাম জেলার আরেহ মোহনপোরায় এল্লাকি দেহাতি ব্যাঙ্কের ব্যাঙ্ক ম্যানেজারকে গুলি করে সন্ত্রাসীরা। রাজস্থানের হনুমানগড়ের বাসিন্দা ওই ব্যাঙ্ক ম্যানেজার। হাসপাতালে নিয়ে যাওয়ার পর তাঁকে মৃত ঘোষণা করেন চিকিৎসকরা। মৃত ব্যাঙ্ক ম্যানেজারের নাম-বিজয় কুমার। রাজস্থানের হনুমানগড়ের বাসিন্দা তিনি।

পুলিশ জানিয়েছে, বৃহস্পতিবার সকালে কুলগাম জেলার আরেহ মোহনপোরায় এল্লাকি দেহাতি ব্যাঙ্কের শাখায় যাচ্ছিলেন ব্যাঙ্ক ম্যানেজার বিজয় কুমার। সেই সময় জঙ্গিরা তাঁকে লক্ষ্য করে গুলি চালায়।

সন্ত্রাসী হামলায় গুরুতর জখম হন, সংজ্ঞাহীন ও রক্তাক্ত অবস্থায় তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু, প্রাণে বাঁচানো সম্ভব হয়নি। চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। হামলার পরই গোটা এলাকা ঘিরে ফেলে সুরক্ষা বাহিনী। কিন্তু, সন্ত্রাসবাদীরা ততক্ষণে পালিয়ে যায়। কাশ্মীর উপত্যকায় হিন্দুদের ওপর জঙ্গিদের নৃশংসতা ক্রমেই বেড়ে চলেছে। দু''দিন আগেই খুন হন একজন শিক্ষিকা, আর বৃহস্পতিবার ব্যাঙ্ক ম্যানেজারকে গুলি করে মারল জঙ্গিরা। নিজেদের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন হিন্দুরা। এদিনই জম্মুতে নিরাপত্তার দাবিতে বিক্ষোভ প্রদর্শন করেন হিন্দু সম্প্রদায়ের মানুষজন।

# সিসোদিয়াও হতে পারেন গ্রেফতার; আশঙ্কা কেজরিওয়ালের, বিঁধলেন কেন্দ্রকে

নয়াদিল্লি, ২ জুন (হি.স.): দিল্লির স্বাস্থ্যমন্ত্রী সত্যেন্দ্র জৈনের পর এবার গ্রেফতার হতে পারেন দিল্লির উপ-মুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়াও। বৃহস্পতিবার এমনই আশঙ্কার যথা জানালেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। তিনি দাবি করে বলেছেন, সিসোদিয়ার বিরুদ্ধে ভুয়ো মামলা করার জন্য সমস্ত কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে নির্দেশ দিয়েছে কেন্দ্র। এদিন ডিজিটাল সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী কেজরিওয়াল বলেছেন, 'আমি কয়েক মাস আগেই বলেছিলাম কেন্দ্রীয় সরকার একটি ভুয়ো মামলায় সত্যেন্দ্র জৈনকে গ্রেফতার করতে চলেছে। নির্ভরযোগ্য সূত্র মারফত আমি জানতে পেরেছি, মণীশ সিসোদিয়াও শীঘ্রই গ্রেফতার হতে চলেছেন, তাঁর বিরুদ্ধে ভুয়ো মামলা করার জন্য সমস্ত কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে নির্দেশ দিয়েছে কেন্দ্র।'

মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল আরও বলেছেন, 'কেউ বলছেন আসন্ন হিমাচল প্রদেশ নির্বাচনের জন্য এমনটা হচ্ছে, কেউ বলছেন এটা পাঞ্জাব নির্বাচনের প্রতিশোধ। কারণ যাই হোক, আমরা গ্রেফতার হতে ভয় পাই না। ৫ বছর আগে আপ নেতাদের বিরুদ্ধে বেশ কয়েকটি অভিযান চালানো হয়েছিল, কিন্তু কিছুই উদ্ধার হয়নি।' কেজরিওয়াল আরও বলেছেন, 'প্রধানমন্ত্রীর কাছে আমি অনুরোধ করছি আপ-এর সমস্ত মন্ত্রী ও বিধায়কদের জেলে পাঠান এবং সমস্ত কেন্দ্রীয় সংস্থাকে একযোগে সমস্ত তদন্ত করতে বলুন। যত খুশি অভিযান চালান। একবারে একজন মন্ত্রী গ্রেফতার হওয়ার ফলে জনসাধারণের কাজে বাধা সৃষ্টি হয়।''''

# বিজেপিতে যোগ দিলেন হার্দিক, বললেন মোদীজির সৈনিক হিসেবে আমি কাজ করব

গান্ধীনগর, ২ জুন (হি.স.): 'নতুন অধ্যায়'-এর সূচনা করলেন গুজরাটের পাতিদার আন্দোলনের নেতা হার্দিক প্যাটেল। আনুষ্ঠানিকভাবে বৃগস্পতিবার ভারতীয় জনতা পার্টি (বিজেপি)-তে যোগ দিয়েছেন তিনি। এদিন গান্ধীনগরে উত্তরীয় পরিয়ে হার্দিককে গেরুয়া শিবিরে স্বাগত জানানো হয়। বিজেপিতে যোগ দেওয়ার আগেই হার্দিক জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সৈনিক হিসেবে কাজ করবেন তিনি।

বিজেপি-তে যোগ দেওয়ার প্রাক্কালে এদিন সকালে পূজার্চনা করেন হার্দিক প্যাটেল। আহমেদাবাদে নিজ বাসভবনেই পূজার্চনা করেন হার্দিক প্যাটেল। বিজেপিতে যোগ দেওয়ার প্রাক্কালে টুইট করে হার্দিক জানিয়েছেন, মোদীজির ছোট সৈনিক হিসেবে তিনি কাজ করবেন। এদিন সকালে টুইট করে হার্দিক প্যাটেল জানিয়েছেন, 'জাতীয় স্বার্থ, দেশের স্বার্থে, জনস্বার্থে ও সামাজিক স্বার্থের অনুভূতি নিয়ে নতুন অধ্যায়ের সূচনা করতে চলেছি। ভারতের সফল প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র ভাই মোদীর নেতৃত্বে দেশের সেবার মহৎ কাজে আমি একজন ক্ষুদ্র সৈনিক হিসেবে কাজ করব।'

প্রসঙ্গত, কিছু দিন আগেই কংগ্রেস থেকে ইস্তফা দিয়েছিলেন হার্দিক প্যাটেল। এবার গুজরাটে বিধানসভা নির্বাচনের কয়েক মাস আগেই বিজেপিতে যোগ দিয়েছেন তিনি।

গান্ধীনগরে গুজরাট বিজেপির রাজ্য সভাপতি সিআর পাটিলের নেতৃত্বে বৃহস্পতিবার পদ্ম শিবিরে যোগ দিয়েছেন হার্দিক। বিজেপি মনে করছে, হার্দিককে পাওয়া গুজরাট ভোটের আগে যথেষ্ট স্বস্তিজনক। গত বিধানসভা ভোটের আগে যখন যেখানে সভা করেছিলেন হার্দিক, গড়ে আড়াই লাখ মানুষের ঢল ছিল। বিজেপির রাতের ঘুম কেড়ে নিয়ে সুরাট থেকে রাজকোট মোদী-বিরোধী স্লোগানে ভরিয়ে দিয়েছিলেন তিনি। এ বার উল্টো স্লোগান দিয়ে বিরোধীদের রাতের ঘুম কাড়তে মাঠে নামবেন তিনি।

# কাশ্মীরে শান্তি ফিরিয়ে আনতে পুরোপুরি ব্যর্থ হয়েছে এনডিএ সরকার : অশোক গেহলট

জয়পুর, ২ জুন (হি.স.): সরকারি করণিক, দোকানের কর্মী, স্কুল শিক্ষিকার পর এ বার ব্যাঙ্ক ম্যানেজার। ফের জম্মু-কাশ্মীরে জঙ্গিদের গুলিতে খুন হলেন এক সংখ্যালঘু হিন্দু। বৃহস্পতিবার কাশ্মীরের কুলগাম জেলায় জঙ্গিদের গুলিতে প্রাণ হারিয়েছেন রাজস্থানের বাসিন্দা একজন ব্যাঙ্ক ম্যানেজার। রাজস্থানের বাসিন্দা ওই ব্যাঙ্ক ম্যানেজার কাশ্মীরে জঙ্গি হামলায় মৃত্যুর ঘটনায় কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তোপ দাগলেন রাজস্থানের মুখ্যমন্ত্রী অশোক গেহলট। এনডিএ সরকারের নিন্দা করে গেহলট টুইটারে লিখেছেন, কাশ্মীরে শান্তি ফিরিয়ে আনতে পুরোপুরি ব্যর্থ হয়েছে এনডিএ সরকার। বৃহস্পতিবার কুলগাম জেলার আরেহ মোহনপোরায় এল্লাকি দেহাতি ব্যাঙ্কের ভিতরে ঢুকে বিজয় কুমার নামে ওই ব্যাঙ্ক ম্যানেজারকে গুলিতে ঝাঁঝরা করে দেয় জঙ্গিরা। বিজয় আদতে রাজস্থানের বাসিন্দা। এই নিয়ে কাশ্মীরে গত তিন সপ্তাহে চার জন সংখ্যালঘুকে খুন করল জঙ্গিরা। অশোক গেহলট টুইট করে লিখেছেন, 'জম্মু ও কাশ্মীরের কুলগামে কর্মরত রাজস্থানের হনুমানগড়ের বাসিন্দা ব্যাঙ্ক ম্যানেজার বিজয় কুমারের হত্যা অত্যন্ত নিন্দনীয়। এনডিএ সরকার কাশ্মীরে শান্তি ফিরিয়ে আনতে ব্যর্থ হয়েছে। কেন্দ্রীয় সরকারের উচিত কাশ্মীরের নাগরিকদের নিরাপত্তা সুনিশ্চিত করা।'

# অটোতে মিটার ক্ষুব্ধ চালকদের সড়ক অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** পূর্ব ঘোষণা মোতাবেক ১ জুন থেকে বিনা মিটারে যে সকল অটো চালচল করছে সেই সকল অটোকে জরিমানা করা শুরু হয়েছে। সেই মোতাবেক বৃহস্পতিবার এমবিবি বিমানবন্দরের সামনে পরিবহন দপ্তর থেকে অভিযান চালানো হয়। এইদিন যে সকল অটো মিটার ছাড়া চলাচল করছিল সেই সকল অটোকে জরিমানা করা হয়। এতেই শুরু হয় ঝামেলা। ক্ষুব্ধ অটো চালকরা সড়ক অবরোধে সামিল হয়। ক্ষোভে ফেটে পরে অটো চালকরা। রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায় তারা। যদিও পরবর্তী সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। ক্ষুব্ধ অটো চালকদের অভিযোগ তারা অটোতে মিটার লাগানোর জন্য টাকা জমা দিয়েছে। কিন্তু দপ্তর থেকে তাদেরকে এখনো মিটার প্রদান করা হয়নি। তারপরও কেন তাদেরকে মিটারের জন্য জরিমানা করা হবে। তাদের আরও অভিযোগ সকল অটোকে মিটার প্রদান করা হচ্ছে না। যদি অটোতে মিটার লাগাতে হয়, তবে সকল অটোতে মিটার লাগাতে হবে। মিটার লাগানোর ক্ষেত্রে দ্বিচারিতা চলবে না।

# শনি মন্দিরে চুরি, নিরাপত্তা নিয়ে প্রশ্ন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** এবার মন্দিরের প্রণামিতেও চোরের থাবা পড়েছে। রাজধানী আগরতলায় প্রাণ কেন্দ্রে রাতের অন্ধকারে এই ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার সকালে পথচারীরা এই চুরির ঘটনা প্রত্যক্ষ করে পুলিশে খবর দিয়েছে। পুলিশ জানিয়েছে, অফিসলেনস্থিত শনি মন্দিরে বুধবার রাতে নিশিকুটুম্বের দল হানা দিয়েছিল। মন্দিরের প্রনামী বাক্স থেকে নগদ টাকা লুট করে নিয়ে গেছে। বৃহস্পতিবার সকালে প্রাত:ভ্রমনকারীরা এই ঘটনা প্রত্যক্ষ করেন। সঙ্গে সঙ্গে তাঁরা পুলিশে খবর দেন। শহরের প্রাণ কেন্দ্রে মন্দিরে এধরনের চুরির ঘটনায় নিরাপত্তা ব্যবস্থা নিয়ে প্রশ্ন তুলেছেন শহরবাসী।

# গরু চুরি করতে এসে ধৃত যুবক, উত্তম মধ্যম দিয়ে উত্তেজিত জনতা তুলে দিল পুলিশে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** গরু চুরি করতে এসে স্থানীয়দের হাতে উত্তম মধ্যম খেল এক যুবক। অমরপুর বীরগঞ্জ থানার ২ নং সুকান্ত কলোনি এলাকায় ওই ঘটনায় উত্তেজনা ছড়িয়েছে।

স্থানীয়দের অভিযোগ, এলাকার একটি বাড়ি থেকে গরু চুরি করতে এসেছিল ঐ যুবক। তাকে গরু নিয়ে পালিয়ে যেতে দেখে হাতেনাতে আটক করে কয়েকজন এলাকাবাসী। পরে উত্তেজিত জনতা চড়াও হয় ওই যুবকের উপর। তাকে মারধর করেন স্থানীয়রা। যদিও পরবর্তী সময়ে বীরগঞ্জ থানায় খবর দিলে পুলিশ ওই যুবকটিকে আটক করে নিয়ে গেছে। ওই ঘটনায় একাংশ বুদ্ধিজীবি মহলের দাবি, এভাবে স্থানীয়রা আইন নিজের হাতে তুলে নিয়ে মারধর করা উচিত নয়। চোর সন্দেহে ধৃত ব্যক্তিকে মারধরের ঘটনায় অতীতে মৃত্যুও হয়েছে। সভ্য সমাজে এধরনের আইন উলঙ্ঘনের ঘটনা কোনো ভাবেই কাম্য নয় বলে দাবি একাংশের।

# তেলিয়ামুড়ায় গ্রীষ্মকালীন ফসলের ব্যাপক ক্ষতি, হতাশ চাষিরা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২ জুন।।** এবছর গ্রীষ্মকালীন সব্জি চাষ করে বিপাকে কৃষকরা। টানা বর্ষণের ফলে কৃষকদের কৃষিক্ষেতের ব্যাপক ক্ষতিসাধন হয়েছে বলে জানায় এক কৃষক। ঘটনা তেলিয়ামুড়া মহকুমা কৃষি দপ্তরের অধীনে জগন্নাথ বাড়ি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ত্রিশাবাড়ি এলাকায়। জানা যায়, ত্রিশাবাড়ি এলাকায় বসবাসকারী মানুষদের মধ্যে অধিকাংশই কৃষির উপরে নির্ভরশীল। ত্রিশাবাড়ি এলাকার জনৈক এক কৃষক জানায়, এবছর টানা বর্ষণের ফলে তাদের ফলানো গ্রীষ্ম কালীন বিভিন্ন সবজি, যেমন- ঢেঁড়স, ঝিঙ্গা, কারকল সহ বিভিন্ন ফসলের ক্ষেতের ব্যাপক ক্ষতিসাধন হয়েছে। গাছের গুঁড়িতে পচন ধরে নষ্ট হয়ে যাচ্ছে ক্ষেতের সমস্ত গাছ। ফলে এলাকার কৃষকদের কপালে চিন্তার ভাঁজ। অন্যদিকে, ফসল নষ্ট হয়ে যাওয়ার কারণে গ্রীষ্মকালীন সব্জি অন্যান্য বছরের তুলনায় এবছর বাজারজাত হবে অনেকাংশেই কম। ফলে গ্রীষ্ম কালীন সব্জির বাজার দর অনেকটাই বৃদ্ধি পেয়েছে বলে জানা যায়। এদিকে এলাকার কৃষকদের মধ্য থেকে দাবি উঠতে শুরু করে দিয়েছে যে এই সমস্যা সমাধানের জন্য যাতে স্থানীয় কৃষি দপ্তর সাহায্যের হাত বাড়িয়ে দেয়।

# বিদ্যাজোতি প্রকল্পের নামে ছাত্রছাত্রীদের কাছ থেকে টাকা সংগ্রহের অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** বিদ্যাজ্যোতি প্রকল্পের নাম করে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে হাজার হাজার টাকা সংগ্রহ করা হচ্ছে। কিন্তু রাজ্য সরকার বিদ্যাজ্যোতি প্রকল্প চালু করার সময় বলেছিল সম্পূর্ণ বিনামূল্যে ছাত্র ছাত্রীরা পড়াশোনা করতে পারবে। কিন্তু এখন লুট করা শুরু করে দিয়েছে। এর তীব্র প্রতিবাদ জানায় এন এস ইউ আই। বৃহস্পতিবার প্রদেশ কংগ্রেস ভবনের সাংবাদিক সম্মেলন করে এ কথা জানান এন এস ইউ আই -র রাজ্য সভাপতি সম্রাট রায়। তিনি আরো বলেন রাজ্য শিক্ষা দপ্তরের একের পর এক দুর্নীতি চলছে। এর বিরুদ্ধে কোনরকম তদন্ত হচ্ছে না। এন এস ইউ আই এর তদন্ত দাবি করে। পাশাপাশি ছাত্র-ছাত্রীদের স্কলারশিপের বকেয়া টাকা মিটিয়ে দেওয়ার দাবি জানানো হয় এদিনের সাংবাদিক সম্মেলন থেকে।

# ভাগ্যপুর সীমান্তে উদ্ধার ছয় লক্ষাধিক টাকার ইয়াবা ও গাঁজা

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ২ জুন।।** গোপন সংবাদের ভিত্তিতে উত্তর জেলার ধর্মনগর থানাধীন সীমান্ত রক্ষী বাহিনীর ১৩৯ নং ব্যাটালিয়ানের ইয়াকুব নগর বিওপির কোম্পানি কমান্ড্যান্ট প্রমোদ কুমারের নেতত্বে নেশা বিরোধী অভিযান চালিয়ে ভাগ্যপুর গ্রামের একটি পরিত্যক্ত বাঁশ ঝার থেকে এক হাজার দুইশো পঁচিশটি ইয়াবা ট্যাবলেট সহ দুই কেজি শুকনো গাঁজা উদ্ধার করে সীমান্ত রক্ষী জওয়ানরা।

মূলত বাংলাদেশে পাচারের উদ্দেশ্যেই এই ইয়াবা টেবলেট ও গাঁজা মজুত রাখা হয়েছিল বলে জানা যায়। উদ্ধারকৃত নেশা সামগ্রীর বাজার মূল্য আনুমানিক ছয় লক্ষ বাইশ হাজার টাকা হবে বলে জানিয়েছেন সীমান্ত রক্ষী বাহিনীর ডি আই জি রাজীব দোয়া। তিনি আরো জানান, আগামী দিনেও এধরনের অভিযান অব্যাহত থাকবে। তবে নেশা সামগ্রী উদ্ধার হলেও কাউকে আটক করতে পারেনি সীমান্ত রক্ষী জোয়ানরা।

# ওকলাহোমার হাসপাতালে বন্দুকবাজের গুলিতে মৃত্যু ৪ জনের, নিকেশ আততায়ীও

ওকলাহোমা, ২ জুন (হি.স.): আমেরিকার ধারাবাহিক বন্দুক হামলার প্রেক্ষিতে সাধারণ মানুষের নিরাপত্তা নিয়ে ক্রমেই প্রশ্ন উঠছে। এবার আমেরিকার ওকলাহোমার তুলসায় হাসপাতালে ঢুকে গুলি চালাল এক বন্দুকবাজ। আততায়ীর গুলিতে মৃত্যু ৪ জনের, পরে পুলিশের গুলিতে বন্দুকবাজেরও মৃত্যু হয়েছে। বিগত এক মাসে আমেরিকায় এই নিয়ে তৃতীয় বার বন্দুক হামলার ঘটনা ঘটল। আর গত এক সপ্তাহে দ্বিতীয় বার।

তুলসা পুলিশ জানিয়েছে, বুধবার (আমেরিকার সময় অনুযায়ী) ওকলাহোমার তুলসায় সেন্ট ফ্রান্সিস হাসপাতাল চত্বরের নাতালি বিল্ডিংয়ে আচমকাই ঢুকে পড়ে ৩৫ থেকে ৪০ বছরের এক ব্যক্তি। তারপরেই এলোপাথাড়ি গুলি চালাতে শুরু করে সে। পুলিশ ঘটনাটির খবর পাওয়ার তিন মিনিটের মধ্যেই ঘটনাস্থলে পৌঁছয়। কিন্তু তত ক্ষণে চার জন মারা গিয়েছেন। গুরুতর জখম হয়েছেন অনেকেই। ঘটনাটি ঘটে নাতালি বিল্ডিংয়ের দোতলায়। সেখানে মূলত ডাক্তারদের অফিস রয়েছে। আর রয়েছে একটি অর্থোপেডিক চিকিৎসা কেন্দ্র। পুলিশ জানিয়েছে, মৃত এবং আহতদের মধ্যে হাসপাতালের রোগী থেকে শুরু করে কর্মীরাও রয়েছেন। পরে ওই বন্দুকবাজকে গুলি করে নিকেশ করেছে পুলিশ। উল্লেখ্য, গত সপ্তাহেই টেক্সাসের উভালদের একটি স্কুলে বন্দুক হামলায় ১৯ জন পড়ুয়া এবং দু'জন শিক্ষক নিহত হন। তার আগে মে মাসের শুরুতেই নিউ ইয়র্কের বাফেলোতে একটি সুপার মার্কেটে ১০ জন মারা যান বন্দুক হামলায়। এর মধ্যেই ওকলাহোমার তুলসায় হাসপাতালে ঢুকে গুলি চালাল এক বন্দুকবাজ।

# দৈনিক-সংক্রমণ বেড়ে ৩,৭১২; ভারতে ফের বাড়ল কোভিড রোগীর সংখ্যা, একদিনে মৃত ৫

নয়াদিল্লি, ২ জুন (হি.স.): দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা একধাক্কায় অনেকটাই বাড়ল ভারতে, তবে মৃত্যুর সংখ্যা রয়েছে পুরোপুরি নিয়ন্ত্রণে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ৩ হাজার ৭১২ জন, এই সময়ে মৃত্যু হয়েছে মাত্র ৫ জনের। ভারতে দৈনিক সংক্রমণের হার এই মুহূর্তে ০.৮৪ শতাংশ। বিগত ২৪ ঘন্টায় ভারতে চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা বেড়ে ১৯,৫০৯-এ পৌঁছেছে, শেষ ২৪ ঘন্টায় সক্রিয় রোগীর সংখ্যা বেড়েছে ১১২৩ জন। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০৫ শতাংশ রোগী চিকিৎসাধীন রয়েছেন। ভারতে বিগত ২৪ ঘন্টায় করোনাভাইরাসের টিকা পেয়েছেন ১২ লক্ষ ৪৪ হাজার ২৯৮ জন প্রাপক, ফলে ভারতে বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ১,৯৩,৭০,৫১,১০৪ জনকে কোভিড টিকা দেওয়া হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ৫ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৫,২৪,৬৪১ জন (১.২২ শতাংশ)। বুধবার সারা দিনে ভারতে সুস্থ হয়েছেন ২,৫৮৪ জন। বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,২৬,২০,৩৯৪ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৭৪ শতাংশ।



বাজারে এসে গেল সুস্বাদু লিচু। ক্রেতার অপেক্ষায় ব্যবসায়ীরা। ছবি ঃ নিজস্ব

# হরেকরকম
হরেকরকম
হরেকরকম

## প্রচণ্ড গরমই কি প্রাণ কাড়ল? হিট স্ট্রোকের চেয়েও বড় ভয় হার্ট অ্যাটাক

বহু মানুষের ভিড়, প্রচণ্ড গরম, এসি বন্ধ, তার মধ্যেই একটানা মঞ্চ কাঁপিয়ে সেরা পারফরম্যান্স দিয়ে গেলেন নব্বইয়ের দশক কাঁপানো কিংবদন্তী সঙ্গীতশিল্পী কৃষ্ণকুমার কুন্নাথ ওরফে কেকে। মৃত্যুর কয়েক মুহূর্ত আগে অবধি বুঝিয়ে দিয়ে গেলেন শিল্পীরা বিশ্রাম নেন না। হার্ট অ্যাটাকেই মৃত্যু হয়েছে কেকে-র এমনটাই বলছেন অভিজ্ঞ কার্ডিওলজিস্টরা।

মঞ্চে তাঁর শারীরিক অভিব্যক্তিই জানান দিয়েছিল অনেক কিছু। নিয়মিত ট্রেডমিলে হাঁটতেন, কার্ডিও করতেন, ডায়েট মেনে পরিমিতি ও পুষ্টিকর খাবার খেতেন, তাও কেন আচমকা হার্ট অ্যাটাকের শিকার হলেন কেকে? কার্ডিওলজিস্টরা বলছেন, অনেকগুলো ফ্যাক্টর কাজ করতে পারে-এক, আগে থেকেই শারীরিক অস্বস্তি হচ্ছিল গায়কের, তা চেপেই তিনি পারফর্ম করে যাচ্ছিলেন। দুই, প্রচণ্ড গরম, মানুষজনের ভিড়-ধাক্কাধাক্কি, তার ওপরে এসি বন্ধ-গরমেই হার্টের ছন্দ ওঠানামা করছিল, তিন, আচমকা রক্তচাপ বেড়ে গিয়ে বিপদ হয়েছে।

ভ্যাপসা গরমে হিট স্ট্রোকের থেকেও হার্ট অ্যাটাকের ভয় বেশি, এমনটাই বলছেন হৃদরোগ বিশেষজ্ঞরা। গ্রীষ্মকালের দাবদাহের সঙ্গে হার্টের রোগের যোগসূত্র আছে। অতিরিক্ত ঘামও বিপদের কারণ হতে পারে।

চিকিতসকরা বলছেন, রোগীর ধমনী ব্লক হয়ে গেলে অক্সিজেনপূর্ণ রক্ত হৃতপিণ্ডে পৌঁছনো বন্ধ হয়ে যায়। তখনই হয় হার্ট অ্যাটাক। দ্রুত চিকিতসা শুরু না হলে হার্ট অকেজো হয়ে যায়। গরমকালে এই ধরণের হৃদরোগ হতে পারে রাতের দিকে। দরদর করে ঘাম হওয়া একেবারেই ভাল নয়। এতে শরীর থেকে জল ও প্রয়োজনীয় খনিজ বেরিয়ে গিয়ে বিপদ ডেকে আনবে। কার্ডিওলজিস্টরা বলছেন, গরমে হজমের গোলমাল বেশি হয়। বদহজমও হার্ট অ্যাটাকের কারণ হতে পারে। গরমের দিনে সামান্য কিছু খেলেই হজম করতে বেশ অসুবিধা হয়। বদহজম হলে হার্টের উপর তার প্রভাব পড়ে। তাছাড়া কর্মব্যস্ত জীবনে কম ঘুম, বিশ্রামের অভাব, বাড়তে থাকা মানসিক চাপ এবং উদ্বেগও হার্ট অ্যাটাকের কারণ হতে পারে।

গরমে হার্ট অ্যাটাক থেকে সাবধান থাকুন

হার্টের কোনও রোগ নেই, তাও আচমকাই বিকল হয়ে গেল হৃদযন্ত্র, এমন উদাহরণ অনেক। সঙ্গীতশিল্পী কেকে-র মৃত্যুই বুঝিয়ে দিল বিপদ হানা দিতে পারে যখন তখন। ভাল খাবার খাওয়া, নিয়ম মেনে চললেও ঝুঁকি সবসময় এড়ানো যায় না। তাই সামান্য লক্ষণ দেখা দিলেও তা এড়িয়ে না যাওয়ারই পরামর্শ দিচ্ছেন ডাক্তারবাবুরা। সময় থাকতে চিকিতসা শুরু হলে বিদ এড়ানো সম্ভব। কার্ডিওলজিস্টরা বলছেন, এই প্রচণ্ড গরমে হাল্কা এক্সারসাইজ করুন। আসলে আপনি এক্সারসাইজ করার সময় শরীরে তাপমাত্রা অনেকটা বেড়ে যায়। এছাড়া বেশি এক্সারসাইজ করতে গিয়ে হার্টের রক্ত পাম্প করার গতিও বাড়ে। ফলে সমস্যা দেখা দিতে পারে।

দিনভর গরম থাকলে এবং রাতেও তাপমাত্রা না কমলে, হাল্কা খাবার খান। এই সময় জাঙ্ক ফুড বা স্ট্রিট ফুড বেশি খেলেই হজমের গোলমাল দেখা দেবে। কোলেস্টেরল বা ট্রাইগ্লিসারাইড বেড়ে গিয়ে বিপদ হতে পারে।

হার্ট দুর্বল হলে বেশি ভারী কাজ, দৌড়োদৌড়ি না করাই ভাল। বিশেষ করে রাতের দিকে বেশি ভিড়-জমায়েত এড়িয়ে চলার চেষ্টা করবেন।

এই সময় ডিহাইড্রেশন বেশি হয়, পরিমাণমতো জল খান।

বুকে-পিঠে ব্যথা, হাতে একটানা ব্যথা হলেও সাবধান হতে হবে। একটানা অনেক দিন ধরে চিনচিনে ব্যথা হলেও সাবধান। এই সব ক্ষেত্রে যত তাড়াতাড়ি ডাক্তার দেখাবেন তই বিপদ থেকে রক্ষা পাওয়ার সম্ভাবনা বেশি।

রাতের বেলা আচমকা ঘুম ভেঙে দেখলে সারা শরীর ঘামে ভিজে গেছে, বুকে চাপ লাগছে, শ্বাস নিতেও সমস্যা হচ্ছে, তাহলে একদম দেরি না করে ডাক্তারের সঙ্গে কথা বলুন।

কর্মব্যস্ত জীবনে বিশ্রামের সময় অনেক কমে এসেছে। কার্ডিওলজিস্টরা বলছেন, পর্যাপ্ত মাত্রায় ঘুম না হলে কিন্তু হৃদরোগের ঝুঁকি বাড়ে। শরীর যদি সঠিক পরিমাণে বিশ্রাম না পায়, তা হলে রক্তে অক্সিজেন সরবরাহ কমে যায়। সে ক্ষেত্রে স্ট্রেস হরমোন নিঃবের হতে থাকে যা হার্ট অ্যাটাকের ঝুঁকি বাড়িয়ে দেয়।

উচ্চ রক্তচাপের সমস্যা, ঘুমের সমস্যা, মানসিক ক্লান্তি থাকলে মেডিটেশন করুন। মন হাল্কা থাকলে হার্টও ফুরফুরে থাকবে।

## কফি ও চা পান মস্তিষ্কের দীর্ঘস্থায়ী সুস্বাস্থ্যে ভূমিকা রাখে

সাম্প্রতিক গবেষণা থেকে জানা যায়, কফি ও চা পান মস্তিষ্কের দীর্ঘস্থায়ী সুস্বাস্থ্যে ভূমিকা রাখে।

'পিএলওএস মেডিসিন' সাময়িকীতে প্রকাশিত সমকক্ষ পর্যালোচিত গবেষণায় দেখা গেছে, প্রাপ্ত বয়স্করা যারা দিনে দুই তিন কাপ চা বা কফি পান করেন বা এই দুই পানীয় মিলিতভাবে ছয়বার কেউ পান করেন তবে তাদের মাঝে স্মৃতিভ্রংশ ও স্ট্রোকের ঝুঁকি অন্যাদের তুলনায় কম হওয়ার সম্ভাবনা থাকে।

চীনের তিয়ানজিন মেডিকেল ইউনিভার্সিটি'র 'স্কুল অফ পাবলিক হেল'য়ের গবেষকরা যুক্তরাজ্যের 'বায়ো ব্যাংক'য়ে অংশ



নেওয়া ৩ লাখ ৬০ হাজার জন অংশগ্রহণকারীর ওপর ১০ থেকে ১৪ বছরের বেশি সময় ধরে এই পর্যবেক্ষণ চালান।

গবেষণায় ৫০ থেকে ৭৪ বছর বয়সিদের ওপর লক্ষ্য রাখা হয়। আর স্ট্রোক বা স্মৃতিভ্রংশ রোগ ছিল এমন অংশগ্রহণকারীদের বাদ দেওয়া হয়। গবেষণার ফলাফলে দেখা গেছে, যারা একেবারেই পান করেন না তাদের তুলনায় যারা দুতিন কাপ কফি, তিন থেকে পাঁচ কাপ চা বা এর সংমিশ্রণ পান করেন তাদের মাঝে স্মৃতিভ্রংশ বা স্ট্রোকের ঝুঁকি সবচেয়ে কম ছিল। আর যারা দুতিন কাপ পান করতেন তাদের মাঝে স্ট্রোকের ঝুঁকি ৩২ শতাংশ এবং স্মৃতিভ্রংশের ঝুঁকি ২৮ শতাংশ হ্রাস পেয়েছে। কফি পানকারীদেরও স্ট্রোকের পরে স্মৃতিভ্রংশ হওয়ার ঝুঁকি কম ছিল। তবে যারা শুধুমাত্র চা পান করেন তাদের ওপর একই প্রভাব দেখা যায়নি।

এই গবেষণার উদ্ধৃতি দিয়ে ইনসাইডার ডটকম'য়ে প্রকাশিত প্রতিবেদনে জানানো হয়, চা ও কফিতে ক্যাফেইন থাকে। আগের অনেক গবেষণায় দেখা গেছে এটা মস্তিষ্কের কার্যকারিতা বাড়ায়।

কফি ও চা'তে রয়েছে একই রকমের পলিফেনল; এক ধরনের মাইক্রোনিউট্রিয়েন্ট, যা উদ্ভিজ্জ উৎস থেকে আসে। এছারাও এগুলোতে থাকা অ্যান্টিঅক্সিডেন্ট মস্তিষ্কের অবক্ষয় এবং অন্যান্য স্বাস্থ্য সমস্যার বিরুদ্ধে কাজ করতে সহায়তা করে। গবেষণাপত্রের শেষে সতর্ক করে দিয়ে জানানো হয়, "চা ও কফির সঙ্গে মস্তিষ্কের সম্পর্ক রয়েছে। তবে মনে রাখতে হবে অতিরিক্ত চা বা কফি পান স্ট্রোক ও স্মৃতিভ্রংশ রোগে আক্রান্ত হওয়া থেকে প্রতিহত করতে পারে না।"

## হার্ট অ্যাটাকের প্রাথমিক লক্ষণ উপেক্ষা করি না তো আমরা?



জীবনের শেষ গানটা গাইলেন কলকাতার নজরুল মঞ্চে। 'হম, রহে ইয়া না রহে কাল.' তারপরের ছবিটা এখনও মেনে নিতে পারছে না কেউ। বলিউডের তারকা গায়ক কেকে আর নেই। নজরুল মঞ্চে অনুষ্ঠান শেষ করেই চলে যান ধর্মতলার বিলাসবহুল হোটেলে। সেখানে পৌঁছে শারীরিক অবস্থার অবনতি হতে থাকে। সঙ্গে সঙ্গে আলিপুরের বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয় তাঁকে।

সেখানেই চিকিতসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করে। মঙ্গলবার তখন ঘড়িতে বাজে রাত সাড়ে ন'টা। চিকিতসকদের প্রাথমিক অনুমান, হৃদ্‌রোগে আক্রান্ত হয়েই মৃত্যু হয়েছে কেকে-র। তবে ময়নাতদন্ত রিপোর্ট এখনও এসে পৌঁছায়নি। শোকের ছায়া অনুরাগী মহলে।

গান গাইতে গাইতেই চলে গেলেন কৃষ্ণকুমার কুনাথ ওরফে কেকে। বয়স হয়েছিল ৫৪ বছর। সম্পূর্ণভাবে সুস্থ থাকার সত্ত্বেও এত কম বয়সে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু মেনে নিতে পারছে না কেউই। এই আকস্মিকতাকে ঘিরে নানা প্রশ্ন উঠছে। অভিযোগ অনুষ্ঠান চলাকালীন বাতানুকুল যন্ত্র ঠিক করে কাজ করছিল না। অনুষ্ঠানের সময় স্পট লাইট নিভিয়ে দেওয়ারও অনুরোধ করেন শিল্পী। তার ওপর বেসামাল ভিড়। গান গাইতে গাইতে ঘামতেও দেখা গিয়েছে গায়ককে। তবু কেউ বুঝতে অবধি পারেনি এর পর মুহূর্তে কী ঘটতে চলেছে। ইতিমধ্যেই নজরুল মঞ্চে কেকে-এর শোয়ের বেশ কিছু ভিডিয়ো ফুটেজ প্রকাশ্যে এসেছে। যেখানে দেখা যাচ্ছে, শো শেষ করে শিল্পী মঞ্চ থেকে বেরিয়ে যাচ্ছেন। তাঁকে দৃশ্যত বিধ্বস্ত লাগছিল। আয়োজকরা তাঁকে ঘিরে ঘরে মঞ্চ থেকে বার করে নিয়ে যান। পিছনে ছিলেন অনুরাগীরা।

কিন্তু যে বিষয়টা একেবারেই উপেক্ষা করা যায় না তা হল এত কম বয়সে হার্ট অ্যাটাক। আগে মানুষের মধ্যে একটা ধারণা ছিল যে, বার্ধক্যের সঙ্গে দেখা দেয় হৃদরোগ। কিন্তু এখন বদলে গিয়েছে চিত্রটা। কম বয়সেও মানুষ শিকার হচ্ছে হার্ট অ্যাটাকের। আর পরিণাম হচ্ছে মৃত্যু। যদিও কম বয়সে হার্ট অ্যাটাকের পিছনে বেশ কয়েকটি কারণ দায়ী। ইয়ং জেনারেশনের খাদ্যাভাস, ধূমপান, মানসিক চাপ এবং নিয়মিত শরীরচর্চা না করা হার্ট অ্যাটাকের প্রবণতাকে বাড়িয়ে তুলছে। কম বয়সিদের মধ্যে ফার্স ফুড খাওয়ার চল বেশি, আর এই ফার্স ফুডে প্রচুর পরিমাণে ফ্যাট রয়েছে যা হার্টের ক্ষতি করে। যাঁরা নিয়মিত জিম করেন এবং তার সঙ্গে খাদ্যাভাস বজায় রাখেন তাঁদের মধ্যে হৃদরোগের ঝুঁকি অনেক কম। কিন্তু যাঁরা দ্রুত ফল পাওয়ার জন্য অত্যধিক জিম করেন এবং যাঁরা ব্যায়ামের সঙ্গে খাদ্যাভাস বজায় রাখেন না তাঁদের মধ্যে হার্ট অ্যাটাকের প্রবণতা বেশি। এছাড়াও জেনেটিক এই রোগের অন্যতম একটি কারণ। তবে এমন নয় যে, ফ্যামিলি হিস্টোরি না থাকলে হার্ট অ্যাটাক হবে না।

কিন্তু কেকে-র অসুস্থ হয়ে পড়া এবং কালক্রমে মৃত্যু- এই বিষয়টিকে কোনওভাবেই মেনে নেওয়া যাচ্ছে না। প্রত্যক্ষদর্শীদের দাবি, গাইতে গাইতে দরদর করে ঘামতেও দেখা গিয়েছিল গায়ককে। এটা কিন্তু হার্ট অ্যাটাকের একটি লক্ষণ। প্রাথমিক ভাবে আমাদের জানা দরকার হার্ট অ্যাটাক কী? হার্ট অ্যাটাক হল একটি মেডিকেল ইমার্জেন্সি যেখানে রক্ত জমাট বাঁধার কারণে হৃতপিণ্ডে রক্ত চলাচল হঠাত বন্ধ হয়ে যায়। ডাক্তারি ভাষায় একে মায়োকার্ডিয়াল ইনফার্কশন বলে। শারীরিক অস্বস্তি হার্ট অ্যাটাকের অন্যতম সাধারণ লক্ষণ যা উপেক্ষা করা উচিত নয়। অনেকেই এই বিষয়টি এড়িয়ে যান এবং এখানেই বিপত্তি ঘটে। হার্ট অ্যাটাক হলে বুকে ব্যথা (যন্ত্রণা), বুকে চাপ লাগা (অস্বস্তি), বুকের ডান বা বাঁ দিক অথবা উভয় দিকেই ব্যথা, বুকে ব্যথা শুরু হয়ে তা বাঁ হাত দিয়ে নেমে যেতে পারে অথবা চোয়াল দিয়ে ওপরে উঠে যেতে পারে। আরেকটি উপসর্গ হল অত্যধিক পরিমাণে ঘাম হওয়া।

এর পাশাপাশি আরেকটি বিষয়কে কোনও উপেক্ষা করা যায় না। তা হল অত্যধিক গরম পরিবেশ। মঙ্গলবারের সন্ধ্যায় কলকাতা এক পশলা বৃষ্টিতে ভিজলেও তাপমাত্রা কমেনি। তার ওপর অভিযোগ নজরুল মঞ্চে এসি সঠিকভাবে কাজ করছিল না। সব মিলিয়ে দমবন্ধ করা পরিবেশ তৈরি হয়। বিশেষজ্ঞদের মতে, গরমের প্রখর তাপও হার্ট অ্যাটাকের কারণ হতে পারে। অত্যধিক তাপমাত্রা রক্তচাপ কমাতে পারে যার ফলে হৃতপিণ্ড দ্রুত স্পন্দিত হয়। প্রচণ্ড গরমের সময়, শরীরের তাপমাত্রা স্বাভাবিক করার জন্য আরও রক্ত পাম্প করার জন্য হার্টের উপর অতিরিক্ত বোঝা পড়ে। এতে হার্ট অ্যাটাকের ঝুঁকি বেড়ে যায়। এই ভাবে বেড়ে যায় হার্ট অ্যাটাকের ঝুঁকি। এই প্রতিবেদনটি শুধুমাত্র তথ্যের জন্য, কোনও ওষুধ বা চিকিতসা সংক্রান্ত নয়। বিস্তারিত তথ্যের জন্য আপনার চিকিতসকের সঙ্গে পরামর্শ করুন।

## সকাল শুরু হোক একগ্লাস মিল্কশেক দিয়ে



বর্তমান জীবনধারা আমাদের হার্টের ওপর প্রভাব ফেলে। এই ক্ষেত্রে হার্টকে ভাল রাখতেও আপনি নিয়মিত কলার মিল্কশেক পান করতে পারেন। এর মধ্যে পটাশিয়াম রয়েছে যা উচ্চ রক্তচাপকে নিয়ন্ত্রণে রেখে শরীরকে সুস্থ রাখে। তাছাড়া সকালের ব্রেকফাস্টে এমন খাবার খাওয়া উচিত যা আপনাকে সারাদিন চনমনে রাখতে সাহায্য করে। এই ক্ষেত্রে কলার তৈরি মিল্কশেকের কোনও বিকল্প হয় না।

সকালে অনেকেই শরীরচর্চা করেন। ব্যায়াম করার পর এমন খাবার খান যা শরীরকে ভাল রাখে। এই ক্ষেত্রে পুষ্টিবিদরা সব সময় কলা এবং কলার তৈরি মিল্কশেক খাওয়ার পরামর্শ দেন। এর চেয়েও বড় বিষয় হল, কলার মিল্কশেক তৈরি করতে প্রয়োজন আমন্ড মিল্ক আর ওটস। এই দুটো উপাদানই পুষ্টিতে ভরপুর।

কীভাবে তৈরি করবেন কলার মিল্কশেক-

উপকরণ: ১ কাপ আমন্ড মিল্ক (আপনি অন্য যে কোনও দুধ ব্যবহার করতে পারেন), ১ টা বড় পাকা কলা, ১/৪ কাপ ওটমিল, ২ চামচ পিনাট বাটার।

সকালবেলা উঠে একটু তাড়াই থাকে। সময়মতো অফিস যেতে হবে। বাড়িতেও রয়েছে নানা কাজ। এর মাঝে ব্রেকফাস্ট ঠিক মতো করাই হয় না। আর এখানেই তৈরি হয় যত সমস্যা। ইংরেজিতে একটা প্রবাদ রয়েছে. অর্থাত সকালের খাবার ভরপেট খেতে হবে। কিন্তু ব্যস্ততার কারণে সেটাই মিস করে যান। আর এখানেই দেখা দেয় পুষ্টির ঘাটতি। শরীরে দুর্বলতা, হজমে সমস্যা, ক্লান্তি, ওজন বেড়ে যাওয়ার মতো নানা সমস্যা ঘিরে ধরে আপনার শরীরকে। তাহলে উপায় কী? এই ক্ষেত্রে ব্রেকফাস্টে আপনাকে সাহায্য করতে পারে এক গ্লাস কলার মিল্কশেক। দুধ ও কলা দিয়ে তৈরি এই পানীয়কে আপনার দৈনন্দিন ডায়েটের একটি অংশ করে তুলুন। এতে শুধু যে পেট ভরবে তা নয়, এর পাশাপাশি শরীরে পুষ্টির ঘাটতিও পূরণ হবে।

কলার তৈরি মিল্কশেকে প্রচুর পরিমাণে ভিটামিন সি রয়েছে। এই ভিটামিন শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলতে সাহায্য করে। এছাড়াও এর মধ্যে প্রচুর পরিমাণে ফাইবার, ভিটামিন বি৬ রয়েছে। এই সব উপাদানগুলো হজম ক্ষমতা বাড়াতে সাহায্য করে।

## সিল্কি, স্মুথ চুল পেতে চান? ঘরে থাকা এই জিনিসগুলি ব্যবহার করুন



সিল্কি, স্মুথ চুল পেতে চান? ঘরে থাকা এই জিনিসগুলি ব্যবহার করুন, রেজাল্ট মিলবে হাতেনাতে!

সিল্কি, স্মুথ চুল সকলেই পেতে চায়। কিন্তু অগোছালো জীবনযাত্রা, ধুলো-ময়লা, দূষণের ফলে চুল রুক্ষ-শুষ্ক হয়ে যায়। চুল পড়া শুরু হয়। বিভিন্ন নামীদামী প্রোডাক্ট ব্যবহার করেও ভাল ফল মেলে না! তবে ঘরোয়া পদ্ধতি প্রয়োগে আপনি এই সমস্যার সমাধান করতে পারেন। উজ্জ্বল ও সিল্কি চুল পেতে চাইলে বাড়িতে থাকা এই জিনিসগুলি আপনি চুলে লাগাতে পারেন -

অ্যালোভেরা

ফ্রেশ অ্যালোভেরা জেল বার করে ব্লেন্ডারে দিয়ে ভাল ভাবে ব্লেন্ড করুন, যতক্ষণ না পর্যন্ত স্মুথ হচ্ছে। এরপর তার সাথে জল মেশান। এবার এটি আপনার পুরো চুলে লাগিয়ে ৩০ মিনিট রেখে দিন। তারপর ঠান্ডা জল দিয়ে চুল ধুয়ে ফেলুন।

টক দই

চুলে টক দই ব্যবহারের কথা আমরা অনেকেই জানি। চুলে ভালভাবে টকদই লাগিয়ে শাওয়ার ক্যাপ লাগিয়ে রাখুন। আধ ঘণ্টা রেখে হালকা গরম জল দিয়ে চুল ধুয়ে ফেলুন।

নারকেল তেল

একটি বাটিতে তিন টেবিল চামচ নারকেল তেল নিয়ে হালকা গরম করুন। এবার আঙুলের সাহায্যে ১৫ মিনিট এটি স্ক্যাল্পে ম্যাসাজ করুন। এরপর ২০ মিনিট শাওয়ার ক্যাপ দিয়ে চুল ঢেকে রাখুন। তারপর মাইল্ড শ্যাম্পু ও ঠান্ডা জল দিয়ে চুল ধুয়ে নিন।

চা ব্যবহার করতে পারেন চা শুধু পানীয়ই নন, চুলের জন্যও খুব উপকারি। প্রথমে আপনার চুল ভাল করে ধুয়ে ফেলুন। তারপর লাল চা বানিয়ে ঠাণ্ডা করে আপনার চুলে লাগান। আধ ঘণ্টা রেখে ধুয়ে ফেলুন। অলিভ অয়েল একটি বাটিতে তিন টেবিল চামচ অলিভ অয়েল নিয়ে হালকা গরম করুন। এবার আঙুলের সাহায্যে ১৫ মিনিট এটি স্ক্যাল্পে ম্যাসাজ করুন। এরপর ২০ মিনিট শাওয়ার ক্যাপ দিয়ে চুল ঢেকে রাখুন। তারপর মাইল্ড শ্যাম্পু ও ঠান্ডা জল দিয়ে চুল ধুয়ে নিন।

## হম রহে ইয়া না রহে কাল - ভাঙল জীবনজুটি

এমন ভাবে আলভিদা জানাতে হবে কে জানত? কেউ না। কেউ ঘুণাক্ষরেও বুঝতে পারেননি এই গান, এই কনসার্টই শেষ কনসার্ট। এরপরেই থেমে যাবে তাঁর কণ্ঠ? নাহ, কেউ জানত না। যেমন জানতেন না কে কে-এর দর্শক তেমনি জানতেন না তাঁর স্ত্রী জ্যোতিকৃষ্ণও। তিনি জানতেন না কলকাতায় দু''দিনের কনসার্ট সেরে তাঁর ঘরের মানুষ আর ঘরে ফিরবেন না। বরং তাঁর নিথর দেহ নিয়ে বাড়ি ফিরতে হবে।

মঙ্গলবার নজরুল মঞ্চে অনুষ্ঠান শেষে হোটেলে ফিরে অসুস্থ বোধ করেন শিল্পী। এরপর তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে মৃত ঘোষণা করা হয়। বুধবার সকালে কলকাতায় পৌঁছান তাঁর স্ত্রী ও পুত্র নকুল। বিধ্বস্ত- ভাঙামনে কলকাতায় স্বামীর নিথর দেহ ফিরিয়ে নিয়ে যেতে এসেছেন স্ত্রী জ্যোতিকৃষ্ণ। কলকাতা বিমানবন্দর থেকে এদিন সোজা তে পৌঁছান তাঁরা। মেয়ে তামারা আসেননি। ময়নাতদন্তের পর কলকাতা থেকে মুম্বইয়ের উদ্দ্যেশে শিল্পীর মৃতদেহ নিয়ে রওনা দেবে তাঁরা মুম্বইয়ের উদ্দেশ্যে। এদিন থেকে দেহ পৌঁছায় -য়ে। সেখানেই হবে ময়নাতদন্ত। পুরো প্রক্রিয়াটি ভিডিওগ্রাফিও করা হবে। যদিও মনে করা হচ্ছে ম্যাসিভ হার্ট অ্যাটাকের জেরেই মৃত্যু হয়েছে তাঁর। এদিন শো চলাকালীন দরদর করে ঘামছিলেন। স্পটলাইট অফ করে দিতে বলছেন বারবার শিল্পী। রাত ন''টা নাগাদ শো শেষে ধর্মতলার গ্র্যান্ড হোতেলে পোউছান। হোটেলে ফিরেই আরও বেশি অসুস্থ বোধ করছিলেন। বমি করছিলেন, ঠেঁটে চোটও রয়েছে। তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী থেকে প্রধানমন্ত্রী। শোকস্তব্ধ গোতা সঙ্গীতমহল।

## অবশেষে টাক মাথায় চুল গজানোর ওষুধের আবিষ্কার

বিশ্বের কোটি কোটি মানুষ এবার একটি ওষুধের কল্যাণে চুল ফিরে পাওয়ার নতুন আশা দেখতে পারেন। মার্কিন ওষুধ কোম্পানি কনসার্ট ফার্মাসিউটিক্যালস বলছে, তারা নতুন একটি ওষুধ আবিষ্কার করেছে। এই ওষুধটি পরীক্ষামূলকভাবে টাক মাথার মানুষের মাঝে ব্যবহারের ছয় মাসের মধ্যে পুরো মাথায় চুল গজিয়েছে। গবেষণায় অংশ নেওয়া প্রায় অর্ধেক মানুষের পুরো মাথায় চুল গজিয়েছে মাত্র ছয় মাসের মধ্যে। টাক নিয়ন্ত্রণে নতুন এই ওষুধের আবিষ্কারকে ''গুরুত্বপূর্ণ মাইলফলক''বলে অভিহিত করেছেন বিজ্ঞানীরা। কনসার্ট ফার্মাসিউটিক্যালসের তৈরি এই ওষুধ দিনে দু''বার সেবন করতে হয়। অ্যালোপেসিয়া অ্যারিয়াটা বা টাক রোগ হল একটি অটোইমিউন ব্যাধি। যেখানে চুলের গ্রন্থিকোষ ভুলভাবে ইমিউন সিস্টেম দ্বারা আক্রান্ত হয়। যার ফলে চুল পড়ে যায়। কারও কারও মাথায় একাধিক ছোট ছোট টাক থাকে এবং তাদের চুল স্বাভাবিকভাবে বেড়ে উঠতে পারে। কিন্তু অন্যদের ক্ষেত্রে মাথার ত্বকের সব চুল পড়ে যায়। এই টাক অবস্থার কোনও প্রতিকার নেই। তবে কিছু ওষুধ পুনরায় চুল গজাতে সাহায্য করতে পারে। ওষুধ কোম্পানি কনসার্ট ফার্মাসিউটিক্যালস মার্কিন যুক্তরাষ্ট্রে ৭০৬ জন মানুষের ওপর তাদের ওষুধের পরীক্ষা চালিয়েছে। পরীক্ষায় অংশ নেওয়া সবারই মাঝারি থেকে গুরুতর অ্যালোপেসিয়া অ্যারিয়াটা ছিল। তাদের প্রাথমিকভাবে তিনটি দলে ভাগ করা হয়। একটি দলকে ৮ মিলিগ্রামের দু''টি বড়ি দিনে দু''বার সেবন করার জন্য দেওয়া হয়। আরেকটি দলকে দৈনিক ১২ মিলিগ্রামের দু''টি বড়ি দেওয়া হয়। এছাড়া অপর গ্রুপকে দেওয়া হয় প্ল্যাসেবো। পরীক্ষায় দেখা যায়, যাদের প্ল্যাসেবো দেওয়া হয়েছিল তাদের তুলনায় যারা বড়িগুলো

## মনচলি চক্রবর্তী'র দুটি কবিতা

### প্রকৃতির শিক্ষা

প্রকৃতির মাঝে থেকে
শিখতে পেরেছি
সহজ সরল উদার হতে।
গাছ আমায় প্রেরণা জোগায়
অন্যের জীবন বাঁচাতে।
উঁচু পাহাড় আমায় শিখায়
উঁচু মনের হয়ে গড়ে উঠতে।
উজ্জ্বল সূর্য আমায়
প্রেরণা দেয়, তেজস্বী হতে।
সাগর আমায় শিক্ষা দেয়
সৃষ্টি কে ধারন করতে।
নদীর কাছে শিক্ষা পাই
নিজের জীবনে গতিপথে ছুটতে,
মাটির কাছ থেকে শিখেছি
নতুন সৃষ্টি ফসল ফলাতে।
ঝর্ণা আমায় শিখিয়েছে
মনের আনন্দে গান গেয়ে যেতে।
এই প্রকৃতি, এই পৃথিবী
আমার প্রকৃত শিক্ষা গুরু।
প্রতিদিন প্রতিক্ষন নতুন কিছু
শিখে জীবনের পথ চলা করি শুরু।

### রঙীন ঘুড়ি

রঙীন কাগজের সাজে কত ঘুড়ি
বাতাসের টানে দেয় আকাশে পাড়ি
সূয্যিমামার কিরনে মিশে
হারিয়ে যাবে সে কোন সূদুর দেশে
আকাশের নীলিমার সাথে করে খেলা
চারিদিকে ছড়াবে সে রঙের মেলা
দিনের শেষেতে সময় ফুরোবে
ঘুড়িদের দল ঘরে ফিরে যাবে।




সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন এনএসইউআই নেতৃত্বরা। ছবি ঃ নিজস্ব

## হায়দরাবাদে তেলেঙ্গানা প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী কে চন্দ্রশেখর রাও

হায়দরাবাদ, ২ জুন(হি.স) : বুধবার হায়দরাবাদে অনুষ্ঠিত তেলেঙ্গানা প্রতিষ্ঠা দিবস উপলক্ষে একটি অনুষ্ঠানে যোগ দিলেন তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী কে চন্দ্রশেখর রাও। তিনি আগে বলেছিলেন, মানুষের ত্যাগের কারণে তেলেঙ্গানা গঠন সম্ভব হয়েছিল।

তেলেঙ্গানা প্রতিষ্ঠা দিবস উপলক্ষে সরকার জনগণের সুবিধার্থে সম্পাদিত উন্নয়নমূলক কাজগুলি তুলে ধরে একটি ১৭২ পৃষ্ঠার "প্রগতি প্রতিবেদন" প্রকাশ করেছেন। প্রতিবেদনে সরকার সেই পরিকল্পনাগুলি নির্ধারণ করেছে, শাদি মোবারক, কেসিআর কিটস, কল্যাণ লক্ষ্মী, রিথু বিমা, রাইথু বন্ধু, আশারা পেনশনের মাধ্যমে রাজ্যের জনসংখ্যার একটি বড় অংশকে উপকৃত হয়েছে। .প্রতিবেদন অনুসারে, প্রায় ৬৩ লক্ষ কৃষক বছরে দুবার রাইথুবন্ধু পাচ্ছেন।তেলেঙ্গানা আনুষ্ঠানিকভাবে ২০১৪ সালের ২ জুন গঠিত হয়েছিল। আর এই কারণে দিনটি তেলেঙ্গানা দিবস বা তেলেঙ্গানা গঠন দিবস হিসাবে পালিত হয়। এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উপলক্ষে তেলেঙ্গানার জনগণকে শুভেচ্ছা জানিয়ে বলেন, 'তেলেঙ্গানার আমার বোন ও ভাইদের শুভেচ্ছা। তেলেঙ্গানার জনগণ কঠোর পরিশ্রম এবং জাতীয় অগ্রগতির প্রতি অতুলনীয় উৎসর্গের সমার্থক। রাজ্যের সংস্কৃতি বিশ্ববিখ্যাত। আমি তাদের মঙ্গল কামনা করি।'

## করোনায় আক্রান্ত কংগ্রেসের সাধারণ সম্পাদক কেসি ভেনুগোপাল

নয়াদিল্লি, ২ জুন(হি.স) : কংগ্রেসের অন্তর্বর্তী সভাপতি সোনিয়া গান্ধী করোনা আক্রান্ত হওয়ার খবরের পর এবার জানা গেল কংগ্রেসের সাধারণ সম্পাদক কেসি ভেনুগোপালও করোনায় আক্রান্ত হয়েছেন। করোনা পরীক্ষা করার পর রিপোর্টও এসেছে করোনা পজিটিভ। এর পাশাপাশি বৈঠকে আসা কয়েকজন নেতাও সংক্রমণের শিকার হয়েছেন বলে জানা গেছে। তাঁর সঙ্গে কংগ্রেসের সাধারণ সম্পাদক কেসি ভেনুগোপালও করোনায় আক্রান্ত হয়েছেন।প্রবীণ কংগ্রেস নেতা রণদীপ সিং সুরজেওয়ালা টুইট করে জানিয়েছেন, কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধী গত এক সপ্তাহ ধরে নেতা-কর্মীদের সঙ্গে দেখা করছেন, যাদের মধ্যে কয়েকজনকে করোনা আক্রান্ত পাওয়া গেছে। গত সন্ধ্যায় কংগ্রেস সভাপতি হালকা জ্বর এবং কোভিডের লক্ষণ দেখেছিলেন। তদন্তে তাকে কোভিড পজিটিভ পাওয়া গেছে। তিনি আরও বলেন, কংগ্রেস সভাপতি ডাক্তারের পরামর্শ অনুসারে নিজেকে নিভৃতাবাসে রেখেছেন। তিনি বলেন, ইতিমধ্যেই তিনি ৮ জুন এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের (ইডি) সামনে হাজির হবেন। এদিকে সোনিয়ার তদন্ত রিপোর্টে করোনা আক্রান্ত হওয়ার পর কংগ্রেসের সাধারণ সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধীও লখনউতে তার অনুষ্ঠান বাতিল করেছেন এবং তিনিও দিল্লিতে রয়েছেন।

## মুক্তির আগেই উত্তর প্রদেশে করমুক্ত 'সম্রাট পৃথ্বীরাজ', ঘোষণা যোগীর

লখনউ, ২ জুন (হি.স) : মুক্তির আগেই উত্তর প্রদেশে 'সম্রাট পৃথ্বীরাজ' সিনেমাকে করমুক্ত ঘোষণা করলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। তিনি মন্ত্রিসভার সহকর্মীদের সঙ্গে বসে 'সম্রাট পৃথ্বীরাজ'—এর একটি বিশেষ স্ক্রিনিংয়ে অংশ নেওয়ার পরই বৃহস্পতিবার রাজ্যে সিনেমাটিকে করমুক্ত ঘোষণা করেছেন। উপ-মুখ্যমন্ত্রী কেশব প্রসাদ মৌর্য, পরিবহন মন্ত্রী দয়া শঙ্কর সিং, জে পি এস রাঠোর, এ কে শর্মা, নন্দ গোপাল গুপ্ত নন্দী এবং অন্যান্যরাও স্ক্রিনিংয়ে উপস্থিত ছিলেন। সিনেমার স্ক্রিনিং স্থানীয় লোক ভবনে অনুষ্ঠিত হয়েছিল এবং বলিউড তারকা অক্ষয় কুমার, মানুশি চিল্লার এবং পরিচালক চন্দ্র প্রকাশ দ্বিবেদী উপস্থিত ছিলেন।

## নতুন তিন বিচারপতি পেল দিল্লি হাইকোর্ট, বিচারকের সংখ্যা বেড়ে ৪৭

নয়াদিল্লি, ২ জুন (হি.স.) : নতুন তিন বিচারপতি পেল দিল্লি হাইকোর্ট। বৃহস্পতিবার দিল্লি হাইকোর্টের বিচারপতি হিসেবে শপথ নিয়েছেন নতুন তিনজন বিচারপতি। এই তিনজন বিচারপতি হলেন-বিচারপতি পুরুষেন্দ্র কুমার কৌরভ, বিচারপতি অনীশ দয়াল এবং বিচারপতি অমিত শর্মা। নতুন তিনজন বিচারপতি শপথ নেওয়ার পর দিল্লি হাইকোর্টে মোট বিচারকের সংখ্যা বেড়ে হল ৪৭।

বৃহস্পতিবার দিল্লি হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি বিপিন সাঙ্ঘী নতুন তিনজন বিচারপতিকে শপথবাক্য পাঠ করান। প্রধান বিচারপতির কোর্টে হাইকোর্টের অন্যান্য বিচারপতি, আইনজীবী এবং সদ্য শপথ নেওয়া বিচারপতিদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে শপথ গ্রহণ অনুষ্ঠান আয়োজিত হয়। নতুন তিনজন বিচারপতি শপথ নেওয়ার পর দিল্লি হাইকোর্টে বিচারকের সংখ্যা ৪৭ জনে পৌঁছেছে, যার মধ্যে ১২ জন মহিলা বিচারপতি রয়েছেন। প্রসঙ্গত, বুধবারই মধ্যপ্রদেশ হাইকোর্ট থেকে বিচারপতি কৌরভকে দিল্লি হাইকোর্টে বদলির বিজ্ঞপ্তি দিয়েছিল কেন্দ্র। গত মাসে তাঁর বদলির সুপারিশ করেছিল সুপ্রিম কোর্ট।

## ডবকায় সড়ক দুর্ঘটনায় ঘটনাস্থলেই হত এক

ডবকা (অসম), ২ জুন (হি.স.) : হোজাই জেলার অন্তর্গত ডবকার চারিলেন-বিশিষ্ট জাতীয় সড়কে ভয়াবহ এক পথ দুর্ঘটনায় ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে জনৈক ব্যক্তির। ঘটনা বুধবার রাত প্রায় সাড়ে ১০টা নাগাদ ডবকা স্টেটফেড সংলগ্ন এলাকায় সংঘটিত হয়েছে। নিহতকে ডবকার ভগিরাম গ্রামের বছর ৩২-এর জনৈক কমল বরা বলে শনাক্ত হয়েছে। আজ বৃহস্পতিবার ডবকা থানা সূত্রে প্রাপ্ত খবরে জানা গেছে, কোনও এক অজ্ঞাত গাড়ির ধাক্কায় কমল বরার মৃত্যু হয়েছে। দুর্ঘটনা সংগঠিত করে অভিশপ্ত গাড়ি নিয়ে পালিয়ে গেছে চালক। থানার সূটি জানিয়েছে, দুর্ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে অকুস্থলে পুলিশের দল গিয়ে আহত কমল বরাকে উদ্ধার করে স্থানীয় সরকারি হাসপাতালে নিয়ে যায়। কিন্তু হাসপাতালের কর্তব্যরত ডাক্তার তাঁর অনেক আগে মৃত্যু হয়েছে বলে ঘোষণা করেন। এর পর আজ সকালে কমলের মৃতদেহ ময়না তদন্তের জন্য নগাঁওয়ে ভুগননী ফুকননী অসামরিক হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

## একদিনে টিকা পেলেন ১২-লক্ষাধিক প্রাপক, ভারতে ১৯৩.৭০-কোটি টিকাকরণ সম্পন্ন

নয়াদিল্লি, ২ জুন হি.স.): কোভিড টিকাকরণ অভিযানের আওতায় ১৯৩.৭০-কোটির বেশি টিকাকরণ সম্পন্ন হয়েছে ভারতে। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ১২ লক্ষ ৪৪ হাজার ২৯৮ জন প্রাপক, ফলে ভারতে বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ১,৯৩,৭০,৫১,১০৪ জনকে কোভিড টিকা দেওয়া হয়েছে। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১ জুন সারা দিনে ভারতে ৪,৪১,৯৮৯ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ৮৫,১৩,৩৮,৫৯৫-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ৪,৪১,৯৮৯ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩,৭১২ জন।

## কঠোর পরিশ্রম ও দেশের অগ্রগতির প্রতি অতুলনীয় উৎসর্গের সমার্থক তেলেঙ্গানার জনগণ : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২ জুন (হি.স.): প্রতিষ্ঠা দিবসে তেলেঙ্গানার জনগণকে শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুভেচ্ছা-বার্তায় প্রধানমন্ত্রী জানিয়েছেন, কঠোর পরিশ্রম ও দেশের অগ্রগতির প্রতি অতুলনীয় উৎসর্গের সমার্থক হলেন তেলেঙ্গানার জনগণ। প্রধানমন্ত্রী জানিয়েছেন, তেলেঙ্গানার সংস্কৃতি বিশ্বখ্যাত। ২ জুন দিনটি তেলেঙ্গানার স্থাপনা দিবস। যথোচিত মর্যাদার সঙ্গে বিশেষ এই দিনটি পালিত হয়েছে। বৃহস্পতিবার সকালে টুইট করে প্রধানমন্ত্রী জানিয়েছেন, 'স্থাপনা দিবসে তেলেঙ্গানার বোন ও ভাইদের শুভেচ্ছা। তেলেঙ্গানার জনগণ কঠোর পরিশ্রম এবং দেশের অগ্রগতির প্রতি অতুলনীয় উৎসর্গের সমার্থক। রাজ্যের সংস্কৃতি বিশ্ববিখ্যাত। আমি তেলেঙ্গানার জনগণের মঙ্গল কামনা করছি।'

দিল্লিতে তেলেঙ্গানার স্থাপনা দিবস উদযাপন করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের প্রতিমন্ত্রী জি কিষেণ রেড্ডি। তিনি বলেছেন, 'বর্তমানে তেলেঙ্গানার উন্নয়নের জন্য কাজ করছে কেন্দ্রীয় সরকার। আমি বিশ্বাস করি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে, তেলেঙ্গানা উন্নয়নের পথে এগিয়ে যাবে। তেলেঙ্গানার মানুষের স্বপ্ন পূরণ করবে বিজেপি।' এদিকে, রাজ্যের স্থাপনা দিবস উপলক্ষ্যে হায়দরাবাদে এদিন একটি অনুষ্ঠানে যোগ দেন তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী কে চন্দ্রশেখর রাও।

## শোপিয়ানে গাড়িতে বিস্ফোরণে আহত ৩ সেনা জওয়ান, একজনের অবস্থা সঙ্কটজনক

শ্রীনগর, ২ জুন (হি.স.): জম্মু ও কাশ্মীরের শোপিয়ান জেলায় ভাড়া নেওয়া একটি গাড়িতে বিস্ফোরণে আহত হয়েছেন ৩ জন সেনা জওয়ান। তাঁদের মধ্যে একজনের অবস্থা সঙ্কটজনক বলে জানা গিয়েছে। সেনাবাহিনীর মুখপাত্র জানিয়েছেন, বৃহস্পতিবার ভোররাত আনুমানিক তিনটে নাগাদ সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সেডো থেকে একটি অভিযান শুরু করা হয়েছিল, পাতিটোহালানে তল্লাশি চালানোর জন্য। সেই স্থানে যাওয়ার সময় সেডো থেকে প্রায় এক কিলোমিটার দূরে ভাড়া নেওয়া গাড়িতে বিস্ফোরণ হয়। ওই গাড়িতেই তল্লাশি চালানোর জন্য যাচ্ছিলেন জওয়ানরা। বিস্ফোরণে ৩ জন সেনা জওয়ান আহত হয়েছেন। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, আইইডি অথবা গ্রেনেড কিংবা গাড়ির ব্যাটারির কারণে বিস্ফোরণ হতে পারে। আহত সেনা জওয়ানদের প্রথমে জেলা হাসপাতাল ও পরে শ্রীনগরের হাসপাতালে ভর্তি করা হয়েছে। কাশ্মীরের ইন্সপেক্টর জেনারেল অফ পুলিশ (আইজিপি) বিজয় কুমার জানিয়েছেন, ভাড়া নেওয়া একটি গাড়িতে বিস্ফোরণে আহত হয়েছেন ৩ জন সেনা জওয়ান। বিস্ফোরণের প্রকৃতি ও উৎস (গ্রেনেডের কারণে বিস্ফোরণ অথবা গাড়ির ভিতরে লাগানো আইইডি কিংবা ব্যাটারির ত্রুটি) জানতে তদন্ত শুরু হয়েছে।

## বাড়ল দায়িত্ব, এবার সত্যেন্দ্র জৈনের মন্ত্রকের ভার নিলেন মণীশ সিসোদিয়া

নয়াদিল্লি, ২ জুন (হি.স.): আরও দায়িত্ব বাড়ল দিল্লির উপ-মুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়ার। অর্থ তছরুপ মামলায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-এর হেফাজতে থাকা দিল্লির মন্ত্রী সত্যেন্দ্র জৈনকে বরাদ্দ করা অর্ধ ডজনেরও বেশি পোর্টফোলিও ন্যস্ত করা হল মণীশ সিসোদিয়াকে। সরকারি বিজ্ঞপ্তিতে এমনটা জানানো হয়েছে। প্রসঙ্গত, স্বাস্থ্য, শিল্প, বিদ্যুৎ, স্বরাষ্ট্রর মতো গুরুত্বপূর্ণ দায়িত্ব সামলাতেন সত্যেন্দ্র জৈন।হাওয়ালার মাধ্যমে বেআইনি ভাবে অর্থ লেনদেনে ধৃত দিল্লির স্বাস্থ্যমন্ত্রী সত্যেন্দ্র জৈন। আগামী ৯ জুন অবধি তিনি ইডি হেফাজতে রয়েছেন। সত্যেন্দ্র জৈনকে মন্ত্রিসভা থেকে বরখাস্ত করার দাবি জানিয়েছে বিজেপি ও কংগ্রেস। সম্ভবত তাই বৃহস্পতিবার সত্যেন্দ্র জৈনকে বরাদ্দ করা অর্ধ ডজনেরও বেশি পোর্টফোলিও ন্যস্ত করা হল মণীশ সিসোদিয়াকে। এর মধ্যে রয়েছে স্বাস্থ্য, শিল্প, বিদ্যুৎ, স্বরাষ্ট্র, নগরোন্নয়ন, সেচ, বন্যা নিয়ন্ত্রণ প্রভৃতি।

## বিজেপিতে যোগ দেওয়ার আগে পূজার্চনা, হার্দিক জানালেন মোদীজির সৈনিক হিসেবে কাজ করব

আহমেদাবাদ, ২ জুন (হি.স.): আনুষ্ঠানিকভাবে ভারতীয় জনতা পার্টি (বিজেপি)-তে যোগ দেওয়ার প্রাক্কালে পূজার্চনা করলেন গুজরাটের পাতিদার আন্দোলনের নেতার হার্দিক প্যাটেল। বৃহস্পতিবার সকালে আহমেদাবাদে নিজ বাসভবনে পূজার্চনা করেছেন হার্দিক প্যাটেল। এদিনই বিজেপিতে যোগ দেবেন তিনি। বিজেপিতে যোগ দেওয়ার প্রাক্কালে টুইট করে হার্দিক জানিয়েছেন, মোদীজির ক্ষুদ্র সৈনিক হিসেবে তিনি কাজ করবেন। এদিন সকালে টুইট করে হার্দিক প্যাটেল জানিয়েছেন, 'জাতীয় স্বার্থ, দেশের স্বার্থে, জনস্বার্থে ও সামাজিক স্বার্থের অনুভূতি নিয়ে নতুন অধ্যায়ের সূচনা করতে চলেছি। ভারতের সফল প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র ভাই মোদীর নেতৃত্বে দেশের সেবার মহৎ কাজে আমি একজন ক্ষুদ্র সৈনিক হিসেবে কাজ করব।' প্রসঙ্গত, কিছু দিন আগেই কংগ্রেস থেকে ইস্তফা দিয়েছিলেন হার্দিক প্যাটেল।

# ৩ জুন উত্তর প্রদেশ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী, একাধিক কর্মসূচি রয়েছে মোদীর

নয়াদিল্লি, ২ জুন (হি.স.): শুক্রবার, ৩ জুন উত্তর প্রদেশ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেদিন উত্তর প্রদেশে একাধিক কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রীর। বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর দফতর থেকে জানানো হয়েছে, শুক্রবার, ৩ জুন উত্তর প্রদেশ সফরে যাবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বেলা এগারোটা নাগাদ তিনি লখনউয়ের ইন্দিরা গান্ধী প্রতিষ্ঠানে পৌঁছবেন। সেখানে তিনি উত্তর প্রদেশ বিনিয়োগ সম্মেলনের ৩.০ গ্রাউন্ড ব্রেকিং অনুষ্ঠানে যোগ দেবেন। এরপর দুপুর ১.৪৫ মিনিট নাগাদ কানপুরের পারাউনখ গ্রামে যাবেন প্রধানমন্ত্রী, সেখানে তিনি রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের সঙ্গে পাথরি মাতা মন্দির পরিদর্শন করবেন। তারপর দুপুর ২টো নাগাদ রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী ডঃ বি আর আম্বেদকর ভবন পরিদর্শন করবেন, এরপর ২.১৫ মিনিট নাগাদ মিলন কেন্দ্র পরিদর্শন করার কথা রয়েছে। প্রধানমন্ত্রীর দফতর থেকে আরও জানানো হয়েছে, মিলন কেন্দ্রটি রাষ্ট্রপতির পৈতৃক বাড়ি, যা জনসাধারণের জন্য দান করা হয়েছিল এবং একটি কমিউনিটি সেন্টারে (মিলন কেন্দ্র) রূপান্তরিত হয়েছে। পরে তাঁরা দুপুর আড়াইটায় পারাউনখ গ্রামে একটি জনসভায় যোগ দেবেন।

## নির্বাচন ঘোষণা না হলে দেশে গৃহযুদ্ধ শুরু হয়ে যাবে, পাকিস্তান সরকারকে হুঁশিয়ারি ইমরান খানের

ইসলামাবাদ, ২ জুন (হি. স.) : নির্বাচন ঘোষণা না হলে দেশে গৃহযুদ্ধ শুরু হয়ে যাবে, পাকিস্তান সরকারকে হুঁশিয়ারি দিলেন পাকিস্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খান।পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ প্রধান এক সাক্ষাৎকারে বলেছেন, 'আমরা দেখব তারা আমাদের আইনি ও সাংবিধানিক উপায়ে নির্বাচনের দিকে যেতে দেয় কি না, অন্যথায় এই দেশ গৃহযুদ্ধের দিকে যাবে।' আবারও ন্যাশনাল অ্যাসেম্বলিতে ফিরে আসার কোনও প্রশ্নই নেই বলে জানিয়েছেন ক্ষমতাচ্যুত প্রাক্তন প্রধানমন্ত্রী। তাঁর কথায়, ন্যাশনাল অ্যাসেম্বলিতে ফিরে যাওয়ার অর্থ হবে ষড়যন্ত্র স্বীকার করা, যা তার সরকারকে সরিয়ে দিয়েছে।ইমরান বলেছেন যে, তিনি প্রতিবাদকারীদের সুরক্ষা প্রদানের জন্য তার দলের আবেদনের বিষয়ে সর্বোচ্চ আদালতের সিদ্ধান্তের জন্য অপেক্ষা করছেন। ইমরান জানিয়েছেন শীঘ্রই পরবর্তী মিছিলের তারিখ ঘোষণা করবেন। পিটিআই চেয়ারম্যান স্বীকার করেছেন যে প্রধানমন্ত্রী হিসাবে তিনি নিরঙ্কুশ ক্ষমতা উপভোগ করেননি। তাঁর এই দাবি এটাই ইঙ্গিত করে যে দেশের ক্ষমতার প্রকৃত কেন্দ্রগুলি অন্য কোথাও রয়েছে। ইমরান খান জানিয়েছেন যে তাঁর সরকার ক্ষমতায় আসার সময় দুর্বল ছিল এবং জোটের অংশীদারদের খোঁজ করতে হয়েছিল। যদিও এবারও একই পরিস্থিতি দেখা দিলে তিনি পুনরায় নির্বাচনের বিকল্প বেছে নেবেন এবং সংখ্যাগরিষ্ঠ সরকার চাইবেন।

## ওড়িশায় সক্রিয় করোনা সংক্রমণ রয়েছে ৮১ জনের

ভুবনেশ্বর, ২ জুন (হি.স) : বৃহস্পতিবার ওড়িশায় ১১ জনের নতুন করে করোনা সংক্রমণের খবর পাওয়া গিয়েছে। এরফলে করোনা সংক্রমণের সংখ্যা মোট ১২,৮৮,৪৬৫ জনে দাঁড়িয়েছে বলে স্বাস্থ্য বিভাগ জানিয়েছে। গত ২৪ ঘন্টায় কোন মৃত্যু রেকর্ড না হয়ায় এই সংখ্যা ৯,১২৬ জনেই রয়ে গেছে।রাজ্যে এখন ৮১ জনের করোনা সংক্রমণ রয়েছে। এদিন ১৪,২৭৩ জনের নমুনা পরীক্ষার পরে ১১ জনের নতুন সংক্রমণ সনাক্ত করা হয়েছিল।

## দিল্লিতে অরবিন্দ কেজরিওয়ালের সঙ্গে দেখা করলেন পঞ্জাবের মুখ্যমন্ত্রী মান

নয়াদিল্লি, ২ জুন(হি.স) : বৃহস্পতিবার দলের প্রধান তথা দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের সঙ্গে দেখা করলেন পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান। এদিন কেজরিওয়ালের বাসভবনে এসে গায়ক-রাজনীতিবিদ সিধু মুসেওয়ালা হত্যার পর রাজ্য সরকার বিরোধীদের আক্রমণের বিষয়ে আলোচনা করেন বলে জানা গিয়েছে। আম আদমি পার্টি সূত্রে জানা গেছে, এটি একটি 'স্বাভাবিক' বৈঠক ছিল। মুসওয়ালাকে ২৯ মে পঞ্জাবের মানসা জেলায় অজ্ঞাতকারী হামলায় গুলিবিদ্ধ হয়ে মারা যান। মান ইতিমধ্যে ঘটনার তদন্তে হাইকোর্টের বর্তমান বিচারপতির নেতৃত্বে একটি বিচার বিভাগীয় কমিশন গঠনের ঘোষণা দিয়েছেন।

শুভদীপ সিং সিধু, সিধু মুসেওয়ালা নামে পরিচিত, গত ২৮ মে তাঁর নিরাপত্তা কমিয়েছিল পঞ্জাব সরকার। রাজ্য সরকারকে বরখাস্ত করার দাবিতে কংগ্রেস এবং বিজেপির সঙ্গে এই ঘটনার পর বিরোধী দলগুলির ব্যাপক সমালোচনার মুখে পড়তে হয়েছে।

# ইডি-র আপত্তি মান্যতা পেল না, সস্ত্রীক চিকিৎসার জন্য দুবাই যাওয়ায় বাধা রইল না অভিষেকের

কলকাতা, ২ জুন (হি.স.): কলকাতা হাইকোর্টে স্বস্তি পেলেন তৃণমূল কংগ্রেসের জাতীয় সাধারণ সম্পাদক ও সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। চোখের চিকিৎসা করাতে দুবাই যেতে পারবেন তিনি, অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-র আপত্তি মান্যতা পেল না, সস্ত্রীক চিকিৎসার জন্য দুবাই যাওয়ায় আর কোনও বাধা রইল না অভিষেকের।

অভিষেকের দুবাই যাওয়ায় আপত্তি জানিয়েছিল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। তা নিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন অভিষেক। হাইকোর্ট তাঁকে ৩ থেকে ১০ জুন সস্ত্রীক দুবাইয়ে চিকিৎসা করানোর অনুমতি দিয়েছে। তবে অভিষেককে বিমানের টিকিট, হোটেল, ফোন নম্বর, হাসপাতালের নাম ইডির কাছে জমা দিতে হবে।

বৃহস্পতিবার মামলার শুনানিতে ইডি-র আইনজীবী এম ভি রাজু সওয়াল করেন, ফেরার বিনয় মিশ্র বর্তমানে দুবাইয়ে রয়েছেন। ইডি-র আশঙ্কা, অভিষেক বিনয়ের সঙ্গে সাক্ষাৎ করে নিজেও দেশ ছেড়ে পালাতে পারেন। ২০১৭ সাল থেকে ২০২০ পর্যন্ত অভিষেক একাধিক বার বিনয়ের সঙ্গে বিদেশ সফর করেছেন বলেও আদালতে দাবি করেছে ইডি। পাশাপাশি ভারতে এত সেরা সেরা চক্ষু চিকিৎসা প্রতিষ্ঠান থাকতেও কেন অভিষেককে দুবাইয়ে যেতে হচ্ছে, তা নিয়েও প্রশ্ন তুলেছে ইডি। তাঁর দাবি, অভিষেক কোন চিকিৎসকের কাছে দেখাবেন, তা-ও স্পষ্ট করে জানানো হয়নি। পাল্টা অভিষেকের আইনজীবী সপ্তাংশু বসু বলেন, "আমি যে কোনও জায়গায় চিকিৎসা করাতে পারি তাতে অসুবিধা কী আছে? দুবাইয়ের পরিবর্তে সিঙ্গাপুরে যেতে পারি চিকিৎসা করতে। সুপ্রিম কোর্টের নির্দেশ মত আমরা তদন্তে সব রকম সাহায্য করছি।" বিচারপতি ইডির আইনজীবীকে প্রশ্ন করেন, কেন্দ্রীয় সরকার যদি নিশ্চিত ভাবে জানে যে বিনয় মিশ্র দুবাইতে আছেন, তাহলে তাঁকে গ্রেফতার করা হচ্ছে না কেন? উত্তরে ইডির আইনজীবী বলেন, কেন্দ্র এ বিষয়ে চেষ্টা করছে।

এরপর বিচারপতি বলেন, "দুবাই থেকে অভিষেক অন্যত্র পালিয়ে যেতে পারেন ইডি-র এই আশঙ্কা ভিত্তিহীন। অভিষেক কোথায় চিকিৎসা করাবেন সেটা তাঁর নিজস্ব ব্যাপার। বর্তমানে তিনি এক জন সাংসদ। দুবাইয়ের হাসপাতাল থেকে তাঁর সঙ্গে একজনকে নিয়ে যাওয়ার কথা বলা হয়েছে। মামলাকারী অভিষেক বন্দ্যোপাধ্যায় তাঁর স্ত্রীকে নিয়ে যেতে চান।" এর পরই বিচারপতি বিবেক চৌধুরী অভিষেককে দুবাইয়ে চিকিৎসা করাতে যাওয়ার অনুমতি দেন। শুধু অভিষেককে বিমানের টিকিট, হোটেল, ফোন নম্বর, হাসপাতালের নাম ইডির কাছে জমা দিতে হবে।

হিন্দুস্থান সমাচার / রাকেশ / কাকলি

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# দুই সতীনের মধ্যে বিবাদ, কৈলাসহর আদালত চত্বরে চলল ছুরি, আহত এক

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২ জুন।।** এবার খোদ আদালত চত্বরেই রক্তক্ষয়ী সংঘর্ষ ঘটে দুই সতীনের মধ্যে। ঘটনা কৈলাসরের ঊনকোটি জেলা ও দায়রা আদালতের পুলিশ কোর্টের বারান্দায়।

ঘটনা বিবরণে জানা যায় যে, কৈলাসহরের ইরানী গ্রামের বাসিন্দা আব্বাস আলী ৫বছর পূর্বে নাজমা বেগমকে বিয়ে করে ইরানি গ্রামেই বসবাস করছিলো। বিয়ের এক বছর পর নাজমা বেগম অন্য পুরুষের সাথে পালিয়ে যায়। নাজমা বেগম অন্য পুরুষের সাথে পালিয়ে যাবার এক বছর পর আব্বাস আলী কুমারঘাট মহকুমার সায়দারপাড় এলাকার জাহেনারা বেগমকে বিয়ে করে ইরানিবাড়িতেই বসবাস করেছিলো। কিন্তু দ্বিতীয় বিয়ের এক বছর পর ফের প্রথম স্ত্রী নাজমা বেগম আব্বাস আলীর ইরানি গ্রামের বাড়িতে আসে। শুরু হয় পারিবারিক কলহ। পারিবারিক এই কলহ আব্বাস নিজেই নিয়ন্ত্রণ করে।

আব্বাস আলী তার প্রথম স্ত্রী নাজমা বেগমকে কৈলাসহরের ইরানী গ্রামের বাড়িটি লিখে দেয় এবং নাজমাকে ইরানি গ্রামের বাড়িতেই রেখে দিয়ে আব্বাস আলী তার দ্বিতীয় স্ত্রী জাহেনারাকে নিয়ে কুমারঘাট মহকুমার সায়দারপাড় গ্রামের শ্বশুর বাড়িতে উঠে এবং এখানেই থাকতে শুরু করে। কিছুদিন এভাবে কাটার পর নাজমা বেগম টাকা পয়সা ও ভরনপোষণ অর্থাৎ খরপোশের জন্য ইরানি থানায় মামলা করে। মামলা কৈলাসহর আদালতে চলছে। কিন্তু অনেক দিন ধরে আদালতের সমন পাওয়ার পরও আব্বাস আদালতে হাজির না হওয়ায় আদালত সাম্প্রতিক কালে আব্বাসের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে। সে মোতাবেক গতকাল বুধবার গভীর রাতে সায়দারপাড় গ্রামের বাড়ি থেকে পুলিশ আব্বাস আলীকে গ্রেফতার করে। বৃহস্পতিবার দুপুরে জাহেনারা বেগম কৈলাসহর আদালতে আসে স্বামী আব্বাস আলীকে জামিনে মুক্ত করে নিয়ে যেতে। জাহেনারা পুলিশ কোর্টের বারান্দায় বসে ঠিক সেসময় প্রথম স্ত্রী নাজমা বেগম জাহেনারার পিছন দিকে ছুরি নিয়ে এসে জাহেনারার গলায় এবং মাথায় তিনটি আঘাত করে। শুরু হয়ে যায় চিৎকার চেচামেচি। সাথে সাথে আদালতের পুলিশ এবং আদালতে আসা সাধারণ মানুষরা নাজমাকে ঘিরে রাখে মহিলা থানায় খবর দেওয়া হয়। খবর পেয়ে মহিলা থানার পুলিশ নাজমাকে থানায় গ্রেফতার করে আনে। নাজমা বেগম সম্পর্কে জাহেনারা বেগম জানায় যে, নাজমা বেগম একজন বাংলাদেশী। ৫বছর পূর্বে আব্বাস আলী বাংলাদেশ থেকে অবৈধভাবে নাজমা বেগমকে নিয়ে বিয়ে করে ইরানি গ্রামের বাড়িতে ছিলো। মহিলা থানার পুলিশ নাজমাকে থানায় গ্রেফতার করে আনার পর নাজমা বেগমকে সংবাদ প্রতিনিধিদের জানায় যে, স্বামী গ্রেফতার হয়েছে এই খবর শোনে স্বামীকে আদালত থেকে মুক্ত করে নিয়ে যেতে আদালতে আসার পর পুলিশ কোর্টে জাহেনারা ছুরি দিয়ে নাজমাকে আঘাত করতে এসে আঘাত করতে না পেরে জাহেনারা নিজেই নিজের গলায় আঘাত করে এই নাটক করেছে।

# ভেহিকেল চেকিং এর নামে বাড়তি রোজগার কলমচৌড়া থানার

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২ জুন।।** ভেহিকেল চেকিং এর নামে কলমচৌড়া থানার অতিরিক্ত রোজগার হাজার টাকা।

জানা গেছে, কলমচৌড়া থানার বিতর্কিত ওসি বিশুর আদেশে পুলিশ টিএসআর সহ একাধিক পুলিশ আধিকারিক প্রতিদিন বক্সনগর চৌমুহনীর চৌরাস্তার মোড়ে উৎ পেতে বসে পড়ে। সেখান দিয়ে এলাকার বিভিন্ন জায়গা থেকে যখন জরুরী প্রয়োজনে সাধারণ লোক আসা যাওয়া করতে গেলে অপেক্ষাকৃত সবলের তুলনায় দুর্বলদের চেপে ধরেন সেই ডিউটিরত পুলিশ অফিসারগন। নিজের ইচ্ছে মতো জরিমানা আদায় না করতে পারলে অশ্রাব্য ভাষা ব্যবহার এবং জোর করে বাইক আরোহীদের কাছ থেকে বাইকের চাবি এমনকি বাইক জোর করে থানায় নিয়ে যেতে যেন কোন কৃপনতা করেনা পুলিশ বাবুরা। বৃহস্পতিবার সকালে সেই রকম একটি মুহুর্ত সাংবাদিকদের ক্যামেরায় ধরা পড়ে।

জানা যায় বৃহস্পতিবার সকালে সোনামুড়া মহকুমার অন্তর্গত কলমচৌড়া থানার পুলিশ বক্সনগর চৌমুনীতে ভেহিকেলস চেকিং এ বসে। চেকিং চলাকালীন সময় এক যুবক বিনা হেলমেটে বাইক চালিয়ে বক্সনগর থেকে কলমচৌড়ার উদ্দেশ্যে যাচ্ছিল। এরইমধ্যে বিনা হেলমেট দেখে ওই যুবককে লাঠি মারার ভয় দেখিয়ে তাকে দাঁড় করান। তখন তাকে জিজ্ঞেস করা হয় তারা হেলমেট কোথায়। তখন তিনি বলেন তিনি সকালবেলায় তার কোন এক আত্মীয় অসুস্থতায় ভুগছেন। তখন তাকে দেখার জন্য তড়িঘড়ি তিনি চলে আসেন। তখন তিনি মনের ভুলে হেলমেট নিতে ভুলে যান। তিনি দাবি করেন পরেরবার যখন তিনি বাইক চালাবেন তখন তিনি হেলমেট ব্যবহার করবেন। অনেক আকুতি মিনতি করতে লাগলেন কলমচৌড়া থানার ডিউটিরত পুলিশ বাবুদের। কিন্তু কে শুনে কার কথা। কনস্টেবল বাবুরা বলছেন, থানার বড়বাবুর আদেশ বিনা হেলমেটে বাইক চালালে জরিমানা দিতে লাগবে। ছেলেটি আকুতি মিনতি করতে লাগলেন যে তার কাছে কোন টাকা নেই। তাকে যেন ছেড়ে দেওয়া হয়।

এমন কথা বলতে কনস্টেবল বাবুরা তেলে বেগুনে জ্বলে ওঠেন। তার বাইকের চাবি জোর করে নেওয়া চেষ্টা করেছিলেন। কিন্তু ওই যুবক বাইকের চাবি দিতে নারাজ। এক পর্যায়ে ওই যুবকের সাথে থানার কনস্টেবল বাবুদের ধস্তাধস্তি শুরু হয়। এরইমধ্যে বক্সনগর চৌমুনী বাজার এমন দৃশ্য দেখে বাজারের অসংখ্য মানুষ ঘটনাস্থলে জড়ো হন। সবাই দাঁড়িয়ে দাঁড়িয়ে ফিল্মের মতো দৃশ্য দেখছেন। কিন্তু কেউ এগিয়ে এসে যে প্রতিবাদ করবেন তেমন সাহস কারুর হচ্ছে না। কারণ তারাতো পুলিশ বাবু। এক পর্যায়ে যুবকের কাছ থেকে বাইকের চাবি আদায় করতে না পেরে বাইকটিকে জোর করে তিন-চারজন কনস্টেবল মিলে থানায় নিয়ে যায়। এই দৃশ্য দেখে গোটা চৌমুনী বাজার এলাকার মানুষদের মধ্যে ছিঃ ছিঃ রব ওঠে।

এলাকার মানুষদের দাবি প্রতিনিয়ত থানার সামনে দিয়েই দ্রুতগতিতে গরু বোঝাই গাড়ি এমনকি অবৈধ অনেক মাল বোঝাই গাড়ি যাতায়াত করছেন কিন্তু তাদেরকে ধরার কোন প্রয়োজন বোধ মনে করছেন না। অথচ নিরীহ যুবকদের কাছ থেকে হেলমেট এর দোহাই দিয়ে মোটা অংকের কমিশন জোর করে আদায় করছেন কলমচৌড়া থানার পুলিশ। ফলে থানা কর্তৃপক্ষের এমন পরিচালনায় অনেকটাই প্রশ্নচিহ্নের মুখে দাঁড় করিয়ে দিয়েছে।এ নিয়ে বক্সনগর চৌমহনি এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে।

# পৈত্রিক সম্পত্তি আত্মসাতের অভিযোগ উঠল বড় ভাইয়ের বিরুদ্ধে

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২ জুন।।** সোনামুড়া থানাধীন কলমক্ষেত গ্রাম পঞ্চায়েতের ৫ নম্বর ওয়ার্ডের বড়পাথর এলাকার মৃত কেরামত আলী আজ থেকে প্রায় কুড়ি বছর আগে মারা যান। মৃত্যুকালে তাঁর স্থাবর অস্থাবর প্রায় ১৮ কানি সম্পত্তি রেখে যান এবং মৃত্যুকালে তার চার ছেলে ছিল, যথাক্রমে বড় ছেলে খালেক মিয়া, মালেক মিয়া, তারা মিয়া ও কালা মিয়া। এরমধ্যে বড় ভাই খালেক মিয়া মারা যায়। যার ফলে মরহুম কেরামত আলী স্থাবর অস্থাবর সম্পত্তি তাদের ভাই মালেক মিয়া দখল করতে শুরু করে। অভিযোগ উঠেছে দীর্ঘ কুড়ি বছর কালামিয়ার বড় ভাই মালেক মিয়া এই সম্পত্তির দখল করে আসছে। এই বিষয়ে ২০১৩ সাল থেকে কালা মিয়া, মালেক মিয়ার বিরুদ্ধে সোনামুড়া থানায় মামলা করে আসছেন। প্রথম যে ঘটনাটি ঘটে দেখা গেল অর্থাৎ কালামিয়ার অভিযোগ তার বড় ভাই মালেক মিয়া ২০১৩ সালে তাদের পৈত্রিক সম্পত্তির থেকে ২০ টি কড়ই গাছ কেটে বিক্রি করে দেয়। এর ফলে কালামিয়া সোনামুড়া থানায় একটি মামলা করেন। অভিযোগ উঠেছে সোনামুড়া থানার পুলিশ এই বিষয়ে কোন কর্ণপাত করেননি। কারণ ওই সময় মালেক মিয়া সিপিআইএম দল করতেন এবং সিপিআইএম এর সঙ্গে ভালো সম্পর্ক ছিল। তাছাড়া মালেক মিয়ার বিরুদ্ধে কালা মিয়া অভিযোগ করেন তার দুই ছেলে সহ তার শ্বশুরবাড়ির লোকজন সহ তাদের ওপর জোর করে পৈত্রিক সম্পত্তি গুলি দখল করে আসছে এই পরিস্থিতিতে মালেক মিয়া ২০২২ সালের অর্থাৎ গত কয়েকদিন আগে তাদের পৈত্রিক সম্পত্তি থেকে বড় দুটি জাম গাছ কেটে নেন। এ বিষয়ে কালামিয়া সোনামুড়া থানায় একটি মামলা করেন। অভিযোগ উঠেছে মালেক মিয়ার বিরুদ্ধে কালা মিয়া বলেন তাদের ১৮ কানি পৈত্রিক সম্পত্তি থেকে তাকে ৫০ শতক জায়গা দান করেন। ইতিমধ্যে কালামিয়ার একটি ছেলে ও একটি মেয়ে রয়েছে। এদিকে মেয়ে দিন দিন বড় হচ্ছে এবং যদি মেয়ের বিয়ের সময় হয় কোথায় থেকে তিনি এত টাকা আনবেন, তাছাড়া কালা মিয়া তার একটি পা বিকলাঙ্গ রয়েছে ঠিক মতন কাজকর্ম করতে পারছেন না কোন রকম একটি অটো গাড়ি চালিয়ে সংসার জীবন যাপন করছেন। তার উপর তার বড় ভাই মালেক মিয়া তার পৈত্রিক সম্পত্তি দখল করে জোর করে গ্রাস করছে। কালামিয়ার পৈত্রিক সম্পত্তি বাগানের বাঁশ থেকে শুরু করে গাছ গাছরা সবকিছু মালেক মিয়া দখল করে খাচ্ছে এই বিষয়ে কালামিয়া প্রতিবাদ করতে গেলে তার উপর হামলে পড়েন। কালামিয়ার অভিযোগ স্থানীয় পঞ্চায়েত প্রশাসন সব জায়গাতে তিনি অভিযোগ করেছেন কিন্তু মালেক মিয়া কোন কিছু মানছেন না। এই পরিস্থিতিতে সব জায়গাতেই ব্যর্থ হয়ে শেষ পর্যন্ত সাংবাদিকদের কাছে দ্বারস্থ হলেন পৈত্রিক সম্পত্তি থেকে বঞ্চিত কালামিয়া।

## অভিযোগ

● প্রথম পাতার পর

পরিষেবা পেলে শিশুটি কোনোভাবেই মারা যেত না। শিশু মৃত্যুর জন্য কর্তব্যরত চিকিৎসকদেরকে দায়ী করেছেন তিনি। মৃত শিশুর বাবার অভিযোগ সকালবেলাও তাকে বলা হয়েছিল শিশুটি সুস্থই রয়েছে। অথচ কিছুক্ষণ বাদেই তাকে জানানো হয় শিশুটির মৃত্যু হয়েছে। এভাবে শিশুর মৃত্যুর বিষয়টি তার পরিবারের লোকজন কোনোভাবেই মেনে নিতে পারছেন না।

উল্লেখ্য জিবি হাসপাতালে চিকিৎসা গাফিলতিতে রোগীর মৃত্যুর এ ধরনের অভিযোগ প্রায় সময়ই উঠে আসছে। পরপর এধরনের অভিযোগে চিকিৎসা করাতে আসা রোগী ও তাদের পরিবারের লোকজনদের মধ্যে নানা প্রশ্ন দেখা দিতে শুরু করেছে। এদিকে শিশু মৃত্যুর বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষের মতামত জানতে চাওয়া হলে চিকিৎসা গাফিলতির কথা অস্বীকার করেছেন কর্তৃপক্ষ।

# নেশার বিরুদ্ধে সচেতনতার অনুষ্ঠান বিলোনীয়ায়

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়, ২ জুন।।** বিলোনিয়া ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাবিদ্যালয়ের কলেজ ক্যাম্পেইন এপিসি বিল্ডিং, এ দক্ষিণ ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক এবং রেড রিবন ক্লাব ও এস , বি ,আই এর সহযোগিতায় বৃহস্পতিবাব. এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই দিনের অনুষ্ঠানের প্রধান উদ্দেশ্য ছিল ছাত্রছাত্রীদের মধ্যে তামাক এবং নেশাজাতীয় দ্রব্য গ্রহণ এর বিরুদ্ধে সচেতনতা তৈরি করা। অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন দক্ষিণ জেলার জেলা শাসক সাজু ওয়াহিদ এ, এবং সম্মানিত অতিথিদের মধ্যে ছিলেন মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ জগদীশ চন্দ্র নমঃ বিলোনীয়া পুরপরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ এবং বিলোনীয়া ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর কলেজের অধ্যক্ষ ডঃ বিমলেন্দু ঘোষ।

বর্তমান সমাজে এবং ছাত্রছাত্রীদের মধ্যে নেশাজাতীয় দ্রব্য গ্রহণ এবং তার কুফল এবং সামগ্রিকভাবে সমাজের উপরে নেশা জাতীয় দ্রব্যের প্রভাব সম্বন্ধে, বক্তারা তাদের আলোচনায় সুস্পষ্টভাবে তুলে ধরেছে। তার সাথে নেশার হাত ধরে এইচ.আই.ভি এবং এইডসের বাড়বাড়ন্ত এবং বর্তমান পরিস্থিতি সম্বন্ধে ছাত্র-ছাত্রীদের অবহিত করা হয় অনুষ্ঠানের অঙ্গ হিসেবে ২০০ ছাত্রীদের স্বাস্য সম্বন্দ্বয়ী সামগ্রী বিতরণ করা হয়। মেয়েদের স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন প্রচলিত ধারণার উপর আলোচনা করা হয়েছে। মোট ১০০ জন ছাত্র-ছাত্রীদের মধ্যে এইচআইভি পরীক্ষা করা হয় উক্ত অনুষ্ঠানে কোভিড ভ্যাকসিন দেওয়া হয় ।টোবাকো প্রোগ্রাম সম্বন্ধে আলোচনা করেন ডক্টর অলক দাস। সবশেষে এইচআইভি এইডস এবং নেশার উপর ইন্টার ডিস্ট্রিক্ট কলেজ ড্রামা কম্পিটিসন হয়।

# পুলিশের সাথে অবভ্য আচরণ করায় আটক বিমা এজেন্ট

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২ জুন।।** এসবিআই ব্যাংকের আই কার্ড গলায় ঝুলিয়ে পুলিশের সাথে দুর্ব্যবহার আটক ব্যাংকের এক ইন্সুরেন্স কর্মী। ঘটনা তেলিয়ামুড়া থানার সামনে বুধবার রাতে। সংবাদে জানা যায়, আগরতলা কের-চৌহমুনী এসবিআই শাখার সাধারণ ইন্সুরেন্স কর্মী সুকান্ত ভৌমিক নিজের গাড়ি নিয়ে গভীর রাতে আগরতলা থেকে আমবাসার দিকে যাচ্ছিল। এই দিকে প্রতিদিনের মত তেলিয়ামুড়া থানার পুলিশ তেলিয়ামুড়া থানার সামনে আসাম-আগরতলা জাতীয় সড়কে ভেহিকেল চেকিং করছিল। পুলিশের ভেহিকেল চেকিং চলাকালীন সময়ে বুধবার রাতে এসবিআই শাখার সাধারণ ইন্সুরেন্স কর্মীর গাড়িটি দাঁড় করিয়ে বৈধ কাগজপত্র দেখানোর জন্য বলে পুলিশ।

আর এতেই ব্যাংকের ঐ সাধারণ ইন্সুরেন্স কর্মী সুকান্ত ভৌমিক চটে যায়। অভিযোগ, ব্যাংকের ওই সাধারণ ইন্সুরেন্স কর্মী মদমত্ত অবস্থায় ছিল। এমনকি পুলিশের সাথে দুর্ব্যাবহার করে বলেও জানা যায়। পরে তেলিয়ামুড়া থানার পুলিশ তাকে আটক করে লকআপে ঢুকিয়ে দেয়।

# ভেষজ হারবাল আবির প্যাকেজিংয়ের প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২ জুন।।** বৃহস্পতিবার বিশালগড় কৃষি কার্যালয়ে কৃষি ও কৃষক কল্যাণ কার্যালয়ে কৃষি দপ্তর, সায়েন্স এন্ড টেকনোলজি দপ্তর, ইন্ডিয়ান ইনস্টিটিউট দফতরের সহযোগিতায় বুধবার সকাল এগারোটা থেকে দুই দিনব্যাপী প্রাকৃতিক ভেষজ হারবাল আবির সংরক্ষণের জন্য প্যাকেজিং এর প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। দুই দিনব্যাপী প্রশিক্ষণ শিবিরে বিশালগড় ব্লকের লক্ষীবিল এলাকার আবির উৎপাদনকারী মহিলাদের নিয়ে এ প্রশিক্ষণ শুরু হয়েছিল। এই প্রশিক্ষণে হাতে-কলমে প্রশিক্ষণ দেন ভারতীয় প্যাকেজিং সংস্থার উপ অধিকর্তা বিধান দাস, এছাড়া অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ত্রিপুরা রাজ্য বিজ্ঞান প্রযুক্তি কাউন্সিলের বিজ্ঞানী নুপুর নাথ, বিশালগড় মহকুমা কৃষি তত্ত্বাবধায়ক, বিশালগড় এগ্রি সেক্টর অফিসার দেবব্রত পাল সহ অন্যান্যরা। এই প্রশিক্ষণ শিবিরে ৩০ জন মহিলাকে হাতে-কলমে প্রশিক্ষণ দেন কলকাতা থেকে আগত প্যাকেজিং সংস্থার আধিকারিকরা। বিশালগড় এগ্রি সেক্টর অফিসার দেবব্রত পাল সংবাদমাধ্যমের কাছে তুলে ধরেন কৃষি দপ্তর, সাইন্স এন্ড টেকনোলজি এনভায়রনমেন্ট দপ্তর, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং সংস্থার সহযোগিতায় দুই দিনব্যাপী লক্ষ্মী বিলের আবির উৎপাদনকারী ৩০ জন মহিলাদের কে নিয়ে হাতে কলমে প্যাকেজিং এর উপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে। লক্ষ্মীবিলের হারবাল উৎপাদনকারী মহিলারা হোলির উৎসবে হারবাল আবির এর বাজার জাত করে ভালো একটা সাড়া পায়। সেই আবিরের প্যাকেটিং উন্নত করার জন্য এ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া বহিঃরাজ্য থেকে যে আবির আসছে তার সঙ্গে ত্রিপুরা রাজ্যে উৎপাদিত আবিরের সঙ্গতি রেখে ক্রেতাদের আকৃষ্ট করতে এই উদ্যোগ নেওয়া হয়েছে।এই কর্মশালার সমাপ্তি হয় বৃহস্পতিবার।

## থানায় ধরনা

● আট পাতার পর

বাসিন্দারা। পুলিশের ভূমিকার তীব্র ক্ষোভ প্রকাশ করা হয়েছে। পুলিশের চোখের সামনে এ ধরনের ঘটনা সংঘটিত হলে কঠোর কোনো ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না বলে অভিযোগ। নেশা কারবারি এবং নেশাখোরদের বিরুদ্ধে পুলিশ কঠোর মনোভাব গ্রহণ করলে এলাকাটিকে নেশাখোরদের কবলমুক্ত করা সম্ভব বলেও স্থানীয় বাসিন্দা এবং মোটর শ্রমিকরা অভিমত ব্যক্ত করেছেন। কিন্তু পুলিশ এ ব্যাপারে কার্যকর কোনো পদক্ষেপ গ্রহণ করছে না বলে গুরুতর অভিযোগ করা হয়েছে। মোটর স্ট্যান্ড এলাকাকে নেশা কারবারি এবং নেশাখোরদের কবল থেকে মুক্ত করার জন্য পুলিশ প্রশাসনের পদস্থ আধিকারিকরা যাতে কঠোর পদক্ষেপ গ্রহণ করেন সে জন্য জোরালো দাবি উঠেছে।

## বুথ শক্তিশালী

● প্রথম পাতার পর

সমস্ত বুথকে এ, বি এবং সি ক্যাটাগরিতে বিভক্ত করা হবে। সহজে জয় নিশ্চিত বুথ এ শ্রেণীতে, কিছুটা কঠিন লড়াইয়ের বুথগুলিকে বি শ্রেণীতে এবং হাড্ডাহাড্ডি লড়াই হবে এমন বুথগুলিকে সি শ্রেণীতে ভাগ করা হয়েছে। সাথে টাস্ক ফোর্স গঠন করে বুথ কমিটিকে সহায়তার বিষয়টি স্থির হয়েছে।কেন্দ্রীয় নেতৃত্ব আজ স্পষ্ট করে দিয়েছেন, দলের নির্দেশ জারির কাঠামো কঠোরভাবে সক্রিয় করতে হবে। নির্বাচনী ব্যবস্থাপনায় প্রদেশ সভাপতি থেকে পৃষ্ঠাপ্রমুখ পর্যন্ত সর্বত্র এক সুত্রে বাঁধতে হবে। সূত্রের খবর, দলের সমস্ত নেতাদের নির্দেশ দেওয়া হয়েছে নিজ নিজ এলাকায় লাগাতর বৈঠকের নির্বাচনী রণকৌশল বাস্তবায়ন করতে হবে। দলের সৈনিকদের সামনের সারিতে এনে লড়াইয়ের ময়দানে ঝাপাতে হবে।

# নতুন ভোটারদের অনুপ্রাণিত করতে সাইকেল রেলি

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২ জুন।।** বিশালগড় মহকুমায় বসবাসকারী নতুন ভোটারদেরকে অনুপ্রাণিত করার লক্ষ্যে বৃহস্পতিবার সকালে এক বাইসাইকেল রেলির আয়োজন করা হয়।

বিশালগড় মহকুমা শাসকের অফিসের সামনে পতাকা নেড়ে যুবক যুবতীদের বাইসাইকেল রেলির শুভ সূচনা করেন বিশালগড় মহকুমা শাসক বিনয় ভূষণ দাস। এছাড়া উপস্থিত ছিলেন ডিসিএম সুব্রত সাহা, প্রসেনজিৎ দাস, ডিসিএম রুপাঞ্জন দাস, বিশালগড় মহাকুমা নির্বাচন দপ্তরের দায়িত্বপ্রাপ্ত সুব্রত দাস গুপ্ত। বিশালগড় মহকুমা যুববিষয়ক ক্রীড়া দফতরের সহযোগিতায় বিশালগড় মহকুমা শাসকের অফিসের সামনে থেকে বাইসাইকেল রেলি শুরু হয় বিএসএফের ক্যাম্পের সামনে বাইপাস রোড দিয়ে বিশালগড় মোটর স্ট্যান্ড ঘুরে বিশালগড় বাজারের উপর দিয়ে বিশালগড় মহকুমা শাসকের অফিসে এসে শেষ হয়।

আমার ভোট, আমার ভবিষ্যৎ এক ভোটের শক্তি এই স্লোগানকে সামনে রেখে বিশালগড় প্রশাসনের উদ্যোগে সিস্টেমেটিক ভোটারস এডুকেশন এন্ড ইলেক্টোরাল পারর্টিফিকেশন এর অঙ্গ হিসেবে এই বাইক রেলির আয়োজন।

## সিপিআইএমের

● প্রথম পাতার পর

হবে সিপিআইএম, এভাবে হুঁশিয়ারি দেন জীতেন্দ্র চৌধুরী।

প্রসঙ্গত, আগামী ২৩ জুন রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে। কেন্দ্রগুলি হল টাউন বড়দোয়ালী, আগরতলা, সুরমা এবং যুবরাজনগর বিধানসভা কেন্দ্র।

## উপনির্বাচনে

● প্রথম পাতার পর

উপনির্বাচন হবে।তবে, তাঁর ব্যক্তিগত মতামত, অন্তত এক বা দুইটি আসনে তিপরা মথার প্রতিদ্বন্দ্বিতা করা উচিত। ২০২৩ সালে বিধানসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার পূর্বে উপনির্বাচনে নিজেদের পরীক্ষিত হওয়া জরুরী, বলেন তিনি।

# রেলে কাটা পড়ে এক ব্যক্তির মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** রেলের নীচে কাটা পড়ে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সাত সকালে রাজধানী আগরতলায় সুভাষনগর এলাকায় রেল লাইনে দ্বিখণ্ডিত দেহ দেখতে পেয়ে স্থানীয় মানুষ পুলিশে খবর দেন। খবর পেয়ে পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে। পুলিশ জানিয়েছে, মনীন্দ্র দাস(৩০)-র মৃতদেহ আজ রেল লাইনে উদ্ধার হয়েছে। ধারণা করা হচ্ছে তিনি আত্মহত্যা করেছেন। এলাকাবাসীর দাবি, ওই ব্যক্তি প্রায়শই মদমত্ত অবস্থায় থাকতেন। মদ্যপান নিয়ে বাড়িতে অশান্তি প্রতিনিয়ত লেগেই থাকত। তাই, হয়তো রেল লাইনে ঝাপ দিয়ে আত্মহত্যা করেছেন।মৃতের স্ত্রীর দাবি, তাঁর স্বামী বেশ কয়েকদিন ধরে অসুস্থ ছিলেন। সম্প্রতি হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎ,া করেছেন। অসুস্থতা থেকে মানসিক অবসাদগ্রস্ত হয়ে পড়েছিলেন। মানসিক অবসাদ থেকেই হয়তো আত্মহত্যার পথ বেছে নিয়েছেন। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

# ব্রাউন সুগার সহ দুই যুবক ধৃত

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২ জুন।।** ব্রাউন সুগার সহ দুই যুবককে আটক করেছে বিএসএফ এবং পুলিশের যৌথ বাহিনী। তাঁদের কাছে ব্রাউন সুগার ছাড়াও ধারালো অস্ত্র সহ বিভিন্ন আপত্তিকর জিনিস উদ্ধার হয়েছে। ইতিপূর্বেও ওই দুই যুবক অসামাজিক কাজকর্মে লিপ্ত থাকার দায়ে হাজতবাস কাটিয়েছে।পুলিশ জানিয়েছে, গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযানে নেমে কৈলাসহরের ধলিয়ার কান্দির বাসিন্দা মবসির আলী এবং কালের কান্দির বাসিন্দা মুমিন আলি-কে ব্রাউন সুগার সহ আটক করা হয়েছে। তারা ধর্মনগর থেকে বাইকে চেপে কৈলাসহরে আসছিলেন। বিএসএফ এবং ইরানী থানার পুলিশ যৌথ অভিযানে নেমে তাদের আটক করেছে। তাদের কাছ থেকে দশ গ্রাম ব্রাউন সুগার সাথে ধারালো অস্ত্র সহ বেশ কিছু আপত্তিকর জিনিস উদ্ধার করেছে পুলিশ। তাদের বাইক এবং দুইটি মোবাইল পুলিশ বাজেয়াপ্ত করেছে।জানা গেছে, ইতিপূর্বেও ওই দুই যুবক অসামাজিক কাজে লিপ্ত থাকার দায়ে হাজতবাস করেছে। নেশা সামগ্রী পাচার করা তাদের উপার্জনের মূল মাধ্যম।

## শিশুর মৃতদেহ

● আট পাতার পর

ঘটনাস্থলে। ঘটনাস্থলে গিয়ে ব্যাগ সহ সদ্যজাত কন্যা সন্তানের মৃতদেহ নিয়ে আসা হয় শান্তির বাজার জেলা হাসাপাতালে। আজ এই সদ্যজাত কন্যা সন্তানের মৃতদেহ উদ্ধারের বিষয়টি মনপাথর ফাঁড়ী থানার ওসি জানিয়েছেন। তিনি জানান, মৃতদেহ বর্তমানে শান্তির বাজার জেলা হাসপাতালের মর্গে রাখা হয়েছে। আগামীকাল মৃতদেহ ময়নাতদন্ত করা হবে। কন্যা সন্তানের পরিচয় জানতে তদন্তে নেমেছে পুলিশ। এদিকে সদ্যোজাত শিশুর মৃতদেহ উদ্ধারের ঘটনার খবর চাউর হতেই গোটা এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

## আত্মঘাতী

● আট পাতার পর

পান রবি দত্তের ঝুলন্ত মৃতদেহ। পরিবারের সদস্যদের দাবি, দীর্ঘদিন ধরেই বার্ধক্যজনিত কারণে অসুস্থ ছিলেন তিনি। হয়তোবা অসুখের যন্ত্রণা সহ্য করতে না পেরে অবসাদের বসেই এই কাণ্ড ঘটিয়েছেন। এমনই প্রাথমিক ধারণা পরিবারের। এদিকে খবর দেওয়া হয় থানায়। পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নিয়ে গেছে। ৯৮ বছরের প্রবীণের মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে এলাকাজুড়ে।

## ব্যক্তির উদ্ধার

● আট পাতার পর


ঠিকানা কিছুই জানা যায়নি। ওই ব্যক্তি কোথা থেকে এসেছে এবং কিভাবে ঘটনা ঘটেছে সে বিষয়ে এখনো পর্যন্ত বিস্তারিত কোনো তথ্য জানা যায়নি। পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। রাস্তার পাশ থেকে অচৈতন্য অবস্থায় এক ব্যক্তিকে উদ্ধারের সংবাদে গোটা এলাকায় রীতিমতো চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

## প্রধানমন্ত্রীর

● প্রথম পাতার পর

তাঁকে।'করোনা-আক্রান্ত সোনিয়া গান্ধীর সুস্থতা ও দ্রুত আরোগ্য কামনা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। টুইট করে প্রধানমন্ত্রী জানিয়েছেন, কংগ্রেস সভানেত্রী সোনিয়া গান্ধীর সুস্থতা কামনা করছি। কোভিড-১৯ থেকে তাঁর দ্রুত আরোগ্য কামনা করছি।প্রসঙ্গত, ন্যাশনাল হেরাল্ড মামলায় সোনিয়া গান্ধী এবং তাঁর ছেলে রাহুল গান্ধীকে তলব করেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। আগামী ৮ জুন সোনিয়াকে হাজিরা দিতে বলা হয়েছে। এরইমধ্যে সোনিয়া করোনায় আক্রান্ত হয়েছেন, তাহলে কী তিনি ইডি-র জেরা এড়িয়ে যাবেন? এই প্রশ্নের উত্তর দিয়েছেন সুরেজওয়ালা। তিনি বলেছেন, করোনা রিপোর্ট নেগেটিভ এলেই হাজিরা দেবেন সোনিয়া গান্ধী। বিদেশে থাকার কারণে বৃহস্পতিবার হাজিরা দেননি রাহুল গান্ধী।

# জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# অঙ্গন



## ফরাসি ওপেনের সেমিফাইনালে চিলিচ

প্যারিস, ২ জুন(হি.স) : ফরাসি ওপেনের সেমিফাইনালে পৌঁছে গেলেন মারিন চিলিচ। ক্রোয়েশিয়ার এই টেনিস তারকা বুধবার পাঁচ সেটের লড়াইয়ে হারিয়ে দিলেন রাশিয়ার আন্দ্রে রুবলেভকে। চিলিচের পক্ষে খেলার ফল ৫-৭, ৬-৩, ৬-৪, ৩-৬, ৭-৬। শেষ সেটে লড়াই গড়ায় টাইব্রেকারে (১০-২)। সেখানে চিলিচের দাপটে হার মানতে বাধ্য হন রুবলেভ। গোটা ম্যাচে চিলিচ ৩৩টি এস মারেন। রুবলেভ মারেন ১৫টি। দানিল মেদভেদেভকে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উঠেছিলেন চিলিচ। স্ট্রেট সেটে হারিয়ে দিয়েছিলেন রাশিয়ার টেনিস তারকাকে। মেদভেদেভকে সহজে হারালেও রুবলেভকে হারানো অতটা সহজ ছিল না। চিলিচকে বেশ পরিশ্রম করেই জিততে হয়েছে এই রুশ তারকার বিরুদ্ধে। সেমিফাইনালে চিলিচ খেলবেন ক্যাসপার রুডের বিরুদ্ধে। শুক্রবার হবে সেই সেমিফাইনাল। অন্য সেমিফাইনালে মুখোমুখি রাফায়েল নাদাল এবং আলেক্সান্ডার জেরেভ।

## ইতালিকে হারিয়ে ফাইনালিসিমা জিতল আর্জেন্টিনা

ওয়েম্বলি, ২ জুন (হি. স.) : ওয়েম্বলিতে ইউরো চ্যাম্পিয়ন ইতালিকে হারিয়ে ফাইনালিসিমা জিতেছে আর্জেন্টিনা । বুধবার মধ্যরাতে কোপা আমেরিকা ও ইউরো জয়ীদের মধ্যে আন্তমহাদেশীয় শ্রেষ্ঠত্ব নির্ধারণী এই ম্যাচে জয় হল আর্জেন্টিনার । লাউতারো, ডি মারিয়া, দিবালাদের জ্বলে ওঠার দিনে ৩-০ ব্যবধানে হারলেন চিয়েলিনিরা । ম্যাচে প্রথম থেকেই দাপট ছিল মেসি ব্রিগেডের । ২৭ মিনিটে মেসির পাস থেকে প্রথম গোলটি করে আর্জেন্টিনাকে এগিয়ে দেন মার্টিনেজ । ৪৪ মিনিটে ডি মারিয়ার গোলে ব্যবধান ২-০ করে তারা ।

২-০ গোলে এগিয়ে থাকা আর্জেন্টিনা দ্বিতীয়ার্ধে আরও চেপে ধরে ইতালিকে । যদিও বিপক্ষের গোলরক্ষক জিয়ানলুইগি ডোনারুম্মা দেওয়াল হয়ে না দাঁড়ালে আরও লজ্জার মুখে পড়তে হত ইতালিকে । অতিরিক্ত সময়ে মেসির পাস থেকে তৃতীয় গোলটি করে জয় নিশ্চিত করে দিবালা ।

## উদয়পুরে সিনিয়র ক্রিকেট, প্রথম সেমিফাইনাল শনিবার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ মে।। উদয়পুরে প্রসেনজিৎ স্মৃতি ক্রিকেট এখন অন্তিম পর্যায়ে। সেমিফাইনালের লাইনআপও চূড়ান্ত।দুই শক্তিশালী দল মুখোমুখি হবে প্রথম সেমিফাইনালে। খেলবে রাজারবাগ প্লে সেন্টার এবং রিক্রিয়েশন সেন্টার। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত প্রসেনজিৎ স্মৃতি সিনিয়র ক্রিকেটের প্রথম সেমিফাইনালে। ৪ জুন হবে ম্যাচটি। জামজুরি স্কুল মাঠে। ৬ জুন দ্বিতীয় সেমিফাইনালে বিবেক সঙ্ঘ খেলবে কিল্লা বরক প্লে সেন্টারের বিরুদ্ধে। জাজুরি মাঠেই হবে ম্যাচটি। দুটি সেমিফাইনাল ম্যাচেই একদিন করে রিজার্ভ রাখা হয়েছে। বৃষ্টির জন্য কোনও কারনে ম্যাচ না হলে পরের দিন হবে ম্যাচ। দুটি সেমিফাইনালের দিনক্ষণ ঠিক হলেও ফাইনালের দিনক্ষণ এখনও ঠিক করা হয়নি। দুটি সেমিফাইনাল ম্যাচের পরই ফাইনাল ম্যাচের দিনক্ষণ ঠিক করা হবে। প্রসেনজিৎ স্মৃতি সিনিয়র ক্রিকেট কমিটির আহ্বায়ক শুখ রঞ্জন দাস দুটি সেমিফাইনাল ম্যাচের দিনক্ষণ ঘোষনা করেন। এদিকে দ্বিতীয় সেমিফাইনালে বিবেক সঙ্ঘকে কিছুটা এগিয়ে রাখলেই প্রথম সেমিফাইনালে কোনও দলকেই এগিয়ে রাখা যাচ্ছে না। ত্রিপুরার হয়ে জাতীয় আসরে খেলা বেশ কয়েকজন ক্রিকেটার রয়েছে দুই দলে। ফলে ম্যাচের দিন ২২ গজে যে দল দাপট দেখাতে পারবে সেই দলই ফাইনালে খেলার ছাড়পত্র অর্জন করবে বলে মনে করছেন ক্রিকেটপ্রেমীরা।

## অমরপুরে বাখসা ও বিবেকানন্দ ক্লাবের ম্যাচ বৃষ্টিতে পরিত্যক্ত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ জুন।। অমরপুরের ক্রিকেট ম্যাচ বৃষ্টিতে পরিত্যক্ত হয়েছে। খেলা ছিল বয়া-খা-বাখসা ক্লাব এবং বিবেকানন্দ ক্লাবের মধ্যে। অমরপুরের রাঙ্গামাটি গ্রাউন্ডে দর্শকের আগমনও ঘটেছিল। এক ইনিংস খেলা শেষ হতেই বিপত্তি বয়ে আনে বৃষ্টি। শেষ পর্যন্ত বৃষ্টি থামলেও ম্যাচ পুনরায় শুরু করার সুযোগ ঘটে নি। পরিত্যক্ত ম্যাচ থেকে দু''দল পয়েন্টের ভাগ পেয়েছে। খেলার শুরুতে টস জিতে বয়া-খা-বাখসা ক্লাব প্রথমে বোলিংয়ের সিদ্ধান্ত নেয়। বিবেকানন্দ ক্লাবকে আমন্ত্রণ জানায় প্রথমে ব্যাটিং করার জন্য। খেলা শুরুতে দেরি হয়েছিল বলে এমনিতেই ওভার কমিয়ে ৩৭ করা হয়েছিল। সীমিত ৩৭ ওভারে বিবেকানন্দ ক্লাব ৬ উইকেট হারিয়ে ১৬৮ রান সংগ্রহ করেছিল। দলের পক্ষে দেবোত্তম ঘোষের ৪৮ রান, ইমরান হোসেনের ৩২ রান এবং শাকিল হোসেনের ২৩ রান উল্লেখ করার মতো। বয়া-খা-বাখসা ক্লাবের বিশ্বজিৎ জমাতিয়া ৩৩ রানে তিনটি উইকেট তুলে নেয়। এছাড়া, বীরলাল জমাতিয়া ও নববীর জমাতিয়া একটি করে উইকেট পেয়েছে। জবাবে বয়া-খা-বাখসা ক্লাব যেই ব্যাট করতে যাবে এমন সময় মুষলধারে বৃষ্টিতে খেলা ভেস্তে যায়। পরিত্যক্ত ম্যাচের কারণে দু''দলকে ২-২ করে পয়েন্ট দেওয়া হয়।

## জুলাই-আগস্টে ওয়েস্ট ইন্ডিজ সফরে টিম ইন্ডিয়া, ঘোষিত হয়ে গেল সূচি

মুম্বই, ২ জুন (হি.স.) : আগামী জুলাই-আগস্টে ওয়েস্ট ইন্ডিজ সফরে যাচ্ছে টিম ইন্ডিয়া। তিনটি একদিনের ও পাঁচ ম্যাচের টি-২০ সিরিজ খেলবেন রোহিত-বিরাটরা। সূচি ঘোষণা করল দুই বোর্ড। ভারত ১৭ জুলাই ইংল্যান্ডের বিরুদ্ধে সাদা বলের লেগ শেষ করবে। এই দলের নির্বাচিত প্রতিনিধিরা সরাসরি ইংল্যান্ড থেকে ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের দেশে উড়ে যাবেন। টি-২০ সিরিজের শেষ দু''টি ম্যাচ হবে মার্কিন মুলুকে।

তিন ম্যাচের একদিনের সিরিজ:
প্রথম একদিন: ২২ জুলাই (কুইন্স পার্ক ওভাল, পোর্ট অফ স্পেন)
দ্বিতীয় একদিন: ২৪ জুলাই (কুইন্স পার্ক ওভাল, পোর্ট অফ স্পেন)
তৃতীয় একদিন: ২৭ জুলাই (কুইন্স পার্ক ওভাল, পোর্ট অফ স্পেন)

পাঁচ ম্যাচের টি-২০ সিরিজ:
প্রথম টি-২০: ২৯ জুলাই (ব্রায়ান লারা স্টেডিয়াম, পোর্ট অফ স্পেন)
দ্বিতীয় টি-২০: ১ আগস্ট (ওয়ার্নার পার্ক, সেন্ট কিটস অ্যান্ড নেভিস)
তৃতীয় টি-২০: ২ আগস্ট (ওয়ার্নার পার্ক, সেন্ট কিটস অ্যান্ড নেভিস)
চতুর্থ টি-২০: ৬ আগস্ট (ব্রওয়ার্ড কাউন্টি গ্রাউন্ড, ফ্লোরিডা, ইউএসএ)
পঞ্চম টি-২০ : ৭ আগস্ট (ব্রওয়ার্ড কাউন্টি গ্রাউন্ড, ফ্লোরিডা, ইউএসএ)

## লংতরাই ভ্যালিতে স্বরাবের হ্যাটট্রিক, শান্তিনিকেতনে পর্যুদস্ত ইয়ং ব্লাড

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ জুন।। স্বরাব সাহানির হ্যাটট্রিক। দুর্দান্ত বোলিং উপহার দিয়ে স্বরাব সাহানি ৬ রানে ৬ উইকেট তুলে নিয়েছে। সঙ্গে কাজল সূত্রধরের দাপটে ইয়ং ব্লাড যেন পুরোপুরি পর্যুদস্ত হয়েছে। ৬ জন ব্যাটসম্যান ''ডাক পেয়েছেন। দুই জন এক রানে ফিরেছেন। খুবই খারাপ অবস্থায় ইয়ং ব্লাড ক্লাবকে পরাস্ত হতে হয়েছে। আজ, বৃহস্পতিবার লংতরাই ভ্যালিতে আয়োজিত সিনিয়র লিগের গুরুত্বপূর্ণ ম্যাচে শান্তিনিকেতন সংঘ দুরন্ত জয় পেয়েছে। হারিয়েছে ইয়ং ব্লাড ক্লাবকে ৯১ রানের ব্যবধানে। ঘাগরাছড়া হাই স্কুল গ্রাউন্ডে সকালে ম্যাচ শুরুতে টস জিতে শান্তিনিকেতন সংঘ প্রথমে ব্যাটিংয়ের সিদ্ধান্ত নেয়। ১৭.৫ ওভার খেলে সবকটি উইকেট হারিয়ে শান্তিনিকেতন ১০৮ রান সংগ্রহ করতে সক্ষম হয়। দলের পক্ষে ওপেনার অভিজিৎ দাস ও স্বরাব সাহানি ২০ করে রান পায়। রিন্টু চাকমা পেয়েছে ১৭ রান। এছাড়া, বিকাশ চাকমার ১৩ ও অতিরিক্ত ১৮ রান পেয়ে দলের স্কোর শতরান পার করে। ইয়ং ব্লাড ক্লাবের বোলার মুকেশ মারক ১৫ রানে তিনটি, দেবাশীষ মারাক ১০ রানে দুটি উইকেট পায়।সুমন্ত চাকমা ১৫ রানে ৪ উইকেট তুলে নেয়। জবাবে ব্যাট করতে নেমে ইয়ং ব্লাড ক্লাব ৬.১ ওভার খেলে ১৭ রানেই ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। দলের পক্ষে কেউ যেন উইকেটে দাঁড়াতেই পারেনি। স্বরাব সাহানি, কাজল সূত্রধরের পাশাপাশি রিন্টু চাকমার বোলিং দাপটে ইয়ং ব্লাড শিবিরে ধস নেমে যায়। স্বরাব সাহানি হ্যাটট্রিক সহ ৬ উইকেট পায় মাত্র ৬ রানের বিনিময়ে। কাজল সূত্রধর পেয়েছে তিনটি উইকেট ১০ রানের বিনিময়ে। রিন্টু পেয়েছে একটি উইকেট। শান্তিনিকেতন সংঘ ৯১ রানের ব্যবধানে দুর্দান্ত জয় পেয়েছে।


**PRESS NIeT. No:- 07/EE/DWS/DIVN/UDP/2022-23, Date : 27/05/2022**

**e-Tender in single bid system are invited for the following work:-**

| Sl. No. | DNIeT No. | Name of Work | Estimated Cost | Earnest Money | Time for Completion | Deadline for online bidding | Website for online bidding | Time & date of opening of online bids | Tender fee |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | DNIeT No. 10/CE/PWD(DWS)/2022-23 | JJM Scheme under Gomati Tripura District during the year 2022-23/ SH: Construction of Innovative water supply scheme at West KalaJhari (Satanrai Para) under Malbasa VC based on Mailak Cherra/Site development works, Construction of Jack well with silt trap including pump house and pumping arrangement, Aerator with raw water rising line, Storage cum Sedimentation Tank, HRF & SSF, CWR, Clear water pump House, Distribution line etc. Including all allied works complete under DWS Sub-Division, Amarpur under DWS Division, Udaipur. | ₹ 4,33,50,488.00 | ₹ 8,67,010.00 | 270 (Two Hundred and Seventry) days | 15.00 Hrs on 27-06-2022 | https://tripuratenders.gov.in | 15.30 Hrs 27-06-2022 | ₹ 8,000.00 |

Last date and time for document downloading and bidding : Upto 15.00 Hrs. on 27-06-2022

Place, Time and date of opening of online bid : O/o the Executive Engineer, DWS Division, Udaipur at 15:30 Hrs on 27-06-2022. if possible.

Details tender notice may be seen in the office of the Executive Engineer, DWS Division, Udaipur and office of the Assistant Engineer, DWS Sub-Division No-I/II, Udaipur/Kakraban/Killa/Rig/Amarpur/Karbook/Ompi and the website https://www.tripuratenders.gov.in

Sd/- (ER. S. H. JAMATIA)
Executive Engineer
DWS Division, Udaipur
Gomati District, Tripura.

ICA-C-765/22


## সোনামুড়ায় রসিক রায় স্মৃতি ফুটবল টুর্নামেন্ট ১৫ জুন থেকে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ জুন।। আগামী ১৫ জুন থেকে সোনামুড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশন মাঠে অনুষ্ঠিত হতে যাচ্ছে রসিক রায় স্মৃতি প্রাইজ মানি নকআউট ফুটবল টুর্নামেন্ট। সোনামুড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত এই টুর্নামেন্টে সোনামুড়া মহকুমার প্রতিটি পঞ্চায়েত এবং সোনামুড়া নগর পঞ্চায়েত এবং মেলাঘর পৌর পরিষদও অংশ নেবে। বৃহস্পতিবার সোনামুড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশন হলে এক সাংবাদিক সম্মেলনের মধ্য দিয়ে এই বিষয়ে তুলে ধরেন টুর্নামেন্টের উদ্যোক্তারা। এদিন সোনামুড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি বুদ্ধ পালের আহ্বানে আহুত সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সোনামুড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশনের সেক্রেটারি তথা সোনামুড়া নগর পঞ্চায়েতের কমিশনার ঝুটন রায়, রঞ্জিত দাস, পঞ্চায়েত সমিতির সদস্য শ্রীদাম শীল সহ অ্যাসোসিয়েশনের অন্যান্য সদস্যরা। বিশেষ করে ফুটবলের আঙ্গিনায় খেলোয়াড়দের নতুন করে উৎসাহিত করতে এবং সোনামুড়া মহকুমার বিগত দিনের ফুটবলের ইতিহাস কে স্মরণ করিয়ে দিতেই উদ্যোক্তাদের এই ধরনের টুর্নামেন্টের আয়োজন বলে জানান সোনামুড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশনের সেক্রেটারি ঝুটন রায়। তিনি সাংবাদিক সম্মেলনের মধ্য দিয়ে মহাকুমার প্রতিটি পঞ্চায়েত থেকে যেন খেলোয়াড়রা উক্ত ফুটবল টুর্নামেন্টে অংশ নেয় সেই আহ্বান রাখেন। পাশাপাশি আগামী দিনে সোনামুড়া ফুটবল জগতকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে এ ধরনের উদ্যোগ অনেকটাই কার্যকর হবে বলে আশা ব্যক্ত করেন ফুটবল টুর্নামেন্টের উদ্যোক্তারা।

## রাহুল, আশিষের দুর্দান্ত পারফরম্যান্স, সুপারে জয় দিয়ে শুরু কসমোপলিটনের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা,২ জুন।। উদ্বোধনী ম্যাচে জয় পেলো কসকমোপলিটন ক্লাব। সুপার লিগের প্রথম ম্যাচে ৮৪ রানে পরাজিত করলো চুং কাউ থাংগা দলকে। শান্তির বাজার মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্লাব লিগ ক্রিকেটের সুপার ফোরে। চ্যালেঞ্জার ট্রফি ক্রিকেট টুর্নামেন্ট।বৃহস্পতিবার বাইখোরা স্কুল মাঠে ব্যাটে-বলে দাপট দেখিয়ে জয় পায় কসমোপলিটন ক্লাব। প্রথমে ব্যাট নিয়ে কসমোপলিটন ক্লাবের গড়া ১৯৩ রানের জবাবে চুং কাউ থাংগা দল ১০৯ রান করতে সক্ষম হয়। বিজয়ী দলের রাহুল হুসেন ৭৩ রান করেন। এছাড়া আশিষ কুমার যাদব ৪ উইকেট পেয়েছেন। এদিন সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে কসমোপলিটন ক্লাব ৩৪.১ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১৯৩ রান করে। দলের হয়ে রাহুল হুসেন ৯৪ বল খেলে ১০ টি বাউন্ডারির সাহায্যে ৭৩, প্রসেনজিৎ বিশ্বাস ১৯ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৬,দেবাশিষ সাহা ১৭ বল খেলে ২ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৩, আশিষ কুমার যাদব ২০ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৬ এবং রাজদ্বীপ দত্ত ১৬ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৩ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ২৭ রান। চুং কাউ থাংগা দলের পক্ষে হিমালেশ সাঙ্গমা (৩/৩০), সুকান্ত রিয়াং (৩/৩২) এবং হেবাল রিয়াং (২/৪৪) সফল বোলার। জবাবে খেলতে নেমে আশিষ কুমার যাদবের (৪/২০) বিধ্বংসী বোলিংয়ে ২৭.২ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১০৯ রানে গুটিয়ে যায় চুং কাউ থাংগা দল। দলের পক্ষে পিটারসন রিয়াং ১৮ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ২০ (অপ:),সুনীল রিয়াং ৪৩ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৯, ক্লিন্টন রিয়াং ১৫ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ১৬, হিমালেশ সাঙ্গমা ১৭ বল খেলে ২ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৫ এবং হরি চন্দ্র রিয়াং ১৫ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১১ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৯ রান। কসমোপলিটন ক্লাবের পক্ষে আশিষ কুমার যাদব ছাড়া অনুরাগ দেবনাথ (৩/১৩) এবং রাজদ্বীপ দাস (২/১৪) সফল বোলার।

## ত্রিপুরার খেলোয়াড়রা হরিয়ানায় পৌঁছুলো, শুক্রবার প্রস্তুতি, শনিবার থেকে ময়দানে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২ জুন।। খেলো ইন্ডিয়া জাতীয় গেমসের লক্ষ্যে ত্রিপুরার প্রথম দফার দলটি আজ হরিয়ানার পঞ্চকুলাতে গিয়ে পৌঁছেছে। আগামী ৪ থেকে ১৩ জুন পঞ্চকুলাতে খেলো ইন্ডিয়া গেমস ২৫টি ইভেন্টে অনুষ্ঠিত হবে। ত্রিপুরা আসরে মোট ৯টি ইভেন্টে অংশ নেবে। রাজ্যের দ্বিতীয় দলটি আগামী ৬ জুন পঞ্চকুলাতে যাবে। আজ রাজ্যের প্রথম দলটি দিল্লীতে পৌঁছলে ত্রিপুরা ভবনের রেসিডেন্স কমিশনার সোনাল গোয়েল খেলোয়াড় ও অফিসিয়্যালদের শুভেচ্ছা জানান এবং সকলকে ফুল ও মিস্টি উপহার হিসেবে দেন। সেই সাথে তিনি রাজ্যদলের সাফল্য কামনা করে আসরে রাজ্যের খেলোয়াড়েরা ভাল ফল করবে বলে আশা ব্যাক্ত করেন। উল্লেখ্য, প্রতিযোগিতা শুরু হয়ে যাবে আগামীকাল থেকেই। তবে তা দু-একটা ইভেন্টে। হরিয়ানার তাও দেবি লাল কমপ্লেক্স সহ সব কটি স্টেডিয়াম-ই এখন প্রস্তুত। ইউনিভার্সিটি গ্রাউন্ড, জিমখানা, ক্লাব, হল-এর মত বেশ কয়েকটি ভেন্যুতে শেষ তুলির টানও হয়ে গেছে। আনুষ্ঠানিক উদ্বোধন হবে ৪ জুন, শনিবার। ত্রিপুরার খেলোয়াড়রাও মার্চপাস্টে অংশ নেবে। প্রতিযোগিতা চলবে ১৩ জুন পর্যন্ত। ১৩ জুনে রাখা হয়েছে বিভিন্ন ইভেন্টের চূড়ান্ত খেলা এবং সমাপ্তি অনুষ্ঠান। অ্যাথলেটিক্স, ফুটবল, ব্যাডমিন্টন থেকে শুরু করে টেবিল টেনিস, কাবাডি, হ্যান্ডবল, রেসলিং, বাস্কেটবল, ভলিবল, বক্সিং, খো খো, গটকা, থাং-তা, কালারি পায়াট্টু, যোগাসন, মাল খাম্বা, ওয়েটলিফটিং, টেনিস, জুডো, আর্চারি, হকি, জিমন্যাস্টিকস, সুইমিং, সাইক্লিং এবং শুটিং - এই ২৫টি ইভেন্টের প্রতিযোগিতার আসর ঘিরে জমজমাট হয়ে উঠবে হরিয়ানা, দিল্লির বেশ কয়েকটি স্পোর্টস কমপ্লেক্স, স্টেডিয়াম এবং জিমনাসিয়াম। সবকটি রাজ্যের যুবা-রা এই আসরে অংশ নিতে যথারীতি চলে এসেছে হরিয়ানায়। বলাবাহুল্য, এবারকার খেলো ইন্ডিয়া যুব গেমসে দেশীয় পাঁচটি নতুন ক্রীড়ার অন্তর্ভুক্তি উল্লেখযোগ্য বিষয়। এই ইভেন্টগুলি হলো গাটকা, থাং-টা, যোগাসন কালারিপায়াত্তু এবং মালখাম্বা। এর মধ্যে গাটকা, কালারিপায়াত্তু এবং থাং-টা ঐতিহ্যবাহী মার্শাল আর্ট। অন্যদিকে মালখাম্বা এবং যোগাসন ফিটনেস সম্পর্কিত খেলা। স্বাভাবিক কারণেই এবারের আসর অনেকটাই স্মরণীয় হয়ে থাকবে।

## বাংলাদেশের নতুন টেস্ট অধিনায়ক সাকিব আল হাসান

ঢাকা, ২ জুন(হি.স) : বাংলাদেশের নতুন টেস্ট অধিনায়ক মনোনীত হলেন সাকিব আল হাসান। মুমিনুল হকের পদত্যাগের একদিন পর বৃহস্পতিবার বাংলাদেশের শীর্ষ অলরাউন্ডার সাকিব আল হাসানকে টেস্ট দলের নতুন অধিনায়ক মনোনীত করা হয়। লিটন দাসকে বাংলাদেশ টেস্ট দলের সহ-অধিনায়ক করা হয়েছে।প্রসঙ্গত, ২০১৯ সালে প্রাক্তন অধিনায়ক সাকিবকে আইসিসির দুর্নীতিবিরোধী কোড লঙ্ঘনের স্বীকার করার পরে দুই বছরের জন্য নিষিদ্ধ করা হয়েছিল।


**ABRIDGE NOTICE FOR SUBMISSION OF QUOTATIONS FOR OFFICE SPACE UNDER TRLM**

Sealed quotations are hereby invited from registered legal owner of the building in North gate to Gurlhabasti or Kamanxchowmuhani to city centre for around 400 sq. Ft. under TRLM at Office of the CEO, TRLM, Bholananda palli, Opposite of EPF office VIP Road, Agartala, Tripura, pin-799006. NIQ shall be received in the office of SMMU, TRLM upto 3.00 P.M till 21/06/2022 along with EMD of Rs. 10,000/-. Detailed NIQ may be seen in the websites- www.rural.tripura.gov.in/ www.trlm.tripura.gov.in/ www.tripura.gov.in

**ICA-C-778/22-23**

**Sd/-illegible**
**(Dr. Vishal Kumar, IAS)**
**Chief Executive Officer**
**Tripura Rural Livelihood Mission**

**Notice Inviting e-Tender**

Notice Inviting e-Tender in plain paper is hereby invited for "RATE FOR PROCUREMENT OF EQUIPMENTS FOR THE DEPARTMENT OF PATHOLOGY IN THE AGARTALA GOVERNMENT MEDICAL COLLEGE, AGARTALA."subject to certain terms & condition, vide file No.F..6(1-19)-AGMC/ Purchase/ PG Equipments/2019.

Last date of submission of offer to the Principal, Agartala Government Medical College & GBP Hospital, Agartala on or before 4:00 pm of 30/06/2022 by Speed post/courier registered post only.

The Terms & conditions for the same may be collected free of cost from www.agmc.nic.in. AGMC Agartala prior to the last date of submission of the NIT.

Sd/-Illegible
Medical Superintendent & Head of Department
A.G.M.C. & G.B.P. Hospital, Agartala.

ICA/C/774/22

**NOTICE INVITING E-TENDER**

**No. F.3 (7)-DDH/SPJ/e-TENDER/Dragon Fruit/2022-23/ 1835-36 Dated,31/05/2022**

Deputy Director of Horticulture, Sepahijala District, Bishalgarh, under the Department of Agriculture and Farmers Welfare, Government of Tripura invites an e-Tender in Single Bid System (Technical & Financial) for determining the single rate of Dragon Fruit Sapling in the district for supply of Dragon Fruit Saplings from the individual nursery men having a valid license issued by the state Govt. under Tripura Nursery Regulation Act, 2013.. Bid may be submitted by eligible Bidders till 15/06/2022 05:00 PM for supply of Dragon Fruit Sapling.

| Sl. | Name of Work | Tender value/ Estimated cost | EMD & Tender Fee | e-tender Period | Document Download Start & Bid Submission End Date & Time | Bid Opening Date | Place of Bidding |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | Supply of **30800** Nos. of Dragon Fruit Sapling under MGNREGA scheme as per following breakup:- Agri. Sub-division / MGNREGA: Jampuijala 13200; Kathalia 8800; Bishalgarh 8800; Total 30800 | **Rs.7,70,000/-** | EMD : Rs.15,400/- (Rupees Thirty eight thousand seven hundred twenty) Tender fee- **Rs 1000.00** | 15 days | 31/05/2022 to 15/06/2022 up to 05:00 PM | 16/06/2022 at 12.00 PM | https://tripuratenders.gov.in. |

All the information of the above stated tender is available in https://tripuratenders.gov.in. Eligible bidders shall participate in bidding, only in online mode, through website https://tripuratenders.gov.in. Bidders are allowed to bid 24x7 until the time of bid closing, with option for Re-Submission, wherein only their latest submitted Bid would be considered for evaluation. The 'e-Procurement website will not allow any Bidder to attempt bidding, after the scheduled date and time of Bid Submission. **Submission of bids physically is not permitted.**

**Earnest Money Deposit (EMD) and Tender Fee (TF)** is to be made as online mode only through **Net Banking.**

Bid(s) shall be opened online by respective designated Bid openers of the Department and the same shall be accessible by intending Bidder through website **https://tripuratenders.gov.in.**

**(Dr. Banasri Roy Choudhury)**
**Dy. Director of Horticulture**
**Sepahijala District , Bishalgarh.**

**ICA-C-770/22-23**

**Contractor/ Bidder**

# বড়দোয়ালী কেন্দ্রে বাড়ি বাড়ি ভোট প্রচার বামফ্রন্ট প্রার্থীর



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** ৮ টাউন বড়দোয়ালী বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট প্রচারে শামিল হয়েছে বামফ্রন্ট প্রার্থী। এই কেন্দ্রে বামফ্রন্ট সমর্থিত ফরওয়ার্ড ব্লক প্রার্থী রঘুনাথ সরকার বৃহস্পতিবার সকালে বাড়ি বাড়ি ভোট প্রচারে সামিল হন। বৃহস্পতিবার সকালে শান্তিপাড়া এলাকায় মানুষের বাড়ি বাড়ি গিয়ে আশীর্বাদ প্রার্থনা করেছেন ফরওয়ার্ড ব্লক প্রার্থী রঘুনাথ সরকার। দলীয় কর্মী সমর্থকদের সঙ্গে নিয়ে মানুষের বাড়ি বাড়ি ভোট প্রচার করতে গিয়ে বামফ্রন্ট সমর্থিত প্রার্থীকে বিপুল ভোটে জয়ী করে জনগণের সেবা সুযোগ করে দিতে আবেদন জানিয়েছেন তিনি। ভোট প্রচারকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বামফ্রন্ট সমর্থিত ফরওয়ার্ড ব্লক প্রার্থী রঘুনাথ সরকার বলেন ভোট প্রচারে গিয়ে তিনি জনগণের কাছ থেকে ব্যাপক সাড়া পাচ্ছেন। তিনি বলেন বর্তমান সরকারের আমলে মানুষ প্রচন্ড ত্রাসের মধ্যে রয়েছে। এই আতঙ্ক এবং সন্ত্রাস থেকে মুক্তি পাওয়ার জন্য মানুষ চেষ্টা চালাচ্ছেন। এই অস্বস্তিকর পরিস্থিতি থেকে মুক্তি পাওয়ার লক্ষ্যে এই বিকল্প হিসেবে বামফ্রন্ট সমর্থিত প্রার্থীকে বিপুল ভোটে জয়ী করতে তিনি গণদেবতাদের প্রতি অনুরোধ জানিয়েছেন। ফরওয়ার্ড ব্লক প্রার্থী রঘুনাথপুর সরকার বলেন বর্তমান পরিস্থিতি থেকে মুক্তি পেতে একমাত্র বিকল্প পথ হল বামফ্রন্ট প্রার্থীদের বিপুল ভোটে জয়ী করা। তিনি বলেন রাজ্যে একমাত্র বিকল্প হলো বামফ্রন্ট। শান্তি ও সম্প্রীতির পরিবেশ ফিরিয়ে আনতে এবং জনগণের অধিকার ফিরিয়ে দিতে বামফ্রন্ট একমাত্র বিকল্প বলে তিনি উল্লেখ করেন। ভোট প্রচারে গিয়ে তিনি সবচেয়ে বেশি একই বিষয়ের উপর গুরুত্ব দিচ্ছেন সে বিষয়ে জানতে চাওয়া হলে ফরওয়ার্ড ব্লক প্রার্থী রঘুনাথ সরকার বলেন বর্তমান বেকার সমস্যা, আইন-শৃঙ্খলা পরিস্থিতি ইত্যাদিকে সামনে তুলে এনে গণদেবতাদের কাছে ভোট প্রার্থনা করছেন তিনি। রঘুনাথ বাবু বলেন বর্তমানে রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বলতে কিছুই নেই। লুটের রাজত্ব চলছে। রাজ্যে গণতন্ত্র পুনরুদ্ধার এবং একটি স্বচ্ছ সরকার ও প্রশাসন গড়ে তোলার লক্ষ্যে বামফ্রন্ট প্রার্থীদের বিপুল ভোটে জয়ী করে নজির স্থাপন করার জন্য তিনি আবেদন জানিয়েছেন। প্রসঙ্গক্রমে তিনি বলেন হয়তো চারটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের বামফ্রন্ট প্রার্থীরা জয়ী হলেও বর্তমান সরকারের পরিবর্তন হবেনা কিন্তু পরবর্তী বিধানসভা নির্বাচনে এটি পথপ্রদর্শক হিসেবে কাজ করবে বলেও তিনি উল্লেখ করেন।

# বক্সনগরে শিশুসহ ৮ জন রোহিঙ্গা আটক

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ২ মে।।** সীমান্ত এলাকা বক্সনগরে শিশুসহ ৮ জন রোহিঙ্গাকে আটক করল কলমচৌড়া থানার পুলিশ। অন্যান্য দিনের মতো আগরতলা-বক্সনগর রাস্তার উপর কলমচৌড়া থানার নাকা তথা ভেলুয়ারচর লাড্ডু বাড়ি চৌমুহনীতে পুলিশ সাধারণ ডিউটি করছিল। ডিউটিতে তখন ছিলেন কলমচৌড়া থানার এস আই হালাম টি আর ০১ এ এম ০৬৪৫ মারুতি গাড়ি করে ৮ জন রোহিঙ্গাকে নিয়ে দ্রুতগতিতে যাওয়ার সময় পুলিশের গাড়িটি আটক করে। রোহিঙ্গাদের পেয়ে সঙ্গে সঙ্গে তাদেরকে নিয়ে আসা হয় কলমচৌড়া থানাতে। গাড়ির মালিক তথা ড্রাইভার সুমন দাস (বাড়ি মেলাঘর) ৩০০০ টাকার বিনিময়ে আগরতলা বাস স্ট্যান্ড থেকে পুটিয়া সীমান্তে পৌঁছে দেবে বলে রোহিঙ্গাদের কে নিয়ে আসে। বর্তমানে সুমন এবং গাড়ি রোহিঙ্গাদের সাথে পুলিশের কাছে আটক আছে। আটককৃত রোহিঙ্গাদের নাম হল মোহাম্মদ হাশেম (২৯)ফাতেমা খাতুন(২৭)আলী মিয়া(১০) সোলেমান মিয়া (৬) ইছাহা মিয়া(৩)। যারা চার দিন পূর্বে দিল্লি থেকে রওনা দিয়েছিল বাংলাদেশ যাওয়ার উদ্দেশ্যে। গুয়াহাটি এসে বাসে করে ত্রিপুরা উদ্দেশ্যে রওনা দেয়। ধর্মনগর আসার পর তারা চারবার গাড়ি পাল্টে বক্সনগরস্থিত পুটিয়া সীমান্ত এলাকায় আসছিল। উল্লেখ্য অন্য তিনজন রোহিঙ্গাদের সাথে হাসেমদের দেখা হয় আগরতলা টি আর টি সি বাসস্ট্যান্ডে। সেখানে উৎপেতে বসে থাকা সুমন দাস তাদেরকে দায়িত্ব নিয়ে পুটিয়া সীমান্তে পৌঁছে দিবে বলে নিয়ে আসে। পূর্বেও কলমচৌড়া থানার পুলিশ বেশ কয়েকবার বাংলাদেশী এবং রোহিঙ্গাদের ধরার সময় মেলাঘরের গাড়ি পাওয়া গিয়েছিল। তা থেকে অনুমান করা হয় মেলাঘরের গাড়ী চালকদের বাংলাদেশ এবং রোহিঙ্গাদের পাচারকারী গ্রুপের সাথে সম্পর্ক আছে। অন্য তিনজন রোহিঙ্গা হলো মনোয়ারা বেগম (৩২)মফিজুল ইসলাম(১৬)এবং তহিদুল ইসলাম(১৪)।এই তিনজন রোহিঙ্গা উত্তরপ্রদেশের আলিগড় থেকে বাংলাদেশের যাওয়ার উদ্দেশ্যে এসেছে। হাসেম জানায় তাদের পূর্বের বাড়ি ছিল মায়ানমারের বচুতন জেলার নাছেরা থানা এলাকার জানহামা গ্রামে। ২০১২ সালে বাংলাদেশ স্থিত চট্টগ্রাম রোহিঙ্গা রিলিফ ক্যাম্পে এসেছিল তারা। মাত্র চারদিন বাংলাদেশের থাকার পর দালালের হাত ধরে পশ্চিমবঙ্গ বর্ডার দিয়ে ভারতে প্রবেশ করে। ট্রেন মারফত দিল্লিতে পাড়ি দেয়। তারপর থেকে দিল্লিতে তাদের বসবাস। যখন যে কাজ পায় তখন সেই কাজ করেই জীবন ধারন করে তারা। দিল্লির শিববিহার এলাকার উদ্বাস্তু ক্যাম্পে অবস্থান করে তারা। এরইমধ্যে আধার কার্ড সহ ভারতের বিভিন্ন কাগজপত্র তারা দালালের মাধ্যমে বানিয়ে নেয়। মুসলিমদের কুরবানীর ঈদ আর মাত্র এক মাস পর। কোরবানির ঈদ বাংলাদেশে করার উদ্দেশ্যে রোহিঙ্গারা বাংলাদেশ যাচ্ছে। ঈদ শেষে আবারও তারা চোরাই পথে ভারতে প্রবেশ করে নেবে বলে জানায় হাসেম। এই অবস্থায় পুলিশ তাদেরকে আটক করে অনেকটা বিপাকে পড়ে গেছে বলা যায়। কারণ আগামীকাল তাদেরকে আদালতে পাঠালে আদালত কি সিদ্ধান্ত নেয় পুলিশ কিছুই জানেনা। পুলিশের ধারণা হয়তোবা এই রোহিঙ্গাদেরকে পুনরায় তাদের বাসস্থানে যাওয়ার নির্দেশ দিতে পারে। রোহিঙ্গারা ভারত-বাংলাদেশ আসা যাওয়ার ক্ষেত্রে দালাল চক্র হাজার হাজার টাকা কামাই করে নিচ্ছে তা বলার অপেক্ষা রাখে না।

# পতিছড়ির জঙ্গলে উদ্ধার সদ্যোজাত শিশুর মৃতদেহ

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ২ জুন।।** পতিছড়ী হঠাৎ বাজার সংলগ্ন এলাকায় জঙ্গলে সদ্যজাত কন্যা সন্তানের মৃতদেহ উদ্ধার হয়েছে। ঘটনার বিবরনে জানা গেছে, বুধবার রাত্র আনুমানিক ৯ টা ৩০ মিনিট নাগাদ মনপাথর ফাঁড়ী থানায় খবর আসে পতিছড়ীর হঠাৎ বাজার সংলগ্ন এলাকায় জঙ্গলের মধ্যে এক সদ্যজাত কন্যা সন্তানের মৃতদেহ ব্যাগের মধ্যে রেখে ফেলে গেছে। ঘটনার খবর পেয়ে মনপাথর ফাঁড়ী থানার ওসি আরক্ষা দপ্তরের কর্মীদের সঙ্গে নিয়ে ছুটে যায় ☛ ৬ এর পাতায় দেখুন

# ৯৮ বছরের বৃদ্ধ ফাঁসিতে আত্মঘাতী

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২ জুন।।** সাতসকালে ঘরের বারান্দা থেকে উদ্ধার হয়েছে ৯৮ বছরের এক বৃদ্ধের ঝুলন্ত মৃতদেহ।

বিলোনিয়ার উত্তর সোনাইছড়ি আশ্রমপাড়া এলাকার প্রবীণ নাগরিক রবি দত্ত গতকাল রাত পর্যন্ত স্বাভাবিক ছন্দেই ছিলেন বলে দাবি তাঁর ছেলের। রাতে পরিবারের সদস্যদের সঙ্গে বসে খাবার গ্রহণ করেছিলেন। তারপরেই প্রায় রাত ১টা নাগাদ প্রত্যেকে ঘুমোতে চলে যান। সকালে পরিবারের লোকজন উঠে দেখতে ☛ ৬ এর পাতায় দেখুন

# পুরাতন মোটর স্ট্যান্ডে নেশা কারবারিদের দৌরাত্ম, আক্রান্ত টমটম চালক, থানায় ধরনা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ জুন।।** রাজধানী আগরতলা শহরের পুরানো মোটর স্ট্যান্ড এলাকাটি নেশা কারবারি ও নেশাখোরদের আড্ডাখানায় পরিণত হয়েছে। বৃহস্পতিবার সকালে মোটর স্ট্যান্ডে এক টমটম চালক এলাকায় নেশা সামগ্রী বিক্রি এবং নেশা গ্রহণ করতে আপত্তি জানালে তার উপর হামলা চালায় নেশা কারবারিরা। তাতে টমটম চালক গুরুতর ভাবে আহত হয়। রক্তাক্ত অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। টমটম চালকরা একজোট হয়ে পূর্ব আগরতলা থানায় ধরনা দিয়েছেন।

ঘটনার খবর ছড়িয়ে পড়তেই অন্যান্য শ্রমিকদের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হয়। ঘটনার বিস্তারিত বিবরণে জানা যায় মোটর স্ট্যান্ডে কুড়ি পঁচিশ জন লোক নেশা করছিল এবং নেশা বিক্রি করছিল। এ ধরনের পরিবেশ নজরে আসতেই টমটম চালক আপত্তি জানায়। মোটর স্ট্যান্ড চত্বরে এ ধরনের কার্যকলাপ না করার জন্য বলতেই তার ওপর কাঁচের বোতল ভেঙ্গে ঢিল ছুঁড়ে নেশাখোররা। ধারালো কাঁচের বোতলের আঘাতে টমটম চালকের শরীর থেকে প্রচন্ড পরিমানে রক্তপাত হয়। সঙ্গে সঙ্গে অন্যান্য শ্রমিকরা তাকে সেখান থেকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। ঘটনার খবর পেয়ে পূর্ব থানার পুলিশ সেখানে ছুটে যায়। অবশ্য ঘটনার পর কাউকে আটক করার খবর নেই।

ঘটনাকে কেন্দ্র করে মোটর শ্রমিকদের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। মোটর শ্রমিকদের তরফ থেকে অভিযোগ করা হয়েছে মোটর স্ট্যান্ড চত্বর এলাকায় বেপরোয়াভাবে নেশা বিক্রেতা এবং নেশাখোররা সবসময় অবস্থান করছে। গোটা মোটর স্ট্যান্ড চত্বর নেশা কারবারি ও নেশাখোরদের আড্ডাখানায় পরিণত হয়েছে। এসব বিষয়ে আপত্তি জানালে আক্রান্ত হতে হচ্ছে। বৃহস্পতিবার বেলা সাড়ে নয়টা নাগাদ এ ধরনের ঘটনার সাক্ষী হলেন মোটর শ্রমিক সহ স্থানীয় ☛ ৬ এর পাতায় দেখুন





# ধর্মনগরে খাদ্য গুদামে নিম্নমানের চাল

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ২ জুন।।** দীর্ঘদিন ধরে ধর্মনগরের রেশন শপগুলিতে বাজে চাল সরবরাহ করার অভিযোগ উঠে আসছিল। সাধারণ মানুষের অভিযোগের ভিত্তিতে বৃহস্পতিবার দুপুরে ধর্মনগরের বিধায়ক তথা উপাধ্যক্ষ বিশ্ব বন্ধু সেন, পুর পরিষদের চেয়ারপারসন প্রদ্যুৎ দে সরকার , সমাজসেবী শ্যামল নাথ সহ অন্যান্যরা ভারতীয় খাদ্য গুদামের স্টোররুমে গিয়ে দেখেন খুবই নিম্নমানের চাল সরবরাহের জন্য রাখা হয়েছে। যিনি দায়িত্বে রয়েছেন তাকে জিজ্ঞেস করা হয় তিনি কেন এত নিম্নমানের চাল রিসিভ করেছেন। মহকুমা প্রশাসনকে খবর দিলে ডিসিএম সঞ্জিত দেবনাথ ছুটে যান এবং পর্যবেক্ষণ করে দেখেন খুবই নিম্নমানের চাল রয়েছে। সাথে সাথে মেসেজ পাঠানো হয় এবং এই চাল তুলে নিয়ে বিকেলের মধ্যে ভাল চাল সরবরাহের অঙ্গীকার করা হয়। বিশ্ব বন্ধু সেন বলেন সরকার মানুষের জন্য কাজ করে চলেছি কেন মানুষ ভাল চাল না পেয়ে নিম্নমানের চাল নেবে। ভাল চাল নেওয়া অধিকার রয়েছে তাদের।

# রাজ্যে অরাজকতা চলছে, ক্ষোভে ফুঁসছেন মানুষ ঃ মানিক সরকার

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ২ জুন।।** যখন রাজ্যের দ্বিতীয় বৃহত্তম শহর ধর্মনগরে সুদীপ রায় বর্মন সার্জিক্যাল স্ট্রাইক করে সিপিআইএম দলের পোড় খাওয়া নেতা তথা ধর্মনগর পৌর পরিষদের প্রাক্তন চেয়ারম্যান চয়ন ভট্টাচার্যের হাত ধরে সিপিআইএম, বিজেপি ও তৃনমূল দলের ৮৪ জন তাবড় তাবড় নেতা কংগ্রেস দলে যোগ দান করালেন। সেদিন দুদিনের উত্তর জেলা সফরে আসলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিরোধী দল নেতা মানিক সরকার সহ একঝাঁক বিধায়কের দল। বুধবার পানিসাগর মহকুমায় তথ্য সংগ্রহ সভায় মিলিত হন মানিক সরকার সহ বিধায়ক শদিহ চৌধুরী, রতন ভৌমিক, ইসলাম উদ্দিন, বিজিতা নাথ সহ স্থানীয় নেতৃত্বরা। তারপর বৃহস্পতিবার সকালে সোজা চলে আসেন ধর্মনগরে। ধর্মনগরে আসার পর দলের বিধায়ক ও স্থানীয় নেতৃত্বদের নিয়ে প্রথমেই তিনি চলে যান বাগবাসায় বিধানসভায়। সেখানে তিনি দলীয় কর্মীদের সাথে দেখা করে তথ্য সংগ্রহ করে তাদের সুখ দুঃখের কথা শুনেন। সেখান থেকে তিনি চলে যান মধ্য টঙ্গিবাড়ি এলাকার মৃত দুলু দেবের বাড়িতে। দুলু দেব বেশ কিছু দিন পূর্বে নিখোঁজ থাকার পর তার পচাগলা মৃতদেহ গভীর জঙ্গল থেকে উদ্ধার হয়।পরিবারের লোকজনদের অভিযোগ ছিল, তাকে খুন করা হয়েছে। সেই দলীয় কর্মীর বাড়িতে গিয়ে সম্পূর্ণ ঘটনা শুনে পরিবারের লোকজনদের সমবেদনা জানান মানিক সরকার। সঙ্গে ছিলেন বাকি বিধায়ক গন। এরপর তিনি চলে আসেন



ধর্মনগরে সিপিআইএম জেলা কার্যালয়ে। সেখানে মহকুমার দলীয় সকল কর্মীদের নিয়ে এক বৈঠক করেন তিনি। এই বৈঠকে দলীয় কর্মীদের সুখ দুঃখের পাশাপাশি তারা কিভাবে আছেন সেই খুঁজ খবর নেন। পাশাপাশি মহকুমার কোথায় কি অভিযোগ রয়েছে তাও তেদের কাছ থেকে শুনেন ও তথ্য সংগ্রহ করেন। তথ্য সংগ্রহ করার পর বেলা তিনটা নাগাদ উত্তর জেলার জেলা শাসক নাগেশ কুমার বি'র সাথে এক ডেপুটেশনে মিলিত হন মানিক সরকারের নেতৃত্বে বিধায়কগণ। সেখানে জেলা শাসকের নিকট সাধারণ মানুষের জ্বলন্ত সমস্যা ও দূর্নীতির বিরুদ্ধে স্মারকলিপি তুলে দেন। এরপর বেলা চারটায় ধর্মনগর জেলা কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনের মধ্য দিয়ে সংবাদ মাধ্যমের সাথে কথা বলেন মানিক সরকার। সাংবাদিক সম্মেলন শ্রী সরকার বলেন, তাদের জেলা ভিত্তিক কর্মসূচির অঙ্গ হিসেবে দুদিনের সফর ছিল উত্তর জেলায়। উত্তর জেলার তিনটি মহকুমার ৮ টি ব্লক,৬৯ টি গ্রাম পঞ্চায়েত,৭৩ টি এডিসি ভিলেজ এবং একটি করে পৌর পরিষদ ও নগর পঞ্চায়েতের দলীয় প্রতিনিধিদের কাছ থেকে তাঁরা তথ্য সংগ্রহ করার সুযোগ হয়েছে। তবে এই তথ্য সংগ্রহে সাধারণ মানুষের ব্যাপক সাড়া পেয়েছেন বলে তাঁর দাবি। তিনি বলেন, রাজ্যে অরাজকতা চলছে। মানুষ ক্ষোভে ফুঁসছে। তিনি বলেন, গ্রামাঞ্চলে রেগা ও শহরাঞ্চলে পরিবহন,এই দুটোই মানুষের জীবিকা নির্বাহের প্রধান চাবিকাঠি। কিন্তু বর্তমান সরকারের আমলে রেগায় দূর্নীতি, উন্নয়নমূলক কাজ নেই।শহর থেকে গ্রাম রাস্তাঘাট ফেটে চৌচির। অর্থাৎ মানুষের জীবিকা নির্বাহে ভাটা পড়েছে। দুদিন জেলার তিনটি মহকুমা ঘুরে সাধারণ জনগণের সমস্যা গুলি ডেপুটেশন আকারে জেলা শাসকের কাছে তুলে ধরা হয়। তবে জেলা শাসক আশ্বস্ত করলেও এক মাসের সময় সীমা বেঁধে দেন মানিক সরকারের নেতৃত্বাধীন বিধায়করা। শ্রী সরকার সাংবাদিক সম্মেলন আরো বলেন, বর্তমান সরকারের আমলে মাঝ রাতে মেশিনারি দিয়ে রেগার কাজ হয়। রাস্তাঘাট,জল, প্রধানমন্ত্রী আবাস যোজনার ঘর, শিক্ষা ব্যাবস্থা সবকিছুতেই দূর্নীতি। মূলত বিজেপি সরকার রাজ্যে প্রতিষ্ঠিত হবার পর মূল সমস্যা হল কাজ, রোজগার ও খাদ্যের। পাশাপাশি এদিনের সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী পরিবর্তনের ইস্যু নিয়ে তীব্র ভাষায় কটাক্ষ করেন মানিক সরকার।

# পুকুরের জলে ডুবে এক নাবালিকার মৃত্যুর ঘটনার অন্য মোড় পরিবার ও এলাকাবাসীর দাবি ধর্ষণ করে পরিকল্পিত হত্যা

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ২ জুন।।** উত্তর জেলার চুরাইবাড়ি থানাধীন পুর্ব ফুলবাড়ি গ্রাম পঞ্চায়েতর খাদিমপাড়া এলাকার নাবালিকা জায়েদা বেগম জলে পড়ে মৃত্যুর মামলায় স্থানীয় থানার পুলিশের ভূমিকায় মৃতার পরিবার ও স্থানীয়দের মাঝে তীব্র ক্ষোভ বিরাজ করছে। অভিযোগ পুলিশ সঠিক তদন্ত না করেই দায় সারছে।এমনকি এখন পর্যন্ত ঘটনাস্থল থেকে ফরেন্সিক নমুনাও সংগ্রহ করেনি পুলিশ। ধর্ষণ করে পরিকল্পিত হত্যার পর জলে ফেলা হয়েছে বলে অভিযোগ পরিবার ও এলাকাবাসীর। থানায় মামলা। পুলিশের তদন্তে ভরসা হারিয়ে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি।

প্রসঙ্গত উল্লেখ্য,গত মঙ্গলবার চুরাইবাড়ি থানাধীন লক্ষীনগর গ্রামের খেরেংজুড়ি এলাকায় জলে ডুবে মৃত্যু হয়েছিল জায়েদা বেগম নামের ষোল বছরের এক নাবালিকার। প্রথমে এটা জলে ডুবে মৃত্যু বলে অনুমান করা হলেও মৃতার পরিবার,আত্মীয় পরিজন ও গ্রামবাসীদের মনে প্রথম থেকেই সন্দেহের দানা বাঁধছিল। চুরাইবাড়ি থানা দুইজন এসপিও জওয়ান দিয়ে প্রথমে তদন্ত চালিয়ে বিষয়টিকে হাল্কাভাবে নেওয়ার চেষ্টা করে। কিন্তু মৃতার পরিবার এবং এলাকাবাসীদের অভিযোগ, নাবালিকা জায়েদা বেগমকে বলপূর্বক ধর্ষণ করে সু-পরিকল্পিতভাবে খুন করা হয়েছে।পরে পুকুরের জলে ফেলে ঘটনাকে অস্বাভাবিক মৃত্যুর দিকে মোড় দেওয়া হয় বলে অভিযোগ।যদিও মঙ্গলবার রাতেই খাদিম পাড়ার জনগণ জড়ো হয়ে চুরাইবাড়ি থানায় প্রথমে মৌখিক অভিযোগ করেন ফাতেমা বিবি নামে এক মহিলা সহ ক্রেশার মালিক নেজাম উদ্দিনের বিরুদ্ধে।তাদের অভিযোগ মূলে এলাকাবাসীর সহযোগে ফাতেমা বিবি নামের ওই মহিলাকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে আসা হলেও কোনো এক অজ্ঞাত কারণে রাতেই তাকে ছেড়ে দেওয়া হয় বলে অভিযোগ। তারপর বুধবার সকালে মৃতার মা খুদেজা বিবি থানায় ফাতিমা বিবির নামে লিখিত অভিযোগ দায়ের করেন।এদিকে এই ঘটনার খবর পেয়ে স্থানীয় সংবাদকর্মীরা ঘটনাস্থল পরিদর্শন করতে গেলে বেরিয়ে আসে নানা চাঞ্চল্যকর তথ্য।যে মহিলার নামে অভিযোগ রয়েছে এবং সে যেখানে থাকত সেই ঘরটি তালাবন্ধ করে ঐ মহিলা গা ঢাকা দিয়েছে।সংবাদকর্মীদের দেখে এলাকার মানুষও জড়ো হতে থাকেন।শুরু হয় চর্চা এবং তল্লাশি।যে পুকুর থেকে মৃতদেহ উদ্ধার হয়েছিল তার একশ মিটারের ভেতরেই রয়েছে নেজাম উদ্দিনের পাথর ভাঙ্গার ক্রেশার অর্থাৎ পাথর কোয়ারী।আর সেই ক্রেশারের তত্ত্বাবধানে ছিল অভিযুক্ত ফাতেমা বিবি পিতা রহমান আলী বাড়ি শনিছড়া নদিয়পুর দুই নং ওয়ার্ডের বাসিন্দা।স্থানীয় সূত্রে খবর, ফাতেমা বিবির চরিত্র খুব একটা সুবিধেরও নয়। ধারণা,যে ঘরটিতে সে থাকত সেই ঘরেই নাবালিকা মেয়েটিকে ধর্ষণ করে পরবর্তীতে খুন করা হয়েছে। তাছাড়া এলাকার লোকজন সহ সংবাদমাধ্যমের কর্মীরা ঘটনাস্থল পরিদর্শন করলে দেখা যায়, পুকুরের উপরের জঙ্গলে একটি কম্বল আটকে রয়েছে। তাছাড়া আশপাশে পায়ে হাঁটার চিহ্নও লক্ষ্য করা যায়।মৃতার পরিবারের লোকেরা জানান,মৃত নাবালিকা সাঁতার কাটতেও জানে।এছাড়া জলাশয় থেকে যখন মৃতদেহটি উদ্ধার করা হয় তখন তার পেটে জল আছে বলে মনে হয়নি।এমনকি নাবালিকা মেয়েটি ছিল অর্ধনগ্ন।কোন মহিলা কিংবা নাবালিকা খোলা আকাশের নিচে স্নান করতে গেলে তার সমস্ত শরীরেই বস্ত্র থাকবে এটাই স্বাভাবিক।তাছাড়া মৃতার পরিবারের বক্তব্য অনুযায়ী, বুধবার বিকেলে ময়নাতদন্তের পর মৃত দেহটি বাড়িতে নিয়ে আসা হলে মহিলারা স্নান করাতে গেলে তার শরীরের অনেক অংগেই দেখতে পান বিভিন্ন আকৃতির চিহ্ন।তাহলে কি পরিকল্পিতভাবেই নাবালিকা মেয়েটিকে ধর্ষণ করে খুন করা হয়েছে? উঠছে প্রশ্ন।এবার আসা যাক মেয়েটি সেখানে এলো কিভাবে।মৃতার মা খুদেজা বেগম এবং বোন দিলয়াড়া বেগমের বক্তব্য অনুযায়ী,নেজাম উদ্দিনের ক্রেশার অর্থাৎ পাথর কোয়ারীতে কিছুদিন যাবত মৃত নাবালিকা মেয়েটি জীবিকা নির্বাহের জন্য কাজ করে আসছিল।যথারীতি মঙ্গলবার সকালেও ক্রেশারে আসলে ঐদিন কাজ বন্ধ থাকবে বলে তাকে ফিরিয়ে দেওয়া হয়। তারপর সে বাড়ি চলে আসে।কাজ বন্ধ থাকায় মেয়েকে বাড়িতে রেখে পাশের পাহাড়ে খড় আনতে চলে যান নাবালিকা মেয়েটির মা।কিছুক্ষণ পর নেজামের ক্রেশার কোয়াড়িতে থাকা অভিযুক্ত ফাতেমা বিবি নাবালিকা মেয়েটিকে ফোন করে পাথর কোয়াড়িতে ঘর মেরামতির জন্য আসার কথা বলে।উত্তরে নাবালিকা মেয়েটি বারণ করার পরও ফাতেমা বিবি তাদের বাড়িতে চলে যায় তাকে নিয়ে আসার জন্য।একপ্রকার বাধ্য হয়ে পুনরায় ক্রেশারে আসতে হয় তাকে। তারপর পরিবারের কাছে খবর আসে জলে ডুবে জায়েদার মৃত্যু হয়েছে।প্রমাণ লোপাটের জন্য জলাশয়ের পারে একটি প্লাস্টিকের চেয়ারে একশো টাকার নোট সহ একটি উর্না কাপড় রেখে যায় নরপিশাচ, এমনটাই মনে করছেন স্থানীয়রা।স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠতে শুরু করছে, সে কাজ করতে এসে কিছুক্ষণের মধ্যেই স্নান করতে যাবে কেন?স্থানীয়দের ধারনা,পুলিশ প্রশাসন একটু শক্ত হাতে তদন্ত করলেই বেরিয়ে আসবে আসল রহস্য।এদিকে বুধবার দুপুরে ময়নাতদন্তের পর মৃতদেহ বাড়িতে নিয়ে আসতেই চাঞ্চল্য ছড়িয়ে পড়ে গোটা এলাকায়।মৃতার পরিবারের লোকজন সহ এলাকাবাসীরা প্রকাশ্যেই বলতে শুরু করেন,নাবালিকা মেয়েটিকে ধর্ষণ করে খুন করা হয়েছে।অভিযোগের তীর ক্রেশার অর্থাৎ পাথর কোয়াড়ির মালিক নেজাম উদ্দিন সহ তার কাজের দায়িত্বে থাকা ফাতিমা বিবির বিরুদ্ধে। এলাকাবাসীরা চাইছেন পুলিশ দোষীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির প্রদান করুক।অন্যথায় তারা প্রতিবাদে আট নং আসাম আগরতলা জাতীয় সড়ক অবরোধে বসবেন।অপরদিকে ক্রেশার অর্থাৎ পথর কোয়াড়ির মালিক নেজাম উদ্দিনকে এ বিষয়ে জিজ্ঞেস করা হলে তিনি ঝেড়ে মুছে সাফ জানিয়ে দেন,তিনি কিছুই জানেন না।ঘটনার সময় নাকি তিনি ক্রেশারে ছিলেন না।অবশ্য এক গাল আইনের পাট শুনান সাংবাদিকদের।এখন পুলিশি তদন্তেই মূল রহস্য উন্মোচন হতে পারে। তবে পুলিশের গা ছাড়া তদন্তে ভরসা হারিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছেন স্বজন হারা পরিবার ও এলাকাবাসী। এবিষয়ে রাজ্যের মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্নালী গোস্বামী জানান, তিনি কাজে রাজ্যের বাইরে রয়েছেন।ফিরে এসেই ঘটনাস্থলে এসে সুষ্ঠ তদন্ত করবেন।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।